করেন। ১৯৬৭ সালের ১লা ফেব্রুয়ারী থেকে সরকারী আদেশনামা বলে দি ব্যুরো অব্ এডুকেশনাল অ্যান্ড সাইকোলজিক্যাল রিসার্চ এখন থেকে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি লাভ করে। ব্যুরোর প্রথম অধ্যক্ষ হন শ্রীমতী কল্যাণী প্রামাণিক। এই শিক্ষাবর্ষে পালিত হয় কলেজের হীরক জয়ন্তী বর্ষ বা ৬০ বৎসর পূর্তি উৎসব। হীরক জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রখ্যাত ঐতিহাসিক শ্রী রমেশচন্দ্র মজুমদার। ১৯৬৮-৬৯ শিক্ষাবর্ষে ২৭০৯ জন প্রার্থীর মধ্য থেকে ১১৯১ জনকে সাক্ষাৎকারে ডাকা হয় এবং ২৪৮ জনকে ভর্ত্তি করা হয়। ১৯৩ জনই এর মধ্যে ডেপুটেড শিক্ষক ছিলেন। আমাদের অগ্রজ ও প্রিয় শিক্ষক শ্রী জ্যোতির্ভূষণ দত্ত ৩.৭.১৯৬৮ তারিখে কলেজে শিক্ষক হিসাবে যোগদান করেন। ঐ একই বছরে শ্রী গঙ্গারাম মিত্র ১.৭.৬৮ তারিখে ইতিহাস শিক্ষক হিসাবে কলেজে আসেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম পোস্ট গ্র্যাজেয়ুট স্টাডিজ ইন এডুকেশন কাউন্সিল এর নির্বাচনে আমাদের কলেজের তদানীন্তন অধ্যক্ষ শ্রী জে. সি. দাশগুপ্ত, শ্রী বি. বি. ভট্টাচার্য এবং শ্রী এন. কে. রায় নির্বাচিত হন। ১৯৬৮-৬৯ শিক্ষাবর্ষে কলেজের Department of Extension Service তার ১৪তম বর্ষ অতিক্রম করে। একই রকম আন্তরিকতা ও উদ্যোগসহকারে এই বিভাগটি মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য বর্ধিত শিক্ষাসংক্রান্ত পরিষেবা সম্ভার নিয়ে হাজির থাকে। অনেকগুলি শাখায় অনেকগুলি রিফ্রেশার কোর্সের আয়োজন করা হয়। ১৯৬৯ সালের বি.টি. পরীক্ষাটিই ছিল শেষ বি.টি. পরীক্ষা। এরপর থেকে পরীক্ষা তথা ডিগ্রীটির নাম হয় বি.এড.পরীক্ষা তথা ডিগ্রী। কলেজে এই বছর থেকে চালু করা হয় একটি কনডেন্সড বি.এড.কোর্স, ছাত্রসংখ্যা ছিল ৫০ জন। ১৯৭০-৭১ শিক্ষাবর্ষে ২৫০০-এর অধিক প্রার্থীর মধ্য থেকে ২৪০ জনকে বাছাই করা হয়। এই বছর অধ্যাপক নরেশচন্দ্র ভট্টাচার্য, অধ্যাপক লোকেশচন্দ্র চক্রবর্তী এবং অধ্যাপক পশুপতি চ্যাটার্জী অবসর গ্রহণ করেন। এবছরও ঐ Condensed B.Ed. Course-টি চালু থাকে। বিগত বছরে ৪১ জন এতে অংশগ্রহণ করেন। কলেজের নৈশ স্কুলটি ৩রা আগস্ট ১৯৭০ সাল থেকে এই শিক্ষাবর্ষের জন্য চালু হয়। ৭৫ জন বিদ্যার্থী এই স্কুলে ভর্ত্তি হন। এই বছর (১৯৭০-মে) ৪১ জন বি.এড. পরীক্ষার্থী সহ ২৯১ জন মোট পরীক্ষার্থী বি.এড. ফাইনাল পরীক্ষায় বসেন। এই বছরের একটি গুরুত্বপূর্ণ ঘটনা ছিল এই যে "All Bengal Teachers Trainess' Councils Organising Committee-র গঠন। যা প্রশিক্ষণার্থীদের সারা বাংলা মুখপত্র হিসাবে কার্যকরী হয়। ১৯৭১-৭২ শিক্ষাবর্ষটি ছিল নানা কারণে স্মরণীয়। কারণ এবছর স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের জন্ম হয়। অধ্যক্ষ ডক্টর জে. সি. দাশগুপ্ত অবসর গ্রহণ করেন এবং শ্রী দিবাকর দাস মহান্ত তাঁর স্থলাভিষিক্ত হন। ১৯৭২-৭৩ শিক্ষাবর্ষে শ্রী প্রমথ পাত্র এবং শ্রী দীপ্তেন সেন আমাদের কলেজে বিজ্ঞান বিভাগে কাজে যোগদান করেন। পরবর্তী শিক্ষাবর্ষগুলিতে পশ্চিমবঙ্গে ও সারা দেশ জুড়ে ঐ সময় যে কালো দিন ঘনিয়ে এসেছিল তার ছায়া পড়ে। এর ফলে সঠিক সময়ে বি.এড. পরীক্ষা গ্রহণ করা সম্ভবপর হয় না। ছাত্ররা অতঃপর মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ের কাছে ডেপুটেশন জমা দিয়ে '৭৫ ও '৭৬ সালের পরীক্ষা একই সঙ্গে নেবার আবেদন জানায়। এই সঙ্গে ছাত্ররা বি.এড.-এর শিক্ষাসূচী ও সময়সীমা পরিবর্তনেরও দাবী জানায়। ফ্রেশারদের জন্য প্রদেয় ভাতা/স্টাইপেণ্ড ১০ টাকার স্থলে ১০০ টাকা করবার দাবী জানায়। অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মতো শিক্ষক-প্রশিক্ষণ মহাবিদ্যালয়েও যুগের হাওয়া সঙ্গে নিয়ে ছাত্র আন্দোলন মাথা চাড়া দিয়ে ওঠে এবং উপস্থিতি ঘোষণা করে। ১৯৭৬ সালে দিবাকর দাস মহান্ত অবসর গ্রহণ করার পর ব্যুরোর অধ্যক্ষ পদ থেকে শ্রীরমেশ দাস কলেজের অধ্যক্ষের পদ অলঙ্কৃত করেন।

১৯৭৭-৭৮ শিক্ষাবর্ষে অধ্যাপক শ্রী জীবেন্দ্র কুমার সেন পরলোকগত হন। মধ্যশিক্ষা পর্যদের প্রশাসক লব্ধপ্রতিষ্ঠিত শিক্ষাবিদ্ শ্রী সত্যপ্রিয় রায় লোকান্তরিত হন। অধ্যাপক শ্রী দিলীপ কুমার চক্রবর্তী হুগলী

ট্রেনিং কলেজ থেকে এই কলেজে বদলি হয়ে আসেন। NCERT কর্তৃক এই কলেজে 'Preparation of self learning institutional materials' নামে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। যেখানে কলেজের অধ্যাপক শ্রী সূর্যশঙ্কর রায় ও মহম্মদ রেফাতুল্লাহ বক্তব্য পেশ করেন। কলেজের বর্ধিত পরিসেবা দপ্তরের উদ্যোগে চারদিনব্যাপী তিনটি সেমিনার অনুষ্ঠিত হয় ও কলকাতার বিভিন্ন স্কুলের শিক্ষকেরা এতে অংশগ্রহণ করেন। অধ্যাপক অমল কুমার চট্টোপাধ্যায় 'Life Science syllabuses–its tone, extent of topics and model questions' এই বিষয়ে সেমিনারটি পরিচালনা করেন। অন্য দুই জন অধ্যাপক যাঁরা সেমিনারে আরো দু'টি বিষয়ে নেতৃত্ব দেন তাঁরা ছিলেন শ্রী সত্যেন্দ্রনাথ গিরি এবং শ্রী অশোক দত্ত মহাশয়। UNICEF-এর সহযোগিতায় ৯-২৩ মার্চ ১৯৭৮-এ পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে অধ্যক্ষ রমেশ দাশের পরিচালনায় প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের একটি Science Education Orientation Course আমাদের কলেজে আয়োজিত হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয় B.Ed. Course-এর পুনর্বিন্যাসের জন্য উদ্যোগ গ্রহণ করে এবং আমাদের কলেজের শিক্ষকদের কাছে সুপারিশ চাওয়া হয়। কলেজের শিক্ষকেরাও এই ডাকে সাড়া দিয়ে তাদের মূল্যাবান সুপারিশ পাঠান। ১৯৮০ সালে কলেজ গৃহের তিন তলায় প্রতিষ্ঠিত হয় রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্যদ বা SCERT।

১৯৮২-৮৩ শিক্ষাবর্ষে মহাবিদ্যালয়ে (৭৫ বৎসর) প্লাটিনাম জুবিলি পালন করা হয়। ১৯৮৩ সালটি ছিল ৭৫তম বৎসর।

১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে অধ্যক্ষ শ্রী রমেশ দাস বিদায় নিলেন তাঁর স্থলাভিষিক্ত হলেন শ্রী মদনমোহন ঘোষ মহাশয়। সত্তরের দশকের শেষ ও আশির দশক থেকেই কলেজে বর্ধিত পরিসেবার কার্যক্রম প্রায় নেই। আশির দশকে দি ব্যুরো অব সাইকোলজিক্যাল অ্যাণ্ড এডুকেশনাল রিসার্চ প্রতিষ্ঠান আর নেই। সরকারী আদেশনামা (712 (cs) dated 21.5.1980) বলে সাতটি প্রতিষ্ঠানকে একত্রিত করে আশি সালের জুন মাসে আত্মপ্রকাশ করে রাজ্য শিক্ষাসংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ পর্যদ (SCERT)। যে প্রতিষ্ঠানগুলিকে একত্রিত করা হয় সেগুলি ছিল (১) দি স্টেট্ ইনস্টিটিউট অব্ এডুকেশন, বাণীপুর (১৯৬৪) (২) দি ব্যুরো অব্ এডুকেশনাল অ্যান্ড সাইকোলোজিক্যাল রিসার্চ, কলিকাতা (১৯৫১) (৩) দি ইভাল্যুয়েশন ইউনিট অফ্ দি ব্যুরো (১৯৬৩) (৪) দি ইভিনিং বি.এড সেল (১৯৭২) (৫) দি ইউনিসেফ্—অ্যাসিস্টেড সায়েন্স এডুকেশন প্রোগ্রাম সেক্শন (১৯৭২) (৬) দি এক্সটেনশন সার্ভিসেস ডিপার্টমেন্টস্ অব্ থ্রি ট্রেনিং কলেজেস্ (১৯৫৬) (৭) দি এডুকেশনাল টেকনোলজি সেল (১৯৭৮) *(বন্ধনীর মধ্যে উল্লেখিত সালগুলি উক্ত প্রতিষ্ঠানগুলির প্রতিষ্ঠাবর্ষ)।* অবশ্য ছাত্রসংখ্যা সেই ২৪০ জন আর ABC তিনটি Section করে চলেছে পঠন-পাঠন। সেমিনার, কর্মশালা এ সব কিছুই চলেছে আগের মতোই। প্রকাশিত হচ্ছে বার্ষিক কলেজ পত্রিকা 'Education Today' কিন্তু কোথায় যে ভাটার টান। ট্রেনিং-এর প্রতি আগ্রহ, ট্রেনিং -এর গুরুত্ব সবই যেন কেমন কমের দিকে। শিক্ষকরা যারা আসেন, তাঁরা আসেন যেন নিতান্ত দায়ে পড়ে। আর ফ্রেশার-রা আসে কোনো কিছু না করতে পেরে বি.এড. করাই ভালো—এই মানসিকতা নিয়ে। ট্রেনিং থেকে যেন কিছুই নেবার নেই। বাস্তব ক্ষেত্রে হয়তো ট্রেনিং-এর প্রয়োগযোগ্যতা কিছুটা কমে থাকতে পারে। কিন্তু ট্রেনিং-এর সেদিকটা হল দক্ষতার দিক। ট্রেনিং-এর অন্য একটা গুরুত্বপূর্ণ দিক আঙ্গিকের এবং মনোভাবের। সেদিকটাতে ঘাটতি আসার কোনো বাস্তব কারণ না থাকলেও, ঘাটতি কিন্তু চোখে পড়ছিল সেদিনেও। এমনি করে গতানুগতিকভাবে আশির দশক পার হয়ে নব্বই-এর দশক এসে গেল। অধ্যক্ষের পদে ১৯৯৪ সালে কর্মভার গ্রহণ করলেন ডক্টর শ্রী দিলীপ কুমার চক্রবর্তী। এর মধ্যে উল্লেখযোগ্য ঘটনা বলতে একটি ঘটনা হল এই যে, ১৯৯০ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় বি.এড.-এর পাঠ্যক্রম এবং পাঠ্যসূচীর পরিবর্তন সাধন করেন। ১৯৯০-৯১ শিক্ষাবর্ষ থেকে নূতন পাঠ্যক্রম ও পাঠ্যসূচীর প্রচলন করা হয়। কিন্তু তাতেও যে বাস্তব

ক্ষেত্রে প্রশিক্ষণের উপযোগিতা কিছু বর্ধিত হয়েছিল এমন নয়। তবু ট্রেনিং কলেজের পক্ষ থেকে প্রচেষ্টায় সার্বিক ঘাটতি দেখা দিয়েছিল এমন নয়। বরং বহু ঘটনাই ছিল ট্রেনিং কলেজের আয়ত্তের বাইরে। যেমন বিদ্যালয়ে শ্রেণিতে প্রচুর ছাত্র অথচ শিক্ষক মহাশয় কম। এমত অবস্থায় বক্তৃতা পদ্ধতি ভিন্ন অন্য পদ্ধতি কাজে লাগানো কঠিন। তবে কথা হল সর্বত্র সব শিক্ষক মহাশয় কী এই বক্তৃতাটুকুও আন্তরিকতাভরে নিষ্ঠার সঙ্গে দেবার চেষ্টা করেছেন? এই সঙ্গে এক সময় ট্রেনিং কলেজের শিক্ষাবর্ষ আর বিদ্যালয়ের শিক্ষাবর্ষের মধ্যে সাযুজ্য নষ্ট হয়েছে। তখন প্রশিক্ষাণার্থিদের প্র্যাকটিস টিচিং-এ বিদ্যালয়ে যাওয়া এবং ক্লাস নেবার ক্ষেত্রে দেখা দিয়েছে সমস্যা। তবু ১৯৯১ সাল থেকে ট্রেনিং কলেজে শিক্ষকতা করবার পর, বহু ছাত্রকেই পাশ করে কলেজ ছেড়ে যাবার পর বলতে দেখেছি, যে স্যার আর কিছু না হোক, ট্রেনিং কলেজ বদলে দিয়েছে মানসিকতার অনেকখানি। ট্রেনিং কলেজের পদ্ধতি সর্বাত্মকভাবে প্রয়োগ করতে না পারলেও ছাত্রদের প্রতি, পেশার প্রতি দৃষ্টিভঙ্গি বদলানোর জন্য ট্রেনিং কলেজের কাছে আমরা কৃতজ্ঞ।

নূতন মর্যাদা নূতন দায়িত্ব ঃ

এরপর ১৯৯৫ খ্রিস্টাব্দে এই মহাবিদ্যালয় 'ইনস্টিটিউট অব্ অ্যাডভান্সড্ স্টাডিজ ইন এডুকেশন'-এর মর্যাদা লাভ করে। ঐ সময়ে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিভাগও সমমর্যাদাসম্পন্ন প্রতিষ্ঠান ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারী সিদ্ধান্ত ছিল যে, প্রতি ২০টি জেলা পিছু, প্রতিটি রাজ্যে একটি করে IASE-কে স্বীকৃতি দেওয়া হবে। এমত অবস্থায় বহু উৎকণ্ঠা উদ্বেগের অবসান ঘটিয়ে ২০০৬-০৭ শিক্ষাবর্ষে সরকারী তরফে পশ্চিমবঙ্গে একমাত্র IASE হিসাবে আমাদের এই মহাবিদ্যালয়ই স্বীকৃতি লাভ করেছে। এই IASE-র কাজ প্রধানত শিক্ষক প্রশিক্ষণের মান উন্নয়ন করা। যে বর্ধিত পরিসেবা দানের কাজ এই মহাবিদ্যালয়ে Extension Service Programme-এর মাধ্যমে একদা সাড়ম্বরে সূচিত হয়েছিল এবং বহুকাল কৃতিত্বের সঙ্গে সম্পাদিত হয়ে এসেছিল, বলতে পারা যায়—এ যেন সেই সব কাজকর্মেরই পুনরুজ্জীবনের প্রয়াস। একাদিক্রমে শিক্ষক প্রশিক্ষকদের শিক্ষাগত ও চিন্তা-ভাবনাগত ক্ষেত্রে পেশাদারী দক্ষতা ও মনোভাবের বিকাশ সাধন ও অন্যদিকে মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক স্তরের কর্মরত শিক্ষকদের পাঠদানের মান উন্নয়ন করার লক্ষ্যে বহুবিধ কর্মকাণ্ড সম্পাদন করাই এই IASE-র কাজ। ২০০০ সালে মহাবিদ্যালয়ের প্রাঙ্গণে এই উদ্দেশ্যে IASE-র নূতন ভবন নির্মাণের কাজও কেন্দ্রীয় সরকারের আর্থিক আনুকূল্যে শুরু করা হয়। তদানীন্তন রাজ্য উচ্চ-শিক্ষামন্ত্রী শ্রী সত্যসাধন চক্রবর্তী মহোদয় ২৮শে জুন ২০০২ তারিখে প্রস্তাবিত নূতন ভবনের দ্বারোদ্ঘাটন করেন।

এই IASE-র অন্তর্গত কর্মকাণ্ডের অংশ হিসাবে এই কলেজে প্রশিক্ষণ ক্ষেত্রে স্নাতকোত্তর কোর্স খোলার উদ্যোগ গ্রহণ করা হয়। রাজ্য সরকারের সহায়তা ও উদ্যোগক্রমে এ বিষয়েও বিশেষ সফলতা অর্জিত হয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের তরফে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজকে শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রে স্নাতকোত্তর কোর্স পরিচালনার জন্য অনুমতি দেওয়া হয় (২০০০-০১ শিক্ষাবর্ষে)। সাম্প্রতিককালে দেশব্যাপী শিক্ষক প্রশিক্ষণের মধ্যে একটা সাযুজ্য, ভারসাম্য আনার লক্ষ্যে গঠিত জাতীয় শিক্ষক প্রশিক্ষণ পর্ষদ বা ন্যাশনাল কাউন্সিল ফর টিচার্স ট্রেনিং সংক্ষেপে NCTE ২০০১-০২ শিক্ষাবর্ষে এই কলেজকে এম.এড. কোর্স পরিচালনার ছাড়পত্র দেয়।

এই প্রসঙ্গে বলা ভালো জাতীয় আইনসভায় আইন বলে স্ট্যাটুটরী বডি হিসাবে প্রতিষ্ঠিত এই এন.সি.টি.ই.-ই ১৯৯৫ সালের ১৯শে আগস্ট প্রতিষ্ঠিত হয়। আইন বলে এও স্বীকৃত হয় যে, এখন থেকে দেশব্যাপী সমস্ত শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এই সংস্থার থেকে অনুমোদন নিতে হবে। অর্থাৎ এই প্রতিষ্ঠানের জন্মের পর, রাজ্য সরকার বা বিশ্ববিদ্যালয় নয়, শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রে এন.সি.টি.ই.-ই

সর্বপ্রধান নিয়ন্ত্রক প্রতিষ্ঠান হয়ে দাঁড়ায়। এই প্রতিষ্ঠান কর্তৃক ট্রেনিং কলেজগুলির অন্য সকল প্রকার স্বীকৃতি অর্থহীন হয়ে পড়ে। এমত অবস্থায় ঐ সমস্ত অনুমোদনহীন কলেজের লক্ষাধিক ছাত্রছাত্রীর প্রশিক্ষণও অর্থহীন হয়ে যায়। একপ্রকার বাধ্য হয়েই সমস্ত শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়গুলিকে এন.সি.টি.ই.-র অনুমোদনের জন্য প্রার্থনা জানাতে হয়। শিক্ষক প্রশিক্ষণের সার্বিক উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যেই এই নিয়ন্ত্রণ কাম্য ও প্রয়োজনীয় বলা হলেও কার্যত এই নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বা পর্যদ যে সমস্ত শর্তসাপেক্ষে অনুমোদন যোগ্যতা অর্জনের কথা বলে, তার ব্যবস্থা করা আর্থিকভাবে বহু ক্ষেত্রেই খুবই দুরূহ হয়ে দাঁড়ায়। প্রথম পর্বে ১০ জন ছাত্রছাত্রী পিছু একজন শিক্ষক এই অনুপাত, এক লহমায় ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের ছাত্রসংখ্যা ২৪০ থেকে ১০০-১১০-এ নামিয়ে আনে। রাজ্যের প্রশিক্ষণপ্রার্থী বহু শত হাজার শিক্ষক ও সদ্য গ্র্যাজুয়েটের পক্ষে যে সংবাদ একটুও সুখকর ছিল না। বরং তাদের কাছে এই প্রয়াস উৎকর্ষতা সৃষ্টির ফিকিরে শিক্ষা সংকোচন প্রয়াস বলে প্রতিভাত হয়। কিন্তু সার্বিকভাবে নিরুপায় রাজ্য সরকার ও শিক্ষামন্ত্রক এন.সি.টি.ই.-র অনুমোদন অর্জনের জন্য কলেজগুলিকে পরামর্শ দিতে এক প্রকার বাধ্য হয়। আমাদের কলেজ ২০০০ খ্রিস্টাব্দের ১লা ফেব্রুয়ারি এন.সি.টি.ই.-র অনুমোদন পায়। কিন্তু পরবর্তী সময়ে সারা দেশ জুড়ে ১৯৯৫ সাল থেকেই সমস্ত শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুমোদন থাকাটা বাধ্যতামূলক হয়। ন্যায়ালয়ে জনস্বার্থ মামলার রেশ ধরেই এই বিষয়টি জনসমক্ষে আসে। অতএব পুনরায় রাজ্যের সমস্ত কলেজের জন্য ১০০ জনের এন.সি.টি.ই টীম ২০০৬-০৭ সালে পরিদর্শনে আসে। আমাদের কলেজও বাদ যায়নি। এই পরিদর্শনের পর ১৯৯৫ সাল থেকেই এই কলেজটি অনুমোদিত কলেজের স্বীকৃতি লাভ করে। আর আমাদের প্রশিক্ষণপ্রার্থীরা দেশের সর্বত্র শিক্ষকতার কাজে যোগ্য হিসাবে বিবেচিত হয়। অতঃপর ২০০২ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমতিক্রমে ও এন.সি.টি.ই.-র অনুমোদনসাপেক্ষে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ও উচ্চ শিক্ষা দপ্তরের আগ্রহে ডেভিড হেয়ারে চালু হল শিক্ষক প্রশিক্ষণ বিষয়ে এক বছরের এম.এড.কোর্স। তৎকালীন অধ্যক্ষ শ্রী দিলীপ কুমার চক্রবর্তী মহাশয় এই এম.এড়.-এর কোঅর্ডিনেটর হিসবে কলেজের বর্ষীয়ান অধ্যাপক শ্রী কমলকৃষ্ণ দে-র উপর দায়িত্ব দিলেন। ঐ সময়ে শ্রী কমলকৃষ্ণ দে মহাশয় ছিলেন একজন এম.এড. প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। আর আমাদের মধ্যে ঐ সময়ে এম.এড. ছিল অধ্যাপক শ্রী অশোক কুমার ভট্টাচার্যের।

২০০২-০৩ ছিল এম.এড. কোর্সের প্রথম শিক্ষাবর্ষ। মোট ২০টি আসন নিয়ে শুরু হয় এই যাত্রা। এন.সি.টি.ই.-র নির্দেশনামায় ১৯৯৬ খ্রিস্টাব্দের পরবর্তী সময়ে কাজে যোগদান করা সমস্ত অধ্যাপকের জন্য এখন এম.এড. করাটা বাধ্যতামূলক হয়। ফলত শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়গুলি থেকে অধ্যাপক অধ্যাপিকারা ডেপুটেশনে এই শিক্ষা কোর্সে যোগদান করেন। ১০ জন ডেপুটেড ও ১০ জন ফ্রেশার ট্রেনির সমন্বয়ে প্রথম শিক্ষাবর্ষে ক্লাস শুরু হয়। প্রথম শিক্ষাবর্ষেই এম.এড. পরীক্ষায় আমাদের কলেজ সাফল্যের মুখ দেখে। একই সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবিভাগের চালু হওয়া এম.এড়. কোর্সের ছাত্রছাত্রী এবং আমাদের ছাত্রছাত্রী সকলের মধ্যে আমাদের ছাত্রছাত্রীরা যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও চতুর্থ স্থান অর্জন করেন। প্রথম হন শ্রীমতী শুভশ্রী দাশগুপ্ত, দ্বিতীয় শ্রীমতী বিচিত্রা দেব। আর চতুর্থ হন শ্রীমতী ইন্দ্রাণী ঘোষ। অন্যান্য যাঁরা পরীক্ষা দিয়েছিলেন তাঁদের মধ্যে ছিলেন শ্রী তুহিন সামন্ত, শ্রী রাজীব মুখোপাধ্যায়, শ্রী সুজন সামন্ত, শ্রীমতী যশোধরা বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী তৃষা দাস, শ্রী শ্রীজীব পাত্র, শ্রী স্নেহাংশু শেখর দাস, শ্রীমতী আই. ভি. দে, শ্রীমতী শ্রাবণী মোদক, শ্রীমতী মঞ্জিরা মণ্ডল, শ্রী অরুণ ভড়, শ্রীমতী শোভনা শী, শ্রী অরূপ কুমার দাস, শ্রীমতী পারমিতা পোদ্দার প্রমুখ। দ্বিতীয় শিক্ষাবর্ষে ২০০৩-০৪-এও M.ED.-এ ভালো ফলের ধারা অব্যাহত থাকে। তৃতীয় শিক্ষাবর্ষে

২০০৪-০৫-এ আমাদের কলেজের অধ্যাপিকা শ্রীমতী জয়শ্রী ব্যানার্জী এম.এড. পরীক্ষা দেন এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করেন। ২০০৫-০৬ এবং ২০০৬-০৭ শিক্ষাবর্ষেও ফলাফল ভালো ছিল। বর্তমানে ২০০৭-০৮ শিক্ষাবর্ষের ক্লাস সদ্য শেষ হয়েছে, প্রশিক্ষণার্থীরা পরীক্ষায় বসার অপেক্ষায়। আশা করা যায়, এবারেও ফলাফল ভালো হবে।

অন্যদিকে আবার বি.এড. পাঠ্যক্রম ও পাঠ্যসূচী বদলের একটা প্রয়োজনীয়তা দেখা দিতে থাকে। এন.সি.টি.ই-র তরফেও এ বিষয়ে জোর দেওয়া হয়। এমত অবস্থায় ১৪-১৬ই সেপ্টেম্বর, ২০০০ তারিখে এই মহাবিদ্যালয় প্রাঙ্গণে পশ্চিমবঙ্গ সরকারী কলেজ শিক্ষক সমিতি ও কলেজের যৌথ উদ্যোগে বি.এড. পাঠ্যক্রমের পুনর্গঠন সংক্রান্ত তিনদিনের একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ থেকে অধ্যাপক অধ্যাপিকাগণ এই কর্মশালায় যোগদান করেন এবং তাদের মূল্যবান পরামর্শক্রমে একটি খসড়া সিলেবাস প্রস্তুত করা হয় ও সমস্ত বিশ্ববিদ্যালয়ের কাছে সেটি প্রেরণ করা হয়। অবশেষে ২০০৪-০৫ শিক্ষাবর্ষ থেকে কলিকাতা বিশ্ববিদ্যালয় নূতন বি.এড. পাঠ্যক্রম ও পাঠ্যসূচী প্রবর্তন করে। বর্তমানে সেই সিলেবাস অনুসারেই পঠন-পাঠন চলছে।

২০০২ সালের ১২ই জানুয়ারী অধ্যক্ষ শ্রী দিলীপ কুমার চক্রবর্তী-র উদ্যোগে প্রাক্তন অধ্যক্ষ শ্রী ক্ষেত্রগোপাল দাস ঘোষ মহাশয়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে কলেজে ডঃ কে. ডি. ঘোষ স্মারক বক্তৃতা প্রচলন করা হয়। প্রথম বক্তৃতাটি দেন শ্রী পবিত্র সরকার। গত ২০০৫ সালে অধ্যক্ষ শ্রী দিলীপ চক্রবর্তী অবসর গ্রহণ করেন। কলেজের দায়িত্ব গ্রহণ করেন বর্ষীয়ান শিক্ষক শ্রী কমল কুমার দে। ২০০৬-এর ডিসেম্বর মাস থেকে অধ্যক্ষ হিসাবে পুনরায় দায়িত্ব পালন করবার পর জানুয়ারী ২০০৭ থেকে তিনি পাবলিক সার্ভিস কমিশনের সদস্য হিসাবে কাজে যোগদান করেন। কলেজের অধ্যক্ষ হিসাবে সহকারী শিক্ষা অধিকর্তা শ্রী প্রণবকৃষ্ণ চৌধুরী দায়িত্ব গ্রহণ করেন।

শেষের কথা ঃ

সেই ১৯৮৩ সালে প্ল্যাটিনাম জুবিলী পালন করার পর আরও পঁচিশ বছর অতিবাহিত করে আজ আমরা এসেছি শতবর্ষ পালনের বৎসরে। কত নূতন অধ্যাপক এসেছেন। কত পুরাতন অধ্যাপক বিদায় নিয়েছেন। বর্ষে বর্ষে দলে দলে এসেছে গেছে শত শত বিদ্যার্থীরা। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ এই বহমান কালস্রোতে আজ চলেছে পূর্ণ করতে একশটি বছরের একটি গৌরবময় অধ্যায়। এ পর্যন্ত যা লিখেছি, তা সাল দিনের সংখ্যা বসানো সালতামামি। তার প্রথম ৫০ বছর অনুলিখনের কাজ খুব সহজে হয়েছে, তার কারণ হাতের সামনে ইংরেজীতে লেখা শ্রী সুরেন্দ্র চন্দ্র চক্রবর্তী মহাশয়ের 'History of the College' রচনাটির উপস্থিতি, যা প্রকাশিত হয়েছিল সুবর্ণ জয়ন্তী স্মারক পুস্তিকায়। তার পরের ৫০ বছর কয়েকটি Education Today-র সংখ্যা হাতড়ে একটা কিছু বানিয়ে তোলার প্রচেষ্টা। তার অনেকটাই ছেঁড়া ছেঁড়া কোলাজের মত। তবে ভরসার কথা এই যে সাল তারিখের ভিড়ে ইতিহাস প্রকৃতপক্ষে লুকিয়ে থাকে না মোটেই। একটা কলেজের ইতিহাস লেখা থাকে তার ছাত্রছাত্রীদের স্মৃতির মণিকোঠায়। একজন ইতিহাসের ছাত্র-শিক্ষক হিসাবে এমনটাই বুঝেছি। আর এই কলেজের প্রাক্তন ছাত্র (১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষ) হিসাবে গর্ব অনুভব করছি একশ' বছরের এই কলেজের সঙ্গে আমার একটা সম্পর্ক আছে প্রথমে ছাত্র ও পরে শিক্ষক হিসাবে এটা কবুল করে। আর একটা অতি ব্যক্তিগত কথা শুনিয়ে এই ঐতিহ্যের পরম্পরার কথায় একটা পাকা গাঁথুনি তোলার লক্ষ্যে, এই স্মৃতি-বিস্মৃতির উপাখ্যান শেষ করবো, সেটা হল আমার পিতা ঠাকুর শ্রী দেবব্রত ভরদ্বাজও (১৯৫০ খ্রিঃ) ছিলেন একদা এই প্রতিষ্ঠানেরই ছাত্র।



তবর্ষ উপলক্ষ্যে প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করছেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য শ্রী আশিস কুমার বন্দ্যোপাধ্যায়, সঙ্গে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী, মাননীয় পূর্তমন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য শ্রী শ্যামলকান্তি সান্যাল।

ভারতে শিক্ষক-শিক্ষণের প্রেক্ষাপট এবং ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের আদিপর্ব

—ভবেশ মৈত্র

১৯০৮ সালের ১লা জুলাই সরকারি উদ্যোগে কলকাতার ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্যে স্থাপিত হয়। পূর্বভারতে এইটিই এ ধরনের প্রথম শিক্ষক-শিক্ষণ কলেজ।

এই কলেজের ভারতবন্ধু ডেভিড হেয়ারের স্মৃতিতে উৎসর্গ করার প্রস্তাব কোন্ ব্যক্তির কাছ থেকে এসেছিল তা আমার জানা ছিল না। যেহেতু প্রতিষ্ঠানটি সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছিল। তাতে মনে করাই যেতে পারে যে সে সময়ের কোনো বরিষ্ঠ সরকারী অফিসারই প্রস্তাব করেছিলেন। তবে যেই প্রস্তাব করুন, কাজটি অত্যন্ত ন্যায়সঙ্গত ও যথাযথ হয়েছিল।

মহামতি ডেভিড হেয়ার স্কটল্যাণ্ড থেকে কলকাতায় এসেছিলেন ভাগ্যান্বেষণে। এদেশে এসে তিনি ব্যবসা শুরু করেন। ১৮০০ সালে কলকাতায় বড়ির ব্যবসা শুরু করে ১৬ বছরের মধ্যে প্রভূত অর্থ উপার্জন করে তিনি ১৮১৬ সালে ব্যবসা থেকে অবসর নিয়ে আধুনিক শিক্ষার প্রচলনসহ বিভিন্ন সমাজসেবামূলক কাজের সাথে নিজেকে যুক্ত করেন। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনসহ কলকাতা মেডিক্যাল কলেজ এবং হিন্দু কলেজ প্রতিষ্ঠা ও সক্রিয়ভাবে বিভিন্ন দায়িত্ব পালন করেন।

ব্রিটিশ শাসকদের কেন্দ্রিয় শাসন কলকাতা থেকে পরিচালিত হলেও কলকাতার অনেক আগেই ভারতবর্ষের অন্যান্য প্রদেশে শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। মাদ্রাজ প্রদেশে ১৮৫৬ সালে প্রতিষ্ঠিত নরম্যাল স্কুলটি ১৮৮৬ সালে গ্রাজুয়েট ট্রেনিং কলেজ হিসেবে বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি পায়। পরবর্তীসময়ে এই কলেজটির নাম দেওয়া হল 'টিচার্স কলেজ' সায়দাপেট। ১৯০৭ সালের সায়দাপেট সহ লাহোর, এলাহাবাদ, জব্বলপুর ও বম্বে শহরে শিক্ষক-শিক্ষণ কলেজ প্রতিষ্ঠিত হয়।

উডস্ ডেসপ্যাচের সুপারিশ অনুযায়ী কলকাতা সংস্কৃত কলেজে 'কলকাতা নর্মাল স্কুল' প্রতিষ্ঠিত হয়। উদ্দেশ্য ছিল বাংলা মডেল স্কুলের জন্য উন্নতমানের শিক্ষক তৈরী করা। পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উদ্যোগে এই শিক্ষক-শিক্ষণ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৮৫৬ সালের ১৭ই জুলাই। প্রশিক্ষণ কেন্দ্রে প্রধান শিক্ষক নিযুক্ত হন শ্রীযুক্ত অক্ষয়কুমার দত্ত এবং অপর শিক্ষক নিযুক্ত হন পণ্ডিত মধুসূদন বাচস্পতি। প্রধান শিক্ষকের বেতন নির্ধারিত হয়েছিল মাসিক ১৫০ টাকা এবং অপরশিক্ষকের বেতন ছিল মাসিক ৫০ টাকা। আরও উন্নত স্তরের শিক্ষকদের প্রশিক্ষণের জন্য চুঁচুড়া শহরের পশ্চিমদিকে জিটি রোডের উপর বিদ্যালয়সমূহের পরিদর্শক মিঃ প্রাট ১৮৫৬ সালের সেপ্টেম্বর মাসে একটি নর্মাল স্কুল প্রতিষ্ঠা করেন। এই বিদ্যালয়ের প্রধানশিক্ষক নিযুক্ত হন শ্রীযুক্ত ভূদেবচন্দ্র মুখোপাধ্যায়। বেতন নির্ধারিত হয় মাসিক ৩০০ (তিনশত) টাকা। তখনকার সময়ে সরকারী কলেজের অধ্যক্ষের মাসিক বেতন ছিল ৩০০ (তিনশত) টাকা। তৃতীয় নর্মাল স্কুলটি সার্কেলের ইনস্পেকটর অব স্কুলস্ মিঃ হেনরি উডরো স্থাপন করেন ঢাকা শহরে ১৮৫৭ সালের জানুয়ারী মাসে, এই প্রতিষ্ঠানের প্রধান নিযুক্ত হয়েছিলেন জনৈক ইউরোপীয়, মাসিক বেতন ৩০০ (তিনশত) টাকা। মাদ্রাজে নর্মাল স্কুল প্রতিষ্ঠিত হয় ১৮৫৬ সালের ফেব্রুয়ারী মাসে, পাটনায় ১৮৬৩ সালের অক্টোবর মাসে। ক্যালকাটা নর্মাল স্কুল ছিল দেশের মধ্যে প্রথম নরম্যাল স্কুল।

কয়েকবছরের মধ্যে নর্মাল স্কুলের পঠন-পঠনের মান উন্নত ও প্রসারিত করার উদ্দেশ্যে তিনবছরের শিক্ষাক্রম চালু হয়। প্রতিটি নর্মাল স্কুলের সঙ্গে যুক্ত ছিল একটি করে 'মডেল স্কুল' । বিষয়ের জ্ঞান

ছাড়াও শিক্ষণ-প্রকৌশলের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হত। নর্মালস্কুলের যেসব বিষয়চর্চা হতো তা হল—সংস্কৃত সাহিত্য ও ব্যাকরণ, বাঙলা সাহিত্য ও রচনা, ভারত ও ইংল্যাণ্ডের ইতিহাস, পলিটিক্যাল ইকনমি, ভূগোল, ইউক্লিডের জ্যামিতি, পাটিগণিত, বীজগণিত, ত্রিকোণমিতি, মেনসবেসন ও জরিপ, ন্যাশনাল ফিলজফি—(এই বিষয়ের মধ্যে মেকানিকস্‌ও পড়ানো হত), জ্যোতির্বিজ্ঞান, প্রাকৃতিক বিজ্ঞান (এইবিষয়ের মধ্যে শারীরবিদ্যাও পড়ানো হত)। এইসব বিষয় ছাড়াও ছিল শিক্ষণ-কলা। এই তিনবছরের কোর্সের নাম ছিল সে সময়ের প্রচলিত ফার্স্ট আর্টস্‌-এর সমতুল।

এথেকে সহজেই অনুমান করতে পারি যে নরম্যাল স্কুলের মাধ্যমে শিক্ষক-শিক্ষণের উদ্যোগে নেওয়া হয়েছিল, তা কতটা উন্নতমানের ছিল। প্রতিটি নরম্যালস্কুলের সাথে ছিল অনুশীলনের জন্য একটি করে 'মডেলস্কুল'।

প্রথম নরম্যাল স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নেতৃত্বে। বাঙ্গালাদেশে উপযুক্তমানের শিক্ষক তৈরী করার প্রয়োজন অনুভব করে ১৮৫৩ সালে শিক্ষা কাউন্সিলের কাছে লিখিত চিঠিতে তিনি বলেছিলেন, জনসাধারণের মধ্যে শিক্ষার বিস্তার আমাদের প্রথম প্রয়োজন। আমাদের কতগুলি বাংলাস্কুল স্থাপন করতে হবে। এইসব স্কুলের প্রয়োজনীয় ও শিক্ষণীয় বিষয়ে কতগুলি পাঠ্যপুস্তক রচনা করতে হবে। **শিক্ষকদের গুরুদায়িত্ব পালন করতে পারে এমন একদল মানুষ গড়ে তুলতে হবে। যাঁরা মাতৃভাষায় পারদর্শী হবেন। বিভিন্ন বিষয়ে যথেষ্ট জ্ঞান অর্জন করবেন এবং সবরকমের কুসংস্কার থেকে তাঁরা মুক্ত থাকবেন।** শিক্ষকদের এই গুণগুলি থাকবে। এধরনের একশ্রেণীর শিক্ষক গড়ে তোলাই ছিল তাঁর জীবনের লক্ষ্য।

তিনি উপযুক্ত আদর্শ শিক্ষক তৈরীর জন্য যে পরিকল্পনা নিয়েছিলেন বাস্তবায়িত করার জন্য 'নরম্যাল স্কুল' প্রতিষ্ঠিত হয়েছিল, একথা বললে অত্যুক্তি করা হয় না। এই প্রসঙ্গে আরও একটি উদ্ধৃতি দেওয়া যেতে পারে। চিঠিটি ১৮৫৪ সালের ৭ই ফেব্রুয়ারী মিঃ হ্যাবলিডের উদ্দেশ্যে লেখা। "দেশের জনসাধারণের কল্যাণের জন্য বাংলাশিক্ষার বিস্তার ও প্রসারের সুব্যবস্থা করা প্রয়োজন। এবং শুধু লিখন-গঠন ও গণিত বা সহজ-সরল অঙ্ক শেখানোর মধ্যে বাংলাশিক্ষাকে সীমাবদ্ধ রাখা চলবেনা। যতদূরসম্ভব বাংলাভাষাতেই সম্পূর্ণ শিক্ষা দিতে হবে এবং তারজন্য ভূগোল, ইতিহাস, জীবনচরিত, পাটিগণিত, জ্যামিতি, পদার্থবিদ্যা, নীতিবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান ও শরীরবিজ্ঞান শিক্ষা দেওয়া প্রয়োজন।"

অনেকের মনেই তো প্রশ্ন আছে যে—শিক্ষক কি তৈরী করা যায়। যিনি ভাল শিক্ষক হবেন, তিনি জন্মসূত্রেই সম্ভাবনাময় শিক্ষক হিসেবে জন্মগ্রহণ করেন। একথা স্বীকার করেও বলা চলে যে শিক্ষক হতে হলে শিখতে হবে। বিশেষবৃত্তির জন্য বিশেষজ্ঞান, দক্ষতা ও প্রয়োগকৌশল আরত্ত করা দরকার। নর্মালস্কুলে শিক্ষণপ্রাপ্ত শিক্ষকেরা যে উন্নতমানের শিক্ষক ছিলেন তা সে সময়ের পরিদর্শকদের বিবরণ থেকে জানা যায়। পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর নিজে যে প্রতিবেদন পেশ করেন তা থেকেও একথা জানা যায়।

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও প্রবেশিকা পরীক্ষা চালু হওয়ার পর শিক্ষাক্ষেত্রে যে পরিবর্তন ঘটে তাতে "ভার্নাকুলার মডেল স্কুল" এবং শিক্ষক-প্রশিক্ষণের জন্য 'নর্মালস্কুল' এর গুরুত্ব কমতে থাকে। বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট-এর চাহিদা বাড়ে। মাধ্যমিক বিদ্যালয় ও স্নাতকস্তর পর্যন্ত শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে কলেজ প্রতিষ্ঠিত হত শুরু করে। মাধ্যমিক বিদ্যালয়ের উপরের চারটি শ্রেণীতে এবং কলেজে ইংরাজী ভাষার মাধ্যমে শিক্ষাদান চালু হয়। একটি প্রতিবেদনে বলা হয়—

The dominance of English on the secondary course continued to grow and in the begining of the present century (i.e. 20th cent.) is struck the root into the system of education. The teaching of English came to be regarded prime object of secondary schools.

ইংরাজী ভাষায় অতি সাধারণজ্ঞান থাকলেই সরকারী অফিসে, বিদেশী সওদাগরী অফিসে এবং এধরনের বিভিন্ন কাজে চাকরি পাওয়ার সুযোগ সৃষ্টি হওয়ায় ইংরাজী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীরা ভিড় করতে শুরু করে। বাংলাভাষায় উন্নততর জ্ঞান-বিজ্ঞান আয়ত্ত করা সত্ত্বেও তাদের সামনে চাকরির সুযোগ রইল না। নিয়োগবাজারে এই অসম অবস্থা শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্যকে সীমাবদ্ধ করে ফেলে, যার জের আজও চলছে।

ইংরাজী মাধ্যম মাধ্যমিক বিদ্যালয়ের দ্রুত প্রসারের ফলে ইংরাজী ভাষায় জ্ঞানসম্পন্ন শিক্ষকের চাহিদা যেমন বাড়তে লাগল। তেমনি কলেজগুলিতে ভিড়ও বাড়তে লাগল। স্নাতকস্তরের পাঠ্যক্রম শেষ করে বিশ্ববিদ্যালয় থেকে সার্টিফিকেট অর্জন করার আগ্রহ বাড়তে লাগল। ইচ্ছা থাকলেও ইংরাজী ভাষার দক্ষতা অর্জন সকলের পক্ষে সহজসাধ্য ছিল না। এরই পরিপ্রেক্ষিতে ইংরাজী ভাষাশিক্ষার জন্য উন্নতমানের শিক্ষক তৈরী করার প্রয়োজনীয়তা অনুভূত হয় এবং শিক্ষকপ্রশিক্ষণের ব্যাপারে চিন্তা-ভাবনা শুরু হয়।

ইতিমধ্যে ইউরোপে বিশেষ করে ইংল্যাণ্ডে মাধ্যমিক শিক্ষা সম্পর্কে ধারণার অনেক পরিবর্তন ঘটে। এইসময়ের অন্যান্য পাশ্চাত্যদেশেও চিন্তাভাবনার জগতে ব্যাপক পরিবর্তন ঘটে। তারমধ্যে বিশেষ ভাবে উল্লেখযোগ্য কার্লমার্কস-এর 'দ্বন্দ্বমূলক বস্তুবাদ'-এর দর্শন এবং ইতিহাসের বস্তুবাদী বিশ্লেষণ। তার আগেই প্রকাশিত হয়েছে টম পেইনের "Right of Man" এবং "Age of Reason" এবং ইউরোপের যুক্তিবাদী দার্শনিকদের যুগান্তকারী তত্ত্ব। ১৮৫৮ সালে প্রকাশিত হলো চার্লস ডারউইন-এর The Origin of species by Mans of Natural selection, on the Preservation of Favoured Races in the struggle of Life. এসবের ফলে মানবজাতি, সমাজ ও প্রচলিত সংস্কার সম্পর্কে মানুষের ধ্যান-ধারণার আমূল পরিবর্তন ঘটে। শিক্ষার মতো একটি সামাজিক প্রক্রিয়া এসবের প্রভাব থেকে মুক্ত থাকতে পারে না।

মাধ্যমিক শিক্ষার লক্ষ্য ও আদর্শ ক্রমশ মানবমুখী হতে থাকে। ব্যক্তি-পরিবার ও সমাজসম্পর্কে সম্যক জ্ঞান এবং প্রযুক্তির বিকাশের সাথে সে সম্পর্কে প্রাথমিকজ্ঞান ও দক্ষতা অর্জনের বিষয়টিও গুরুত্ব পেতে থাকে। এককথায় শিক্ষার্থীর সঠিক বিকাশ এবং একটি গণতান্ত্রিক সমাজের যোগ্য নাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলার সক্ষমতা অর্জনই শিক্ষার লক্ষ্য বলে নির্ধারিত হয়। কতগুলি প্রাচীন তত্ত্ব ও তথ্য আহরণের মধ্যে শিক্ষাকর্মসূচীকে আর ধরে রাখা সম্ভব হচ্ছিল না।

ভারতবর্ষ তখন ব্রিটিশ উপনিবেশ। ইংল্যাণ্ডের মূল ভূ-খণ্ডের প্রাগ্রসর চিন্তাভাবনা এদেশে এসে পৌছালেও তা কার্যকর রূপ পাওয়ার পথে ছিল বিপুল বাধা। সর্বজনীন শিক্ষার ধারণাও তখন ভারতবর্ষে তেমন স্বীকৃতি পায়নি। তবুও প্রাচীন অনেককিছু যে অচল অনেকের মনেই উঁকি মারছিল। এ সময়কালে মনোবিজ্ঞানের নতুন নতুন তত্ত্ব ও প্রয়োগের যাথার্থ্যও অনুভূত হতে তাকে। ধীরে ধীরে "শিক্ষাশ্রয়ী মনোবিজ্ঞান" একটি শাস্ত্র (discipline) হিসাবে স্বীকৃতি পায়। ভারতবর্ষের দুই পৃথিবীবিখ্যাত মনীষী রবীন্দ্রনাথ ঠাকুর এবং স্বামী বিবেকানন্দ শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রকৃতি সম্পর্কে তাঁদের বক্তব্য প্রকাশ করেন। এইসময়ে অর্থাৎ ১৮৯৮-৯৯ সালে বাঙ্গালা প্রদেশের সরকার জনশিক্ষার প্রকাশ করে এবং বিষয়টি বিদ্যালয় পরিদর্শকদের একটি সভায় আলোচনার পর কয়েকটি সিদ্ধান্ত হয়। এই সম্মেলনে শ্রী এ. পেডলার, ডি. পি. আই. সভাপতিত্ব করেন। তাতে বলা হয়—The training of teachers of English schools, the plan already adopted having proved a failure and the training of vernacular teachers which was being carried on with moderate success : The following were the main recommendations :–

(i) teachers of training institutions of both the categories should be trained men themselves.

(ii) At last three English teachers training colleges with Englishmen of superior qualifications as their heads should be established.

(iii) The courses of training should be for one year and mainly pedagogical for two classes of English teachers : (a) Junior English teachers who must passed Entrance or F.A. (b) Senior English teachers who have passed B.A.

(iv) The courses of Vernacular teachers should be reduced from three years to one year accelarate the rate of production of the training schools. The course of studies in general education should be reduced and that in the Art of Teaching inereased.

উপরের সুপারিশগুলির ভিত্তিতে সে সময়ের ভি.পি.আই, সি.এ. পেডলার বাংলাপ্রদেশে শিক্ষক প্রশিক্ষণের জন্য একটি স্কীম তৈরী করে তা বাস্তবায়িত করার উদ্যেগ নেন। এরপর লর্ড কার্জনের যুগ। ১৯০২ সালের সেপ্টেম্বর মাসে ভারতসরকার এ বিষয়ে কিছু সুপারিশ করে। তার ভিত্তিতে মি. পেডলার তাঁর রচিত পরিকল্পনার পরিবর্তন করেন। এর আগে ১৯০১ সালের সেপ্টেম্বর মাসে লর্ড কার্জনের উদ্যোগে সিমলায় একটি সর্বভারতীয় শিক্ষা সম্মেলন হয়। লর্ড কার্জনের শিক্ষানীতির মূল কথা ছিল "শিক্ষার মানোন্নয়ন" ও "সরকারী নিয়ন্ত্রণ"। যাইহোক যে গতিতে কাজটি এগোচ্ছিল নানাকারণে তা বিলম্বিত হতে থাকল।

বিশাল আয়োজন—ইংল্যাণ্ডে অবস্থিত "বোর্ড অব্ এডুকেশন" প্রশিক্ষণ কলেজের জন্য অধ্যক্ষ ও অধ্যাপকদের নির্বাচন করা। মি.আর.এস, ভেরেলিকে অধ্যক্ষের পদে নির্বাচিত করে 'ইণ্ডিয়ান এডুকেশান সার্ভিস'এর মর্যাদা দেওয়া হয়। তারপর ইংল্যাণ্ডেই তাঁকে পদের জন্য বিশেষ প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়। মি.ভেরেলি ১৯০৬ সালের ১লা অক্টোবর ডি.পি.আই-এর কাজে যোগ দেন। তাঁর কারণ যে কলেজের জন্য তাঁকে পরিবেশের সাথে পরিচিত হওয়ার জন্য লাহোরে বিশেষ প্রশিক্ষণের উদ্দেশ্যে পাঠানো হয়। এরপর দুইজন 'মেথড্টিচার' এবং 'প্র্যাকটিশিং স্কুল'-এর জন্য তিনজন প্রধান শিক্ষকও নির্বাচিত হয়ে আসেন ১৯০৬ সালের ১০ই নভেম্বর। এদের দেওয়া হল পি.ই.এস.-এর মর্যাদা।

এখানেই শেষ নয়—এরমধ্যে বঙ্গদেশ বিভাজিত হল। অপর প্রদেশের প্রশাসনিক কেন্দ্র হল ঢাকা। মি. ভেরেলি হুগলী পরিদর্শন কর এসে সেখানকার অস্বাস্থ্যকর পরিবেশ, অনুপযুক্ত ঘর-দুয়ার এবং শিক্ষণ অনুশীলনের জন্য পর্যাপ্ত ও উপযুক্ত বিদ্যালয়ের অভাবের কারণে প্রশিক্ষণ কলেজ স্থাপনের জন্য পূর্বনির্ধারিত স্থান হুগলীকে অনুপযুক্ত বলে মত প্রকাশ করলেন।

কলেজ নাই, শিক্ষকনিয়োগ হয়ে গিয়েছে। তাঁরা বিলেত থেকে ভারতবর্ষে পৌছেও গেছেন। কিন্তু তাঁরা কোথায় কাজে যোগ দেবে তা ঠিক হয়নি। অবশেষে মি. ভার্লেকে মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শনের কাজ এবং প্রস্তাবিত ইংরাজী শিক্ষক-শিক্ষণ কলেজের প্রস্তাব বিবেচনার জন্য দায়িত্ব দেওয়া হল। এবং মি. গ্রিফিথ ও মি. আর্মিস্ট্রাটকে প্রেসিডেন্সি কলেজের সঙ্গে যুক্ত করে হেয়ার ও হিন্দুস্কুলের উন্নয়নের দায়িত্ব দেওয়া হল। তাঁরা ১৯০৭ সালের ২১ জানুয়ারী কাজে যোগ দিলেন। টিচার্স ট্রেনিং কলেজের প্রস্তাব বিবেচনাধীন রইল। ইতোমধ্যে ১৯০৪ সালে টিচার্স ট্রেনিং সম্পর্কে রেগুলেশন রচনা করলে ১৯০৬ সালে ভারতসরকার এই রেগুলেশন অনুমোদন করে। আমলাতান্ত্রিক দীর্ঘসূত্রতার এ এক অপূর্ব দৃষ্টান্ত। মি. ভার্লে কলেজের ভবিষ্যৎ সম্পর্কে গভীর হতাশা প্রকাশ করেন।

এবার এলেন কলকাতা প্রেসিডেন্সি কলেজর অধ্যক্ষ মি. এইচ. আর, জেমস্। যাঁর বাংলার বিদ্যালয় সম্পর্কে সম্যকজ্ঞান ছিল। তিনি একটি অন্তর্বর্তীকালীন কর্মসূচী রচনা করছিলেন, যে সেখানে উল্লেখ করা হয়েছিলেন যে, (১) প্রদেশের বিভিন্ন কেন্দ্রে শিখন পদ্ধতি সম্পর্কে বক্তৃতার ব্যবস্থা করা হোক,

(২) অস্থায়ীভাবে একটি স্থান নির্বাচন করে ট্রেনিং কলেজ চালু করা হোক, (৩) তারমধ্যে একটি পূর্ণাঙ্গ ট্রেনিং কলেজ স্থাপন করার উদ্যোগ নেওয়া হোক।

এবার কলকাতা বিশ্ববিদ্যালয়র তদানীন্তন উপাচার্য্য ডঃ আশুতোষ মুখার্জীসহ মোট এগারজনকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়। এই কমিটি ১৯০৮ সালের ২১শে জানুয়ারী সভায় মিঃ জেমস-এর প্রস্তাবগুলির পাঠ হয় এবং অন্যান্য সিদ্ধান্তের মধ্যে অন্যতম সিদ্ধান্ত ছিল চার বা পাঁচ কক্ষের একটি ভাড়া বাড়ীতে ১৯০৮ সালের ১লা জুলাই থেকে ইংরাজী শিক্ষকদের জন্য একটি স্বল্পকালীন প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা হোক। প্রস্তাবিত বাড়ীটি হেয়ার ও হিন্দু স্কুলের কাছাকাছি কোন জায়গায় হলে প্র্যাকটিক্যাল ক্লাশ পরিচালনের কাজ সুবিধাজনক হবে বলে কমিটি মনে করেছিল। এছাড়াও স্থায়ীভবন নির্মাণের জন্য প্রেসিডেন্সি কলেজের আশপাশে একখণ্ড জমি সংগ্রহের কথাও বলা হয়েছিল উক্ত প্রস্তাবে।

বিশ্ববিদ্যালয়ের শর্ত অনুযায়ী প্রস্তাবিত স্বল্পকালীন শিক্ষণকেন্দ্রকে পূর্ণাঙ্গ একটি কলেজ বলে ঘোষণা এবং প্রখ্যাত স্কচ শিক্ষানুরাগী ও সমাজসেবী ডেভিড হেয়ারের নামে কলেজটিকে উৎসর্গ করার ও সিদ্ধান্ত ঘোষণা করা হয়। (জিও নম্বর 3814 তারিখ 15.08.1908)

উপযুক্ত সরকারী আদেশনামায় বলা হয় ডি.পি.আই-এর প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে থাকবে এই কলেজ। কলেজের অধ্যাপকদের নাম এবং পঠন পাঠনের বিষয়বস্তু সমূহ ঘোষিত হয় বিশ্ববিদ্যালয়ের পরিদর্শন প্রতিবেদনে।

১৯০৮ থেকে ১৯২০ সাল পর্যন্ত ডেভিড হেয়ার কলেজের পঠনপাঠনের কাজ সম্পন্ন হয় প্রেসিডেন্সি কলেজ এলাকায় অবস্থিত "এলবার্ট কলেজ বিল্ডিং"-এ এবং প্রথম বিটি পরীক্ষা অনুষ্ঠিত হয় ১৯০৯ সালে।

১৯১২ সালে বিহার ও উড়িষ্যা বেঙ্গল প্রেসিডেন্সি থেকে আলাদা হয়ে যাওয়ায় ডেভিড হেয়ার কলেজের ৬টি আসন বিহারের প্রার্থীদের জন্য সংরক্ষিত রাখা হয়। প্রথমে বি.টি.র জন্য মোট আসন ছিল ২৪টি। এই সময়ে এলবার্ট কলেজের বিল্ডিং এর আরো ঘর কলেজের জন্য নেওয়া হয়। এলবার্ট কলেজের লীজের সময় সীমা পার হয়ে যাওয়ায় ১৯২০-২১ শিক্ষাবর্ষ থেকে ৪৫নং বেনিয়াটোলা লেনে ভাড়াবাড়ীতে কলেজ স্থানান্তরিত হয়। ১৯২৫ সালের পূজাবকাশের আগে পর্যন্ত কলেজ বেনিয়াটোলা লেনের বাড়ীতেই চলে। ছাত্রাবাস সহ পূজাবকাশের ১৯২৫-২৬ শিক্ষাবর্ষে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ তার নিজস্ব ভবনে (২৫/৩ বালিগঞ্জ সার্কুলার রোড) স্থানান্তরিত হয়।

ডেভিড হয়ার ট্রেনিং কলেজের নিজস্ব ভবন তৈরীর ইতিহাস অতিদীর্ঘ। এই প্রবন্ধে তার বিশদ বিবরণ দেওয়া ঠিক হবে না। তবে দু-চারটি কথা না বললেই নয়।

কলেজের জন্য একটার পর একটা জায়গায় প্রস্তাব নাকচ হওয়ার পর মিঃ গ্রিকিথ এর প্রচেষ্টায় বালিগঞ্জ সার্কুলার রোড সংলগ্ন অঞ্চলে অধ্যাপক আবাসনের জন্য ৩$\frac{১}{২}$ বিঘা, সার্কুলার রোডের উপর ছাত্রবাস সহ কলেজের ভবনের জন্য ৫$\frac{১}{২}$ বিঘা এবং তার জন্য পশ্চিমে খেলার মাঠ সহ একটি বিদ্যালয়ের জন্য ১০ বিঘা, মোট ১৯ বিঘা জমি অধিগ্রহণের উদ্যোগ নেওয়া হয়। এই প্রস্তাবের সরকারী অনুমোদন ও পাওয়া যায়।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের কমিশনের প্রতিবেদন প্রকাশিত হবার পর অবস্থার পরিবর্তন ঘটে। ডেভিড ট্রেনিং কলেজকে বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় কলেজ হিসাবে গণ্য করার প্রস্তাব বিবেচনার মধ্যে আসে, ফলে নতুন ভবনের প্রস্তাব স্থাগিত হয়ে যায়। অধিগৃহীত জমি শিক্ষা বিভাগের হাত থেকে রাজস্ব বিভাগের হাতে চল যায়। আশ্চর্যের ব্যাপার হল বিশ্ববিদ্যালয় এবং বেঙ্গল গভর্নমেন্টের কোনো চূড়ান্ত

সিদ্ধান্ত না হওয়া সত্ত্বেও এবং ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ সম্পর্কে কমিশনের সুস্পষ্ট সুপারিশ থাকা সত্ত্বেও কলেজের ভবন নির্মাণের জন্য অধিগৃহীত জমি হস্তান্তরিত হয়ে যায় এবং কলেজের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ে।

১৯২১ সালে আবার একটু আশার আলো দেখা যায়। ১৯২১ সালের জানুয়ারী মাসে শ্রীযুক্ত প্রভাসচন্দ্র মিত্র শিক্ষামন্ত্রীর দায়িত্ব গ্রহণ করার পর, কয়েক মাসের মধ্যেই তিনি কলেজের গৃহসমস্যার কথা জানতে পারেন। কলেজের জন্য অধিগৃহীত জমি যে হস্তান্তরিত হয়ে গিয়েছে তাও তিনি জানতে পারেন। তিনি সমস্যা বোঝার জন্য স্বয়ং কলেজ পরিদর্শনে যান। সঙ্গে ছিলেন পরিচালন সমিতির সদস্য বিদ্যালয় সমূহের পরিদর্শক, প্রেসিডেন্সি ডিভিসন এবং স্পেশাল অফিসার মিঃ এভান বিস্। ইতোমধ্যে অধিগৃহীত জমি, যা রেভিনিউ বিভাগে চলে গিয়েছিল, তা পুলিশ বিভাগকে একটি থানা এবং মোটর ভেইকেলস্ এর অফিস নির্মাণের জন্য হস্তান্তর করার সিদ্ধান্ত হয়। এই অবস্থায় শ্রীযুক্ত মিত্রের সক্রিয় হস্তক্ষেপে এবং গভর্নর-ইন কাউন্সিলের অনুমোদনক্রমে সম্পূর্ণ জমি ১৯২২ সালের মার্চ মাসে শিক্ষাবিভাগের হাতে ফিরিয়ে দেওয়া হয়।

সমস্যা সমাধানের পথে আশার আলো দেখা গেলেও, আবার এক নতুন সমস্যা দেখা দিল। সরকারী কোষে ব্যাপক ঘাটতি দেখা দেওয়ায় বিভিন্ন বিভাগের ব্যয় বরাদ্দ ছাঁটাই শুরু হলে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের উপর খড়্গ নেমে আসে। ঢাকা ও কলকাতার দুটি ট্রেনিং কলেজের বদলে একটি কলেজের উন্নয়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া শ্রেয় বলে সরকারী মহল থেকে মত প্রকাশ করা হয় এবং ঢাকার কলেজটিকেই অগ্রাধিকার দেওয়ার কথাও উল্লেখ করা হয়। আরও দুঃখের কথা হল এই যে বরাদ্দ ছাঁটাই সম্পর্কে সুপারিশ করার জন্য যে কমিটি গঠিত হয়েছিল সেই কমিটি শিক্ষক-শিক্ষণের প্রয়োজনীয়তা ও গুরুত্বকে অত্যন্ত লঘু করে দেখে এবং মন্তব্য করে যে—এমন বহুশিক্ষক দেখা যায় যে প্রশিক্ষণ না পেয়েও তাঁরা উন্নতমানের পাঠদান করে থাকেন। প্রশিক্ষণ পেলেই যে একজন শিক্ষক উন্নতমানের শিক্ষক হবেন এমন কথা বলা যায় না।

ট্রেনিং কলেজের মাথার উপর যখন এই ধরনের আঘাত আসার উপক্রম হয়েছে, তখন কলেজের কয়েকজন প্রাক্তনী সরকারের এই দৃষ্টিভঙ্গীর তীব্র প্রতিবাদ করেন। কলকাতার ইউনিভারসিটি ইনসটিটিউট হলে একটি প্রতিবাদ সভা হয়। ১৯২৩ সালের মে মাসে শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশান দেওয়া হয়। কলকাতার শিক্ষার সুযোগকে সংকুচিত করার প্রয়াসে নগরবাসী খুবই বিক্ষুব্ধ হন।

এবারও শিক্ষামন্ত্রী শ্রী প্রভাস চন্দ্র মিত্র ত্রাণকর্তা হিসাবে এগিয়ে আসেন। অর্থবিভাগ কলকাতার ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ বন্ধ করার সিদ্ধান্ত নেন। কলেজের কার্যাবলীর সম্প্রসারণ ও ভবন নির্মাণের বিষয়টি তখন প্রায় ভাবনার বাইরে চলে যায়। তবে শেষ রক্ষা করেন শ্রী মিত্র। বিষয়টি ক্যাবিনেটে আলোচনার পর সিদ্ধান্ত হয় যে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজকে আরও সম্প্রসারিত ও শক্তিশালী করা হবে এবং প্রস্তাবিত কলেজ ভবনও নির্মিত হবে।

প্রস্তাবিত বিদ্যালয়ের জন্য সংগৃহীত ১০ বিঘা জমির কিছু অংশ পুলিশ বিভাগকে একটি থানা ও মোটর ভেহিকেল্স এর অফিস করার জন্য দেওয়া যেতে পারে বলে সিদ্ধান্ত হয়।

ট্রেনিং কলেজের বাড়ীর জন্য ১৯২৪-২৫ আর্থিক বছরে বাজেটে ১,৭৫,০০০.০০ টাকা বরাদ্দ ও করা হয়। এক বছরের মধ্যে কলেজ ভবন নির্মিত হয় এবং ১৯২৫ সালের পূজাবকাশের পর ছাত্রাবাস সহ কলেজ ২৫/৩ বালিগঞ্জ সার্কুলার রোডে নিজ স্থায়ী—গৃহ পায়।

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের আদিপর্বে শিক্ষক-প্রশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে কয়েকটি কথা না বললে লেখাটি খাপছাড়া বা অসম্পূর্ণ মনে হওয়া স্বাভাবিক। তাই কয়েকটি কথা উল্লেখ করতেই হয়—

ইংরেজি ভাষার মাধ্যমে আধুনিক ইউরোপীয় শিক্ষা ভারতবর্ষে মূখ্যত কলকাতা, মাদ্রাজ ও বোম্বাইকেন্দ্রিক ছিল। ১৮৯৯-১৯০০ সালের পরিসংখ্যান থেকে জানা যায় মোট বিদ্যালয় ও ছাত্র সংখ্যার শতকরা ৫০ ভাগ বাংলাদেশে অবস্থিত ছিল। শিক্ষাবিভাগ "ইংরেজি শিক্ষক"দের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা বোধ করে। "ভার্নাকুলার টিচার" এবং "ইংলিশ টিচার" উভয়েরই প্রশিক্ষণ প্রয়োজন মনে করে প্রশিক্ষণ ব্যবস্থা গড়ে তোলার কথা প্রাথমিকভাবে চিন্তা করা হয়। সে সময়ের ডি.পি.আই মি. পেডলার একটি পরিকল্পনাও রচনা করেন। এন্ট্রান্স ও এফ.এ. পাশ শিক্ষকদের জন্য দুই বছরের প্রশিক্ষণ এবং স্নাতকদের জন্য এক বছরের কোর্স। লর্ড কার্জনের নেতৃত্বে অনুষ্ঠিত সিমলা সর্বভারতীয় শিক্ষা সম্মেলন (১৯০১) থেকে সুপারিশ করা হয় যে প্রতিটি বিশ্ববিদ্যালয় বি.এ. পাশ প্রার্থীদের জন্য লাইসেন্সিয়েট কোর্স চালু করবে। অনেক চিঠি চালাচলির পর ইংলিশ টিচারস্ ট্রেনিং কলেজের জন্য একজন I.E.S. সুপারিনটেন্ডেন্ট সহ দুজন মেথড টিচার এবং তিনটি প্র্যাকটিসিং স্কুলের প্রধান শিক্ষকের পদ সরকার অনুমোদন করে। ১৯০৬ সালের ১০ই নভেম্বর মেথড টিচার হিসাবে নিযুক্ত হন—মিঃ ভেরেলি ই-গ্রিফিথ, মিঃ কর্নাক এবং মিঃ অ্যার্মাটেস্টেড, মিঃ ডারলিউ বেলারি এবং মিঃ জে.ই. হুইটটেকার। বিদেশ থেকে শিক্ষকমণ্ডলী এসে পৌঁছালেও কলেজের জন্য স্থান নির্ধারণ নিয়ে বির্তক চলছিলই।

১৯০২ সালে প্রথম এবং ১৯০৪ সালে চূড়ান্তভাবে কলকাতা বিশ্ববিদ্যালয় এ.এল.টি. ও বি.টি.—এই দুটি কোর্সের রেগুলেশান রচনা করেন। ট্রেনিং কলেজের একটি জুনিয়ার সেক্সান (সর্বনিম্ন যোগ্যতা এফ.এ. পাশ এবং অপরটি সিনিয়ার সেক্সান (সর্বনিম্ন যোগ্যতা বি.এ. অথবা বি.এস.সি. পাশ) খোলার সিদ্ধান্ত হয়।

এল.টি. পরীক্ষার জন্য নীচের বিষয়গুলি নির্ধারিত হয় ঃ—

1. Theory and parctice of Teaching in relation to Mental and Moral Science.
2. Method of Teaching specific subjects and school management.
3. Selected Educational Classics
4. A School Course in Modern English prose and poetry (upto the standard of B.A. Degree)

উপরের চারটি বিষয়ের উপরলিখিত পরীক্ষা হবে এবং এছাড়া শিক্ষণ দক্ষতা পরীক্ষার জন্য শ্রেণীকক্ষে পাঠদানকালীন মূল্যায়ন করা হবে বলে স্থির হয়। পাঠদানকালীন মূল্যায়ন এর জন্য নীচের বিষয়গুলি নির্ধারিত হয় (যে কোন তিনটি) ঃ—

(i) English (ii) A classical language (iii) History (iv) Mathematics (v) Geography (vi) Elementary Physics and Chemistry, (vii) Elementary Mechanics (viii) Kindergarten and object lessons.

বি.টি. কোর্সের জন্য স্থির হয়—এল.টি. কোর্সের প্রথম ও দ্বিতীয় পত্র এবং (3) History of Educational Ideas and Methods ও (4) Selected Educational Classics.

এল. টি. পরীক্ষার অনুরূপ লিখিত ও ব্যবহারিক উভয় পরীক্ষাই নেওয়া হবে। লিখিত পরীক্ষা ৪০০ নম্বরের ও ব্যবহারিক পরীক্ষা ৩০০ নম্বরের হবে বলে স্থির হয়।

১৯০৪ সালের ১৭ই জুলাই মি. এইচ. আর. জেমস্ কলেজ পরিদর্শন করে অনুমোদন এর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সুপারিশ করেন। সে সময়ে অস্থায়ী অধ্যক্ষ ছিলেন মি. ডাবলিউ ই. গ্রিফিথ্, ইনি ছাড়া মিঃ থিকেট ও মিঃ এইচ আর্মিষ্টিড ছিলেন দুজন অধ্যাপক। কলেজের প্র্যাকটিক্যাল ক্লাশ সুসম্পন্ন করতে হেয়ার ও হিন্দু স্কুলের দুজন সুবিখ্যাত প্রধান শিক্ষক স্যার ঈশান চন্দ্র ঘোষ ও রায়বাহাদুর রসময় মিত্র খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।

১৯০৯ সালে প্রথম পরীক্ষা হয়। নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে বোর্ড অফ পেপার সেটার গঠিত হয়েছিল। (১) মিঃ এইচ. আর জেমস, (২) মিঃ ডাবলিউ. ই. গ্রিফিথ্ (৩) মিঃ এইচ. আর্মিষ্টিড (৪) মিঃ জে. এইচ, থিকেট (৫) ডঃ ব্রজেন্দ্রলাল শীল এবং (৬) মিঃ ডাবলিউ. জি. ওয়েভারস্পুন।

২০জন শিক্ষার্থীর মধ্যে ১জন পাঠরত অবস্থায় মারা যান। বাকী ১৯জনের মধ্যে ১৬জন পরীক্ষায় বসেন। তারমধ্যে ১৪ জনই কৃতকার্য হন ও ৪ জন প্রথম বিভাগে পাশ করেন।

যাঁরা প্রথম বিভাগে পাশ করেন তাঁরা হলেন ঃ—

১। মনোরঞ্জন মিত্র, ২। চিন্তাহরণ চক্রবর্তী, ৩। বিনয় ভূষণ সরকার, ৪। বনবিলাস রায়।

এইসময়ে কলেজ পরিদর্শন করেন

১। মিঃ এইচ. আর. জেমস, ২। স্যার গুরুদাস ব্যানার্জী—কে.টি. ৩। মিঃ জাষ্টিস্ সারদাচরণ মিত্র, ৪। মিঃ ডাবলিউ, জি. ওয়েডারস্পুন (ডি.পি. আই বার্মা) ৫। রেভঃ জি. ব্রকওয়ে, ৬। রেভঃ এফ ত্রয়াল্যাণ্ড।

এই কলেজে অনেক কৃতী অধ্যাপক বিভিন্ন সময়ে অধ্যাপনা করেছেন। এঁদের ছাত্র-ছাত্রীরা সারা ভারতে তো বটেই বিশ্বের বিভিন্ন দেশে সুনামের সঙ্গে কাজ করছেন। অধ্যাপকদের মধ্যে কয়েকজনের নাম উল্লেখ করা খুবই কঠিন এবং সম্ভবত অনুচিত। তবুও আদিপর্বে কয়েকজনের নাম উল্লেখ করলাম।

১। প্রঃ চিন্তাহরণ চক্রবর্তী	৫। প্রঃ গঙ্গাচরণ দাশগুপ্ত
২। প্রঃ বনবিলাস রায়	৬। প্রঃ সত্যেন্দ্রনাথ গুপ্ত
৩। প্রঃ বিনয়ভূষণ সরকার	৭। প্রঃ কুঞ্জবিহারী ঘোষ
৪। প্রঃ বসন্ত কুমার ঘোষ	৮। প্রঃ নগেন্দ্রনাথ ঘোষ

৯। পূর্ণচন্দ্র ঘোষ

পরবর্তী সময়ে যারা এসেছেন তাঁদের নাম ও পরিচয় এযুগের অনেকেই জানেন। তাঁরা অনেকেই ছিলেন বিশেষভাবে খ্যাত।

এদেশে শিক্ষক-প্রশিক্ষণের সূচনা উনবিংশ শতাব্দীতে খ্রিস্টান মিশনারীদের হাতে; যা পরিশীলিত ও জাতীয়রূপ পেয়েছিল ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াসে, তারপর পরিবেশ ও পরিস্থিতির প্রভাব ও প্রয়োজনে বিবর্তিত হতে হতে বর্তমান রূপ পেয়েছে। অনেক ট্রেনিং কলেজ প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছে। জাতীয় স্তরে ন্যাশানাল কাউন্সিল অফ টিচার এডুকেশান গঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়, রাজ্যসরকার ও স্বয়ংশাসিত শিক্ষা পর্ষদ সমূহের মধ্যে সমন্বয়ের অভাবে সমস্যার সৃষ্টি হচ্ছে। মুক্ত শিক্ষা ব্যবস্থা তথা দূরবর্তী শিক্ষাব্যবস্থার মাধ্যমেও শিক্ষণ-প্রশিক্ষণ ব্যবস্থা চালু হয়েছে।

বিদ্যাসাগর মহাশয়ের আদর্শ হয়ত অনেকেই এখন আর স্মরণ করেন না, এমনকি আধুনিক ইউরোপীয় শিক্ষাচিন্তায় প্রাণিত যে শিক্ষক-প্রশিক্ষণ ব্যবস্থা বিগত শতকের প্রথম দশকে প্রবর্তিত হয়েছিল তার রেশ কোথাও কোথাও কিছু কিছু পাওয়া গেলেও যেতে পারে।



কলেজের শতবর্ষ অনুষ্ঠানে ভাষণরত—শতবর্ষ উদ্‌যাপন কমিটির সাধারণ সম্পাদক শ্রী বিষ্ণুপদ বেরা।

DAVID HARE TRAINING COLLEGE FOR THE BETTERMENT OF EDUCATION

—Kamal Krishna De

While serving in the teachers' training college for nearly four decades I had the occasion to meet many persons from different spheres of the society expressing their confusion over the process of training, teacher-educators, curriculum, application of training in the secondary schools. Utility of the 'teacher training degree' in the job-market etc. In comparison to other professional courses, secondary teacher education has to face innumerable criticisms. In fact the criticisms are not always unfounded. But I have never seen any person to make any caustic comment about the David Hare Training College (DHTC). Student of this college have always given costructive suggestions about curriculum transaction in the college. In the domain of school education and teachers' training D H T C has gained laureis from all concerned in the state, outside the state and even outside the country. DHTC has not confined its sphere of activity tot he college itself, it has rather extended its net work to serve the society at large in respect of the following :

- Popularization of science among the school students.
- Popularization of mathematics among the school students.
- In-service training of the teachers on behalf of the Govt. Boards, SCERT, NCERT etc.
- Guest lectures to state Universities, state-run colleges.
- Framing Curriculum for elementary to higher Education.
- Writing manual for the teachers.
- Writing text books for the students of different levels of education.
- Selection of school teachers / college teachers / university teachers.
- Inspection of different training colleges in or outside WB.
- Deputation to different Govt. Deptts. Education Boards.
- Acting as members of different boards or commissions or board of studies.
- Coordinating different school-based projects.
- Guiding students for Ph.D. Education.
- Guiding exceptional students for different projects / Jt. Entrance Examinations.

- Attending or organizing different seminars (state or national levels).
- Advising new training colleges or their development.
- Cooperating examination system at all levels right from elementary to PG.
- Participation as Govt. nominees / members in the managing committees.
- Participation of the college with its staff in print and electronic media.

The written testimonies of the above functions of the college or its nominated faculty members are not readily available from the college records. Annual manazines are not adequately available or sufficiently informative for the purpose. The plantinum jubilee volume is too little to throw any light on the theme under discussion. For exposing the role of the college the author has, therefore, to depend on the oral testimonies collected from the colleagues with whom he has worked at DHTC, statements from the alumni of the college, some stray records and personal experience of himself during his long stay in the college (1984-2007) while working in different capacities. So this article has some natural limitations.

Academic relation with university departments :

- Post Graduate students of the Education Deptt of the C.U., used to come to this college to attend lectures in special papers during the decades of the fifties and the sixties of the last century.
- The college had always a representation in the Board of Studies in the Deptt. of Education, CU.
- At least one head examiner used to be appointed from the faculty of the Jyotirbhushan college every year for B.Ed. examination.
- Some teachers have decorated the chairs of Deputy Registrars and other posts of the university. Prof Jyoti Dutta is a glaring example of this.
- DHTC with its IASE has sponsored the M.Phil. Program of NSOU (Netaji Subhas Open University) in education at this college study center from 2004. The teaching and non teaching staff of this college have shown a missionary zeal to make the 'program a success'. A large number of school and college teachers, freshers and adminsitrators of WB, Tripura, Sikkim, Assam etc enrich themselves with this degree and prepare-themselves for the Ph.D. programme. This is the only course of M.Phil degree in education through an open university in WB. The co-ordinator, Prof. Samir Chakraborty (Librarian) nurtures this study center as a substitute for his deceased daughter.
- The college hosted a study center of Indira Gandhi National Open University from1991 and a number of students obtained bachelor degrees and P. G. diplomas in non traditional subjects useful in job markets.
- The teachers of DHTC have been invited by different universities of WB and outside to be the experts or resource persons in curriculum revisions, examinations, adjudicators of Ph.D thesis, expert in selection committees etc.

· DHTC represented itself in Saddler Commission (better known as Calcutta University Commission, 1919).

Relations with Boards of Education of WB

· Most of the teaching staff of the college were appointed as the head examiners of the examinations conducted by the Boards or Councils. As a result David Hare Trg College staff quarters, as if, turned itno assembly of examiners and scrutinizers after the different final examinations of boards or councils were over. Some of the teachers of the college were associated with other functions in connection with those examinations.

· Teachers of this college have been appointed as members, secretaries and president of the boards. Prof. A. K. Chanda (Pr. WBBSE), Prof. Refatullah (Sec, WBBME), Prof. S. Sarkar (Sec, WBBPE and WBBSE), Prof. J. Dutta (Dy. Sec, WBBSE) are some remarkable persons who immedately come to mind.

· Some of our teachers have taken leading parts in syllabus revision, text book writing and examinations held by the boards (Primary, Secondary and Madrasah) e.g. S. N. Giri, D. K. Chakraborty, A. K. Chatterjee, S. K. Ghosh, R. N. De and the present author etc.

· Some of our teachers were the members of primary and secondary boards e.g. S. N. Giri, S. K. Ghosh, M. K. Ray etc.

· A large no. of our teaching and non teaching staff joined WBBPE after their retirement from the service from our college.

· In the PMOST (Programme of Mass Orientation for the School Teachers) A. K. Chatterjee, S. K. Ghosh and S. N. Giri served as resource persons under Secondary Board and the present author under the Madrasah Education Board.

· A. K. Chatterjee acted as the Director of Rabindra Mukta Vidyalaya after his superannuation from this college.

· J. B. Dutta and S. K. Ghosh acted as officers of Sishu Siksha Mission under Sarba Siksha Mission, launched by the Govt. of India, J. B. Dutta is a think tank and popular lecturer on educational topics.

Participation in Different Media

· Radio, TV, News papers and different journals have at different times, invited participation of different teachers (acting / superannuated) of this college. But the most noteworthy participant among them perhaps is Shyamal Ghosh (Geography) who after retirement from the college activity participated in the programms of different Bengali TV channels.

· Many contemporary issues of education of the state and nation have been discussed by our teachers over the Akash Bani and the Doordarshan.

Administrative posts under Govt. of WB.

· R. N. De of this college joined the very conveted post of Director of State Council of Educational Research and Training (SCERT), WB at a relatively early age.

· D.K. Chakraborty, Asst. Prof. Vice Principal and then Principal of this college acted as Joint Secretary, Govt. of WB, Addl. DPI of WB, Governor's Nominee in the WB College Service Commission and Member of Eastern Regional Council of National Council of Teacher Educaion, Bhubaneswar, Advisor of DPEP (District Primary Education Programme) in WB etc.

· K. Hajra acted as nodal officer of DPEP after his retirement from the services at this college.

· The present author joined as a Member of Public Service Commission, WB a few months before his retirement as a Principal of this college.

· The existing Principal Dr. P. K. Choudhuri, is also acting now as a member of the ERC of NCTE, Bhubaneswar in addition to his duties as a Principal. He gave his uncomprising leadership in countering the move of disapproval of the secondary teachers' training colleges of WB by NCTE, Delhi, when he was the Additional DPI (WB).

Popularisation of Science and Mathematics :

· All the teachers of science, mathematics and the geography departments of this college acted as resource persons in different programs of BITM (Birla Industrial and Technological Museum), Kolkata. Our students also participated in all those programs. BITM in its heydays depended heavily on the staff of this college.

· The Office of the (erstwhile) Field Advisor of NCERT launched different programs with the help of the teaching staff of this college.

· Dr. S. N. Giri with his colleagues and other associates opened the branch of All India Science Teachers' Association (AISTA) in Calcutta in 1976 and Centre for Pedagogical Studies in Mathematics (CPSM) in 1991. These two associations are still serving the best interest of Science and Mathematics Education of schools in WB and outside.

· Science teachers of this College acted as resource persons in different NGOs like Science Communicators' Forum (SCF), Jagadish Bose National Science Talent Search Scheme (JBNSTS), Indian Association of Physics Teachers (IAPT) and different Science Clubs of WB.

· IAPT, AISTA, BITM organized science activities under the patronage

of our college and our NSOU study center. The science students of our college have liberally attended all these programs and have been immensely benefited.

· M. K. Ray (student, 1954-55 and Asst. Prof. of this college, 1965-70 and Principal of Govt. T. T. College, Malda, 1970-75 and Govt. Training College, Hooghly, 1975-86) encouraged not only the students but also the science colleagues of his time.

Relation with SCERT, WB

· The predecessors of SCERT i.e. the Bureau of Educational and Psychological Research and the Extension Department were attached to this College prior to 1980. The collge always maintains cordial relations with SCERT which is housed in the same building. The present Director of SCERT, Dr. R. N. De, was in the college faculty for 14 years. The director immediately preceding him was Prof. Refatullah, a student as also a teacher of this college. When SCERT was under Higher Education Deptt. Govt. of WB, a no. of teachers of our college used to serve SCERT on a full time basis. SCERT always chooses resource persons primarily from our college for its different programmes / activities as outlined below :

- Population Education project
- SOPT (Special Orientation for Primary Teachers)
- Writing Radio Scripts
- Developing Teaching Learning Materials
- Orienting school Inspections
- Action Research
- Methods of Teaching Environmental Education
- Writing Manual for the Teachers
- Orientation of Primary Teacher Educators
- Different Workshops

Relation with School Education Deptt., Govt. of WB

· The existingt relation of DHTC (under the Higher Education deptt.) with the School Education Directore / Department is nominal. But before the sixties the bond between the two was highly strong. The teaching posts in this college and the post of Dy. Chief Inspector of schools were interchangeable. Both this college and the state schools were immensely benefited by this arrangement.

· The first Principal of this College Prof. William Griffith served the college for the second term. During the gap between the two terms, he served as Deputy Chief Inspector of Schools of Burdwan, a district of Bengal. There were many teachers who joined the college after serving as school inspectors and vice versa.

· There was a broad way between Victoria School (Dowhill, Kurseong, Darjeeling) and DHTC. Victoria teachers then had the status of senior tachers of Govt. colleges of Bengal / WB. The teachers of DHTC coming from Victoria made a lasting mark in the domain of teachers' training in Bengal / WB. Our first principal served Victoria for a brief spell of time. The teacher M. K. Ray had the background of Victoria School. In fact, the teachers of the teachers' training colleges having been enriched with school experience had in most of the cases made notable contributions to teachers' training.

Guidane of Ph.D. research

· Teachers of DHTC have shown profound interest in research on Education and Psychology, R. Das (Principal, 1977-1989), S. N. Giri (Teacher, 1966-1999), A. K.Chatterjee (Teacher, 1969-2004) successfully guided Ph.D. students. Following the instances of those seniors, the present author also jumped on the bandwagon and sucessfully guided Ph.D. research, J. C. Dasgupta (Principal, 1959-1970), D. D. Mahanto (Principal, 1972-77) and some predecessors were engaged in research works in Education, Psychology, Linguistics, Guidance and Counseling, Evaluation and in other projects initiated by the college. It may be remembered in this connection that the college had ample scope of research before 1970 through its different wings. Vocabulary wing, Bureau of Education and Psychology, Extension Deptt. etc.

· Research Articles written by our teachers at different times can be found in local, national and international journals of Education. Science Education, Mathematics Education, Chemistry Education, Physics Education, Evaluation etc.

· The present author guided M.Ed. dissertations under different universities outside WB. And also examined Ph.D. theses of the universities outside WB.

Services of Extension Deptt. and IASE of DHTC :

· David Hare Training College and three other T. T. colleges of WB had Extension Deptt. which used to organize seminars, workshops or invite lectures for the 'in service teachers' of WB. Local educationists, field Advisors of NCERT, Experts from NCERT and others used to serve as external resource persons in the said Extn. Deptt. Through this Deptt. DHTC reached a vast number of school teachers, inspectors, headmasters etc. This Deptt. ceased to operate after the establishment of an independent state body i.e SCERT in 1980. N. L. Basak and B. B. Bhattacharya, the two renowned professors, served as coordinators of the extension deptt.

· The function of the Extention Deptt. has been revived in the college in a modified form with different objectives and dimensions. The modified function relates to the IASE (Institute of Advanced Studies in Education) which started in our college in 1995 and began its regular activities for 'in-service teachers'

from 2007. IASE has already organized workshops on 'Quality Teachers' Training, 'Pedagogical Analysis' etc. for the teachers.

Miscellaneous

- DHTC used to organize all the seminars, meetings and workshops in WB, hosted and financied by NCERT / RCE. Bhubaneswar / NCERT field Adviser, Calcutta.
- WB Govt.'s Information Deptt., Health Deptt. PHE Deptt. has so far organized a number of seminars at this college in connection with different public awareness programs.
- Hardly any boys' school in WB. will be seen without any alumni from DHTC.
- The Govt. Schools of WB and more particularly of Kolkata are very much associated with this college. It is well known that most of the teachers of these schools were the product of David Hare Training College.
- In all the affairs of teachers' training in the by gone days it was the practice to consult the principal of DHTC. In fact the principal enjoyed a very special status in WB or India in comparison to the principals of other T T colleges.
- DHTC organized the M.A. (Edn) course before 1960. The PG classes were revived in 2002 when M.Ed. course was started in the college. The objective of the course was to supply adequtely qualified teacher educators in teachers' training colleges.
- A few books written by the teachers of this college for the students of high and higher secondary schools and for the secondary teacher trainees have enjoyed a very large market over the last thirty years. The college has extended its services to students of different local schools to prepare projects for NSTS (National Science Talent Search Scheme) and for exhibition under BITM.
- N. L. Basak and D. D. Mahanto rendered pioneer service to teachers' training colleges set up at Burdwan and Malda respectively. Both of them are well known figures in the spheres of in-service teachers' training. Mohanto will be ever remembered for his thorough and meticulous approaches in the problems of teachers' training.
- DHTC set a standard before the schools and other training colleges of our state.
- DHTC under the leadership of Dr. D. K. Chakraborty and his associate Dr R. N. De organized computer literacy in Kamala Girls' School for the school teachers and students of Calcutta. He made study on the under privileged students of Primary Schools of Bankura under DPEP in WB.

- The present author under the initiative of Mrs. Mrinalini Dasgupta (a great teacher educator of WB) popularized science kits among the primary school teachers of Calcutta.

- The present author also popularized simple and scarp materials as teaching aids / materials for experiment for teaching Science in schools (more particularly the rural schools). He demonstrated this idea among different organizations like Secondary schools of WB, B.Ed. Colleges of WB, Women's Association of Bengal etc.

- A large number of research scholars in Education of different universities has been amply benefited from the library of this college. The college library is a mine of classic books on Education and it may be easily considered as a heritage library on teacher education in Bengal.

- DHTC always excellend in teachers' training on English since its inception. In the beginning the British Professors used to impart teachers' training on English method and major effort of the college was always directed to it. Even after independence the college had, most of the time, two English teacher educators. Training on science and geography rose to the pinnacle during the period of M. K. Ray and Lokesh Chakraborty respectively. Dr. A. K. Chatterjee with his wide experience presented meticulous training ingredients for the trainees of life science and helped develop new Life Science departments in other training colleges.

- DHTC through its erstwhile deptt. "Psychological Bureau" developed a no. of tests concerning school education as per prescription of the Secondary Education Commission (Mudaliar Commission), 1952-53. Even now the college occasionally receives letters with requests to send the tests developed by the college. (Unfortunately they could not be traced in the college. The psychological bureau retained them at the time of separation from this college, during 1967). However the college has a large collection on Psychological materials.

- David Hare Trg. College did not sponsor the Teachers' Training under the ideals of 'Naitalim' a training programme that basically originates from the Indian soil . The college, however, emphasized an all- round development of training programme under its jurisdiction by providing wood works, art, music and physical education for all the trainees. The directors of physical education of this college proved themselves as the good organizers in the play grounds of EDEN or YUBA BHARATI. Our last full time art teacher, S. Mukherjee (popularly known as Santida) organized exhibitions in Art College. Sri Goutam Pal, a talent among the non teaching staff of this college, has proved his ability as a champion of art and illustrated the text books of different education boards of the state.

Potentiality of the College

The college building is located in south Kolkata standing on nearly 10 acre of land mostly open and is easily approachable from all corners of Kolkata. It has also vast resources to qualify itself as a deemed university for teacher education. The Education departments of different state universities of WB are now preoccupied with growth and development of EDUCATION subject (Pass / Honours) introduced in general degree colleges (affiliated to them) at the cost of Teachers' Training Colleges. Teacher Education is the applied part of education. Hence there should be a separate department of Teacher Education (like Applied Physics, Applied Chemistry of Applied Mathematics Departments) in a university. The state universities are already heavily burdened So DHTC, a very old college, may be entrusted to give leadership to all teachers' training colleges (at least the Govt. Teachers' Training Colleges) of the state, by properly utilizing its potential. If universities on law, animal husbandry, fishery are possible, it is not impossible to set up a university on teacher education.

Observation and suggestions

- The golden era of DHTC began to decline since 1967 and the decline was complete by 1980. During the period some very prestigious offices were gradually detached from the college as a result of which it was converted into a just BT / B Ed College. Consequently, DHTC had to share common platform with other T T Colleges of WB, numbering beyond 75. It looked a dwarf in the procession of NIE, NIEPA, NCERT, RCE and RCE and Education Departments of different universities of WB. The college regaind some of its lost ground when IASE and M.ED. courses were introduced in the college. There was further elevation when M.Phil. under NSOU started in the college in 2004.

Fortunately a process has now started to regain at least a part of the pristine glory of the college wants to move forward the authorities should examine whether the following are at all necessary to achieve the desired goal :

- More involvement of the college in educational research with necessary publications.
- Arranging more seminars and orientation programs
- Keeping more contact with the practising schools
- Keeping contact with other training colleges
- Inviting different educational experts on different occasions
- Utilizing Govt. fund more judiciously and economically
- Arranging more space for college works
- Economical use of existing floor and wall spaces
- More systematization, regularity and punctuality in the college works

- More contact with the alumni
- More cooperation among the teaching and non teaching staff of the college
- More enrichment of the college library
- Preservation and utilization of old books for research purpose
- Adequate number of quality based periodical tests
- Increase in the number of working days
- More planning to compensate the services of teachers sent on duty or on deputation
- More outreach activities
- More security of the college
- Abolition of public thorough fare from the college
- Exclusive use of college campus by college itself particularly during its working hours
- Renovation of dilapidated buildings
- Unholding the heritage status of the college
- Necessary cooperation with local schools under the projects of ASP net of which DHTC is a member (Our college is a member of Associated School Project net- a UNESCO Project).

TASK AHEAD

The present faculty members of the college are brilliant in their academic careers. Some of them are highly experienced Teacher Educators with remarkable contribution in the domain of Teachers' Training it is incumbent upon them to work hard together with all concerned to achieve THREE desired goals (1) Heritages status of the college, (2) Up gradation of it as a Teachers' Training University of our state and (3) Elevation of the college to the status of Institute of National Importance.



শতবর্ষ অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন সম্মাননীয় অতিথি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রী আশিস কুমার বন্দ্যোপাধ্যায়।

SOME SNAPSHOTS OF REMINISCENCES AROUND DAVID HARE TRAINING COLLEGE

—Dilip Kumar Sinha

It is far from being a cliché to say that David Hare Training College (DHTC) has acquired a unique historicity of its own. Any exercise on going back on its past should bring out commonalities and mutualities between DHTC and other organisations, not simply of the same genre. DHTC must have been born with the purpose of providing teacher education to practising teachers or perhaps, a few possible new entrants to the teaching profession. One could have expected a replica of other institutions of Great Britain, because of, obviously of the alien rule. Like many institutions, started under the aegis of the Government at that point of time in Calcutta (the then capital of India), an alien closeness, for a certain period, could have found justification. That there was a need for teacher education catering to teachers of schools could be felt, long before the University of Calcutta could go off within its own department of teachers' training. This somewhat resembles the phenomenon of what Presidency College, a Government College, undertook well ahead of what the University of Calcutta could step in the realm of instruction at the post-graduate level. The Teacher Diploma (TD), for reasons of functionality, was taken as the hallmark of acquisition on teacher education from abroad; of course, this did not show off a sort of hierarchy as Oxonian or Cantabridgian degrees could put up then in the educational arena.

The above lines bring out, in some way, my perception of what could be the ambience and presumably, the rationale of DHTC. But any glance at its glorious history shows a remarkably, distinctive character that was envisaged at the time of its origin. My perception is all the more reinforced because of my father's description about the College and the leadership it enjoyed since the forties. My father, Dr. Bishnupada Sinha, an alumnus of DHTC, to my understanding, was not highly enamoured of the then B. T. degree, but certainly had fascinating impressions about the leadership of the College. As I remember now, he came in contact with the Principal of his time, Professor Apurba Kumar Chanda of IES. It may seem now somewhat amazingly enigmatic why Professor Chanda, an educational and cultural luminary and an Oxonian, too, could be the Principal of DHTC. As my father used to say, his tenure at DHTC didn't just come up as a spinoff of ritual(s) of transfer in government services, but, on the contrary, according to him, a genuine venture, on the part of the educational leadership at that point of time, to provide a different kind of complexion to inputs of educaitonal pursuits in DHTC. My father also spoke about another Principal Dr. K. D. Ghose, who was not only a distinguished scholar in English but could push firmly through his thoughts and convictions on education in DHTC, perhaps because of his exposure to TD in London. My father could, also be effusive about

Dr. Ghose because of the nuances and styles of experiments which Dr. Ghose undertook while preparing textual stuff in English. One might often be tempted to compare this to the beginning of teachers' training department in the University of Calcutta by its Vice-Chancellor Dr Shyama Prasad Mookerjee, who did rope in an outstanding person in the area of Geography, Dr S P Chatterjee, as the leader of the new department, mainly because of his holding a TD from London. One can cite a number of names having such professional degrees and associated with DHTC. At a later point of time, one ought to remember the great services put in by Principal D N Ray, who had his initial degree in Applied Mathematics from the University of Calcutta, followed by a TD from London. So is the case with many figures, for example, Dr J C Dasgupta, a brilliant psychologist, having moved over to educational psychology; the contribution of Dr R C Das holding a Ph. D. from London University on Industiral Psychology should also be mentioned. I must recall the interactions with them through our Summer Institutes at Jadavpur University.

One of the edges, I think, DHTC has had, over the decades, is its Educational and Psychological Research Bureau dealing essentially with psychology as well as having intimate overlaps with subject areas. I could witness, on my own, a worthwhile mobility of faculty between formal training department of DHTC and this research wing of DHTC. I consider this to be a distinctive characteristic of DHTC that has enabled it to carve out a niche in the domain of teacher education. The present SCERT can be taken, perhaps incontestably, an upshot of this mix-up, rather a symbiotic endeavour between teaching and research in educational areas.

My father's connection and my own connection with DHTC are obviously of different strands. My father being a teacher of English, hardly severed his academic pursuits that used to happen in the premises of DHTC. Personally, I can well recall the contribution of DHTC on the teaching of English about which there is a furore nowadays. The British Council of Calcutta took initiatives way back in fifties to organise programmes intended for sensitizing teachers on new trends in teaching English and used to provide the benefit of requisitioning experts from England in such exercises. I do remember occasions where such collaborative ventures between DHTC and the British Council could provide many teachers of English, specially the forward-looking ones, to go in for such exposures on the recent ways of teaching English, specially through 'direct methods'. As I remember now, in particular, the name of Mr. Bruton from U. K. as the initiator of such enterprises. The West Bengal Board of Secondary Education, I ought to remember, was earnest in restructuring instructional elements on the basis of the essence of what used to be deliberated in such programmes of DHTC. If I remember it well, there used to be a plethora of such activities in DHTC, which I could also perceive through the experiences of two elders of my family, namely, my father and my first maternal uncle, Shri Krishna Sadhan Dutta, both of whom were not only active participants but great enthusiasts about the possibility of reforms in

English teaching and learning. Both of them, being alumni of DHTC, used to speak well of Ballygunge Government High School that served as a model school linked with DHTC, a laboratory-like phenomenon rarely visible here nowadays. It is a matter of history that such enterprises in DHTC were really the precursors of similar activities elsewhere in different parts of India, certainly leading to the origin of Central Institute of English and Foreign Languages at Hyderabad. The memories of many members of the faculty of DHTC, for example, Prof. B Bhattacharya, Prof. Lokesh Chakravorty still cling to me, because of their intimacies with my father.

So far as mathematics teaching is concerned, I must wax eloquent on the contributions of DHTC in allowing mathematics teaching to acquire the dimension of mathematics education. Professor A K Gayen's classic efforts on Achievement Tests, of course, with the support of Ministry of Education, Government of India, should be gratefully remembered, as the bulk of his work had its basis in DHTC. I reember few personalities like Principal Dibakardas Mahanta and Professor K P Chowdhury who, although initially belonging to the Research Bureau, took over the reins of the College and the new department of teacher education at Kalyani University respectively, with visions for innovation in institutions of this sort.

I shouldn't forget the birth of our organisaion, Association for Improvement of Mathematics Teaching (AIMT) in 1971 in the premises of DHTC, with its full support and cooperation. The first Annual Conference was also held there followed, later on, by several academic activities on mathematics education. These unleashed a variety of connectivities between AIMT and DHTC.

I ought to end up with some humble remarks about where we ought to situate DHTC in the realm of educational endeavours. Professionalism has come to stay, whatever be the field of pursuits. Teaching as a profession, not in a way glaringly linked with commercialisation, has to flourish in the context of contemporary times. There has never been no dearth of educators, as evidenced by history and perhaps, historiography, on education. Universal accessibility of primary and secondary schooling cannot but be taken as something to be dispensed with. Like the must vexed BPL, one is often alarmingly distressed even now to find analogous labels in fields of education, in some segments of the society. Despite this, there is a continuing evolution of educational thoughts and practices. On the occasion of the centenary of DHTC, one should remember not only the peers but educational pioneers who strove for advancement of the nexus between teaching and learning. One shouldn't nowadays afford to take 'love of learning' as the simple motivation of our illustrious and silent pioneers; perhaps love of humanity enshrined in some communities must have emboldened them in steering their long journey towards enlightenment. They could, thereby, leave generations of pedagogical descendants who ought to be receptive to frontiers of innovation and excellence. The centenary of DHTC should stand out as a singularly distinguishable occasion for bringing to the fore the names and contributions of its beacons, as stimuli to move ahead.

নানা রঙের দিনগুলি

—হরিপদ মণ্ডল (১৯৫২—৫৩ শিক্ষাবর্ষ)

ডেভিড হেয়ারের নির্বাচনী পরীক্ষাটা সহজ ছিল না। তাই মনে আছে বেশ ওখানে নির্বাচনী পরীক্ষা দিতে গিয়ে একটি মজার কাণ্ড করেছিলাম। লিখিত পরীক্ষার শেষের দুদিন হল সাক্ষাৎকার পর্ব। নীচের তলায় অধ্যাপকদের বসবার ঘরের সামনে যে দলটিকে আহ্বান করা হয়েছিল, আমি ছিলাম তার মধ্যে। আমার সাক্ষাৎকার নিলেন দু'জন অধ্যাপক ও দু'জন অধ্যাপিকা। 'আপনি গান জানেন?' হ্যাঁ। কিন্তু এই উত্তর ছিল কেবলমাত্র স্মার্টনেস দেখাবার জন্য। সঙ্গে সঙ্গে প্রশ্ন ঃ 'একটা যে কোনো গান গাইতে পারেন?' 'এখুনি?' 'হ্যাঁ, এখুনি এইখানে।' স্মার্টনেস তখন ডুবু ডুবু। শেষরক্ষা করি কি করে? মন্ত্রচালিতের মতো আমার গলা দিয়েই পরিষ্কার সুরে বেরুল—

'পাগলা হাওয়ার বাদল দিনে পাগল আমার মন জেগে ওঠে।'

কি করে আমার গলা দিয়ে গান বেরিয়ে গেল মা সরস্বতী জানেন। আর একজন অধ্যাপক তখনও ছাড়লেন না। তাঁর প্রশ্ন, 'Have you got any other hobby?' আমার উত্তর, 'O yes, I have, I can play on Tabla.' আরও কিছু প্রশ্নের পর 'আচ্ছা, ঠিক আছে' বলে অধ্যাপক-অধ্যাপিকারা আমায় নিষ্কৃতি দিলেন। নিষ্কৃতি এইজন্যে বলছি যে, যা ঘটেছিল সবই 'ডেভিড হেয়ারের' সাক্ষাৎকার মাহাত্ম্যে। উল্লিখিত কোনো বিষয়ের কোনো দক্ষতা কোনোকালেই আমার ছিল না। দিনটা ছিল ১৯শে এপ্রিল, ১৯৫২। শনিবার। কিন্তু আমার মনস্কামনা পূর্ণ হয়েছিল। দোসরা জুলাই কলেজে ভর্ত্তি হয়ে কয়েক দিন পর থেকে যথারীতি ক্লাসে যোগ দিয়েছিলেন। সেটা ছিল ১৯৫২ সাল। ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ তখন ছিল সহশিক্ষামূলক প্রতিষ্ঠান। মহিলারা দিনের প্রথম ভাগের ক্লাস করতেন হেস্টিংস হাউসে যেখানে এখন পৃথক মহিলা ট্রেনিং কলেজ (Institute of Education for Women)। তারপরের বাকি ক্লাসগুলো ছিল মিশ্রিত—ডেভিড হেয়ারের মূল বাড়িতে হত। ওঁরা সব কলেজের গাড়িতে এসে যেতেন টিফিনের সময়।

আমাদের হস্টেল ছিল কলেজের গায়েই, এখন যেটা মনোবিজ্ঞান ও শিক্ষামূলক গবেষণা বিভাগ (Bureau of Educational & Psychological Research)। আমার স্থান হল দোতলার একটা দু-সীটওয়ালা ক্ষুদ্র কক্ষে। হস্টেল সুপার ছিলেন ভাইস প্রিন্সিপ্যাল শ্রদ্ধেয় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়। কিন্তু দুঃখের বিষয় তিনি আজ আর আমাদের মধ্যে নাই। যেমন আরও অনেককে হারিয়েছি; হারিয়েছি আমাদের অধ্যক্ষ ডঃ ক্ষেত্রপাল দাস ঘোষকে যাঁর লেখা 'বাণী রীডার' এবং 'এ সেকেণ্ড বুক অব ট্রান্সলেশন' স্কুলের ছাত্র হিসাবে পড়ে নামটা হৃদয়ে অনেক আগেই গেঁথে রেখেছিলাম। পরে যাঁর কথা মনে আসছে তিনিও স্বনামধন্য অধ্যাপক দ্বিজেন্দ্রনাথ রায়। উনি প্রথমে ডেপুটি চীফ ইন্সপেক্টর হিসেবে একবার আমাদের স্কুলে গেছিলেন, এবং আমার ক্লাসও দেখেছিলেন বছরখানেক আগে। যখন ওঁর টিউটোরিয়াল গ্রুপে ঢুকলাম, তখন আশ্চর্য হলাম উনি আমায় চিনতে পারলেন দেখে। সুবচনীবাবুর কথাও আমার বেশ মনে পড়ে।

প্রথম কয়েক দিনের মধ্যেই যে জিনিস আমাদের আশ্চর্য রকমে মুগ্ধ করেছিল, তা হল এই কলেজের অননুকরণীয় নিয়মশৃংখলা। অদ্ভুত শান্ত পরিবেশে ঠিক কাঁটায় কাঁটায় সকাল দশটায় ক্লাস আরম্ভ এবং পাঁচটায় শেষ হত। অধ্যাপক-অধ্যাপিকা, ছাত্রছাত্রী, অফিসের কর্মচারী পিয়ন সকলেই যেন এক ডিসিপ্লিনে বাঁধা, কাউকে বেশি কিছু বলা বা হাঁক ডাক করার দরকার হচ্ছে না। যে যার কর্ত্তব্য

করে চলেছে হাসিমুখে—অতৃপ্তি বা অস্বস্তির ছাপ কারও মুখে নাই। অধ্যক্ষের সঙ্গে দুদিন দেখা হত সপ্তাহে। দুটি সম্মিলিত সাধারণ ক্লাস নিতেন ২৮৭ জন ছাত্রছাত্রীর। ক্লাস দুটি হত বালিগঞ্জ গভর্নমেন্ট হাই স্কুলের হলে। অধ্যক্ষের বক্তৃতা সব সময় হৃদয়গ্রাহী না হলেও তাঁর ইংরাজীটা ভালো লাগত। আর ভালো লাগত তাঁর সাহেবি রুচি-বোধ। সর্বোপরি কলেজের নিয়মশৃংখলার প্রতি সর্বাধিক প্রযত্ন তাঁকে যথার্থই কলেজের উজ্জ্বলতম রত্ন করেছিল; বলা যায় তিনি তখন প্রশিক্ষণ জগতের এক প্রবাদপুরুষ।

নির্দিষ্ট রুটিনের সঙ্গেও আমাদের করতে হত খেলাধুলা। তাছাড়া ছিল ছবি আঁকা, গান শেখা, হিন্দী শেখা, ফার্স্ট-এড্ ক্লাসে যোগ দেওয়া। ছাত্রছাত্রী উভয়দলের পক্ষেই এরূপ ব্যবস্থা ছিল। ব্যাপারগুলি করুণ হয়ে দাঁড়াত যখন চুল-পাকা আধাপাকা কিছু প্রৌঢ় ছাত্র—যাঁরা স্কুল থেকে ডেপুটেশন নিয়ে ট্রেনিং-এ এসেছিলেন—এই সবে অংশগ্রহণ করতেন, যাঁরা কলেজের অধ্যাপক অধ্যাপিকাদের অনেকের থেকেই বয়সে বড়। বি.টি. পড়ার সেই আদি উন্মাদনার যুগে বয়স্ক-বয়স্কারা অনেকেই এসেছিলেন। আমরা তো ছিলাম তরুণদলের নীচের থাকে। শিক্ষকতায় সবে হাতে-খড়ি। তাই ট্রেনিং কলেজও ছিল আমাদের কাছে সাধারণ কলেজের সম্প্রসারণ। আমাদের হাসি-উচ্ছলতার অভাব হয়নি। আর এই কলেজের নানা বৈচিত্র্যের মধ্যে ট্রেনিং এর নীরসতা কেউ অনুভব করত বলে মনেও হত না।

আমাদের পুরুষ বিভাগেও ছিল এ. বি. সি. তিনটি বিভাগ। প্রথম চার পিরিওডের পরেই বিষয়ানুযায়ী মিশ্রিত সহশিক্ষার ক্লাস। মহিলাদের আসাটাই ছিল একটা বৈচিত্র্যপূর্ণ ব্যাপার। অধ্যক্ষমশাইতো ছিলেন সহশিক্ষার মস্ত বড় অ্যাডভোকেট। এমন কি তিনি আমাদের পুরুষ বিভাগের জন্যও ইংরাজীর অধ্যাপিকা নিয়োগ করতে কুণ্ঠাবোধ করেননি। এই অধ্যাপিকার নাম শ্রীমতী শকুন্তলাকংকন মিত্র। ওঁর ইংলিশ রচনা লেখার গ্রুপে আমি ছিলাম এবং নিতান্ত অনুরক্ত ছাত্র ছিলাম বলে উনি আমায় খুব মনে রেখেছিলেন। লক্ষ্ণৌর মেয়ে—হিন্দভাষিণী; পরে কলেজে হিন্দী নাটক অভিনয়ের উদ্যোগে আমায় অংশ নিতে আহ্বান করেছিলেন; যদিও আমি হিন্দী নাটকে অংশ গ্রহণ না করে বাংলা 'অতিথি' নাটিকায় অভিনয়ে যোগ দিয়েছিলাম। পীযূষ চ্যাটার্জি (বর্তমান অধ্যক্ষ, রহড়া পি. জি. বি.টি. কলেজ) সেইসময় আমাদের উৎসাহের অগ্রদূত ছিলেন, যিনি কলেজের প্রাচীর পত্রিকা 'সংহতি' প্রকাশনারও ছিলেন প্রধান উদ্যোক্তা। আমাদের নাটিকা ছিল পুরুষ-মহিলা মিশ্রিত অর্থাৎ স্ত্রী ভূমিকা অবর্জিত। অধ্যক্ষের অনুমোদিত কলেজে ছাত্রছাত্রীর মিলিত অভিনয় তখনকার দিনে পুরানপন্থীরা সমালোচনা করতেন; কিন্তু আমাদের অভিনয় দেখে তাঁরা আবার নির্দ্বিধায় বাহবা দিতে ভোলেননি। সহাধ্যক্ষ হেমবাবু, অধ্যাপক নলিনীভূষণ দাশগুপ্ত এবং অধ্যাপিকা নলিনী দাস, অধ্যাপিকা লতিকা ঘোষ, অধ্যাপিকা শান্তি দত্ত—এরূপ কয়েকজনের সঙ্গে আমার ঘনিষ্ঠভাবে আলাপ পরিচয়ের সুযোগ এসেছিল নানা কর্মসূত্রে। পড়ানোর জন্য সর্বাধিক মুগ্ধ করেছিলেন আমাকে নরেশ চন্দ্র ভট্টাচার্য, ডি. এন. রায় ও শ্রীমতী নলিনী দাস। কিন্তু সকলের ক্লাসেই আমার সমান আগ্রহ থাকত। শ্রী জে. এন. দাসগুপ্ত ও শ্রীমতী প্রতিভা গুপ্ত পড়ানোর সূত্র ধরেই নিজেদের ব্যক্তিগত বা পরিবারগত কিছু কথা প্রায়ই বলে চমক দিতে চাইতেন; এতে আমরা ছোটরা কিছু বিশেষ না মনে করলেও দাদারা কিন্তু বাঁকা চোখে মুচকি হাসতেন। একটানা ৯/১০ টা ক্লাস করে ক্লান্তি আসত, কিন্তু ক্ষোভ থাকত না। বি. টি. পড়তে এসে যে এত খাটুনি খাটতে হয়, সে জ্ঞান আদপে ছিল না। অধ্যাপকরা কোনো কোনো সময় আবার এ মন্তব্য করতেন যে বি. টি.র জন্য দশমাস সময় নিতান্ত অবিচার—এটা এম. এ., এম. এস.-সির মত দু-বছরেরই কোর্স। কিন্তু কোর্স তো রেস কোর্সের মতোই রাউণ্ড দিয়ে ফিনিশ করতেই হবে। তার উপরে ছিল প্রদর্শনী পাঠদান, বিচার যোগ্য পাঠদান, পাঠটীকা এবং আসল পাঠদান। এর সঙ্গে আছে অধ্যাপক অধ্যাপিকাদের সঙ্গে

সংযোগরক্ষা এবং বারোমাসে তেরো পার্বণের পালা। কলেজ লনের পশ্চিমধারের একতলা ঘরটাতে ছিল ক্যান্টিন; কোণে গ্যারেজের পাশের জায়গাটায় ছিল একটা চায়ের স্টল। টিফিন টাইমে বা ক্লাসের ফাঁকে মেয়েদের সঙ্গে বসে মিষ্টি খাওয়া টিফিন খাওয়ায় মজা ছিল। ক্যান্টিনটা চালাতেন আবার কয়েকজন উদ্বাস্তু মহিলা—ওঁরা দুপুরে আসতেন সন্ধ্যায় চলে যেতেন। পাশে কিছুদিন ভলি খেলার কোর্ট করা হয়েছিল, পরে ওখান থেকে হস্টেলের উত্তর পাশের ফাঁকা জায়গায়, এখন যেখানে হস্টেল ও অধ্যাপকদের কোয়ার্টার হয়েছে, ভলি-গ্রাউণ্ড করা হয়েছিল।

আমাদের প্রদর্শনী পাঠদান ও বিচার যোগ্য পাঠদান কখনো হত বালিগঞ্জে সরকারী বিদ্যালয়ে কখনো বা ওখানের ছাত্রদের তুলে এনে কলেজের ক্লাসঘরেই। বিচারযোগ্য পাঠদানের পর বিচার বিবেচনাটা বেশ মুখরোচক লাগত। পাঠদাতার সামনেই হত নানা মিষ্টিমধুর আলোচনা। ঐ বৈঠক শিক্ষানীতি, পাঠদান নীতির হদ্দমুদ্দ করে তবে ছাড়া হত। অবশ্য অধ্যাপকদের প্রদর্শনী পাঠদানগুলি সত্যিই চিত্তাকর্ষক ছিল এবং কি করে একটি ক্লাসের ৪০টি মিনিটের সম্পূর্ণ সদ্ব্যবহার করা যায়, তার উদাহরণ তাঁরা ঠিকই রাখতেন। কোনো কোনো শিক্ষক-ছাত্রকেও দেখেছি অপূর্ব সুন্দর লেসন দিতে।

দশমাসের এই দ্রুতগামী ট্রেনিং বিদ্যাচর্চার মধ্যেও আট-দশটি চমকপ্রদ অনুষ্ঠান কলেজে আয়োজিত হয়েছিল। শিক্ষামূলক প্রদর্শনী, বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা, নাট্যাভিনয়, পুতুল নাচ, ২৬শে জানুয়ারী, সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠান—যাতে মাননীয় মন্ত্রী ভুপতি মজুমদার উপস্থিত ছিলেন, আবার ২২শে শ্রাবণের সান্ধ্য মজলিস, শিক্ষামন্ত্রী পান্নালাল বসু এতে পৌরোহিত্য করলেন এবং প্রধান অতিথি হয়েছিলেন ঔপন্যাসিক তারাশংকর বন্দ্যোপাধ্যায়। একদিনের শিক্ষামূলক ভ্রমণেরও আয়োজন করা হয়েছিল। ছাত্রীদের মধ্যে গানে বাসন্তী চৌধুরী ও অণিমা মুখার্জি এবং বক্তৃতায় কণক মুখার্জি (বর্তমানে এম-পি) সকলের হাততালি কুড়িয়েছিলেন। বাসন্তী দেবী পরে সঙ্গীতেই ডক্টরেট হয়েছেন।

কিন্তু গোটা কলেজের সঙ্গে কলিকাতা বিশ্ববিদ্যালয় বি-টি বিভাগের প্রতিযোগিতার একটা মনোভাব প্রচ্ছন্নে এবং প্রকাশ্যেও কাজ করত। বিভাগীয়-প্রধান জে. এম. সেন এবং অধ্যক্ষ কে. ডি. ঘোষের মধ্যে একটা রেষারেষির কথা আমাদের বন্ধুমহলে ছড়িয়েছিল। দুজনেই তখন শিক্ষাজগতের, বিশেষ করে শিক্ষণ বিভাগের জ্যোতিষ্ক। শুনতাম জে. এম. সেন পরীক্ষার ফলাফলে বেশ শক্ত মনোবৃত্তি পোষণ করতেন এবং ডেভিড হেয়ারের ছাত্রদের একটু বাজিয়ে দেখতেন; কিন্তু কে. ডি. ঘোষ কলেজের প্রশাসনে অত্যন্ত দৃঢ়তা দেখালেও ছাত্রছাত্রীদের স্বার্থে শিক্ষাবিভাগ এবং বিশ্ব-বিদ্যালয়ে লড়াই করতেন। অবশ্য এসব উপকথায় আমাদের উল্লাস ছিল, কিন্তু পরখের প্রবৃত্তি ছিল না। তখনকার একটা উল্লেখযোগ্য ঘটনা এই যে মুদালিয়র শিক্ষা কমিশনের সদস্য-সদস্যাবৃন্দ আমাদের কলেজ পরিদর্শন এসেছিলেন ঐ সময় এবং শিক্ষক-শিক্ষণাদি বিষয়ে এখানে অধ্যক্ষ ও অধ্যাপকদের সঙ্গে আলোচনা করেছিলেন। মাননীয় অতিথিদের অভ্যর্থনার জন্য একটি সুন্দর অনুষ্ঠান করা হয়েছিল কলেজ প্রাঙ্গণেই।

১৯৫৩-এর এপ্রিলের দিকে অধ্যক্ষ মশাই একবার বেশ অসুস্থ হয়ে পড়েন। একদিন বিকেলে আমিও গেলাম কয়েক জনের সঙ্গে ওঁর মহানির্বাণ রোডের বাড়িতে। তাঁর অসুস্থতার উপরে উঠেও তিনি আমাদের স্নেহ সম্ভাষণ জানালেন। বাড়িতে একটা শান্ত নীরবতা বিরাজ করছিল। তাঁর সুরুচিপূর্ণ গৃহচ্ছবি দেখে আমরা তৃপ্তি পেলেও অধ্যক্ষের অসুস্থতায় মনে একটা ভারী ছাপ নিয়ে বাইরে চলে এলাম। এই সময় তাঁর বদলীর কথাও শুনছিলাম।

কেবলমাত্র বি. টি. পড়বার সময়েই যে—বন্ধুদের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় হয়েছিল এবং সে পরিচয় পরে দীর্ঘস্থায়ী হয়েছিল, তাঁদের কয়েক জনের নাম মনে আসছে যেমন—হরেকৃষ্ণ আদক, যদুপতি দাস, পীযূষ দত্ত, চিত্ত খাটুয়া, মণি মাইতি, রত্নেশ্বর মান্না, বিবেকানন্দ পাল, মদনমোহন সিংহ রায়।

আর যোগাযোগ না থাকলেও যাঁদের কথা স্পষ্ট মনে আছে, তাঁদের কয়েকজন হলেন বিষ্ণুপদ বর্মণ, নলিনীমোহন দেব, পরিতোষ দাঁ, গীতা জানা, সমর কোলে, আশুতোষ মাইতি, সুধাকৃষ্ণ মণ্ডল, জ্ঞান পড়্যা, ছবি রায়, রমা রায়, সীতা গাঙ্গুলী, সুলেখা মিত্র ও কণকরাণী রায়। কর্তব্যের আহ্বানে এবং সংসারের স্রোতে ভিন্ন ভিন্ন কর্মক্ষেত্রে আমরা যে যার ভূমিকাটুকু পালন করে চলেছি। পথ চলতে চলতে কেউবা হয়তো অদৃশ্য শক্তির কোলে চিরনিদ্রায় শান্তিলাভ করেছেন, তাঁদের সকলের সংবাদ সংগ্রহ করতে পারিনি আমরা। সেদিনের বন্ধু-বান্ধবীরা যাঁরা আছি, অনেকেই আজ প্রৌঢ়ত্বের সীমায়, আর কিছু আজকের দিনের তরুণ-শিক্ষাব্রতীদের উজ্জ্বল মুখের দিকে তাকিয়ে হয়তো বা পুরানো মরচেপড়া স্বপ্নগুলো 'রিনিউ' (নবীকরণ) করে নিতে প্ল্যাটিনাম প্যাভিলিয়ানে পা বাড়াচ্ছেন।

স্মৃতি সুখের, স্মৃতি বেদনার। বিদ্যা কেউ কাউকে দিতে পারে না, আবার ইচ্ছা হলেই নিতেও পারে না। এ পথেও কত ঋতুর কত বিবর্তন। কিন্তু একটি প্রতিষ্ঠান তার নানা রঙের দিনগুলির ভেতর দিয়ে নানা পর্দায় নানা সুর তুলতে পারে, দিতে পারে নানা বাস্তব অভিজ্ঞতার বেলোয়ারি ছোঁয়াচ। একটা ট্রেনিং কলেজ কীভাবে আমাদের পারিপার্শ্বিক বিচিত্র ছন্দোময় ও ছন্দোহীন উভয় জীবনধারাকে জানতে ধরতে আর যথার্থ পোষণ করতে, তার আলোকমালাকে সজীবতায় ফুটিয়ে তুলতে সাহায্য করতে পারে তার কিছু গ্রহণযোগ্য সূত্র নিশ্চয়ই আমাদের কাছে উপস্থাপিত করা হয়েছিল। ট্রেনিং মেথডগুলির ভালোমন্দ নিয়ে বিভিন্ন বিশেষজ্ঞের বিভিন্ন মতামত থাকতে পারে, কিন্তু এখানকার ট্রেনিং কি আমাদের সামগ্রিক দৃষ্টিভঙ্গিটাকে মার্জিত করতে বা বদলাতে সাহায্য করেনি, সকলের ক্ষেত্রে সমান হয়তো বা নয়, কিন্তু অনেকের হিসাবে খাতায় অংকটা জমার ঘরে, এটা কি সত্য বলে মেনে নিতে কুণ্ঠা থাকে?

সেদিনের ট্রেনিং কলেজ এখন বহু শাখা প্রশাখায় প্রসারিত ও বিকশিত। এই কলেজ কেবল ছাত্রদের সর্বাঙ্গীণ গঠন ও বিকাশের নীতি পদ্ধতি শিক্ষা দিত না, যাঁরা শিক্ষক-শিক্ষণ-গ্রহণ করতে আসতেন, তাঁদেরও কেবল শুষ্ক নীতি পদ্ধতির জ্ঞান বিতরণ না করে সার্বিক গঠন ও আত্মবিকাশে সাহায্য করতে, পথ প্রদর্শন করতে সক্ষম হয়েছিল, এ বড়ো কম কৃতিত্ব নয়।

শিক্ষাগুরু মহাত্মা ডেভিড হেয়ারকে প্রণাম। আর স্মৃতির মণি-কোঠায় শ্রদ্ধা জানাই এই কলেজের শিক্ষক সকলকে, যাঁরা তাঁদের পুণ্য প্রয়াসে আমাদের হৃদয় হরণ করেছিলেন, যাঁদের স্পর্শে এই প্রতিষ্ঠান আমাদের আদর্শ Alma Mater.

ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ, কিছু স্মৃতি

—খগেন্দ্রনারায়ণ দাস (১৯৫৪-৫৫)

১৯৫৪ সাল। খানাকুলের একটা স্কুলে শিক্ষকতা করি। তখনও দুবৎসর পূর্ণ হয়নি। তা সত্ত্বেও তখনকার নিয়মমতো জেলা বিদ্যালয় পরিদর্শকের মাধ্যমে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজে ভর্তির জন্য আবেদন করলাম। কিছু দিন পরে ইন্টারভিউর চিঠিও পেলাম। কিন্তু ইন্টারভিউর দিন কলেজে এসে তো চক্ষুস্থির। তখন কলেজ লনে কোনো বাগান ছিল না। বিরাট লন আবেদনকারিতে ভরে গেছে। ভিড়ের জন্য নোটিশ বোর্ডগুলির কাছে যাওয়া যাচ্ছে না। শুনলাম সরকার নাকি ঘোষণা করেছে একমাত্র প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরাই ইনক্রিমেণ্টের সুযোগ পাবে। তাই ভর্তির জন্য এই ভিড়। যাক অনেক কষ্টে জানতে পারলাম ডেভিড হেয়ার ও বালীগঞ্জ স্কুল মিলে দশটি ঘরে লিমিত পরীক্ষা হবে। বিকালের দিকে বিভিন্ন ঘরে বাইরের প্রার্থীদের মৌখিক পরীক্ষা হবে। কলকাতার প্রার্থীদের পরের দিন মৌখিক পরীক্ষা হবে। যতটা মনে পড়ছে লিখিত পরীক্ষায় একটা রচনা লিখতে দেওয়া হয়েছিল। আর ছিল বেশ কয়েক পৃষ্ঠার পার্‌সন্যালিটি টেষ্ট। ওটা বোধ হয় ছিল সাইকোলজিক্যাল ব্যুরোর তৈরি করা। অল্প কিছু দিন আগে অধ্যক্ষ কে. ডি. ঘোষ বদলি হয়ে গেছেন। কথাবার্তা থেকে বুঝতে পারলাম পরিবর্তন সম্বন্ধে সকলেই সচেতন। দারোয়ন শালীগ্রামতো বলেই ফেলল 'কে. ডি. ঘোষ যব থা তব কলেজকা রেলিং ভি কাঁপতা থা'। তখনও কলেজে অধ্যাপিকারা ছিলেন, আমার মৌখিক পরীক্ষা নিয়েছিলেন দুজন অধ্যাপিকা।

কিছুদিন পরে চিঠি পেলাম আমি ভর্তির জন্য নির্বাচিত হয়েছি। আমার স্কুলে প্রধান শিক্ষক ছিলেন বি. টি. তে ইউনিভার্সিটির ছাত্র। তিনি বললেন, খগেনবাবু, ডেভিড হেয়ারে চান্স পেয়েছেন, ধরে নিন আপনার বি. টি. পাশ করা হয়ে গেছে। শুনে মনে মনে তখনই ডেভিড হেয়ারের জন্য খানিকটা গর্ব বোধ করলাম। ডেভিড হেয়ারে পড়তে পারব জেনে নিজেকে ভাগ্যবান বলে মনে হল। ভর্তির চিঠির সঙ্গে কয়েকটি বইয়ের নাম দেওয়া ছিল। বলা হয়ে ছিল কলেজে যোগ দেওয়ার আগে যেন সম্ভব হলে বইগুলি পড়ে নিই।

১লা জুলাই বালীগঞ্জ স্কুলের অ্যাসেম্ব্লি হলে অধ্যক্ষ ডি.এন. রায়ের প্রথম বক্তৃতা। তিনি উঠেই বললেন, আমি এখন ভারতবর্ষের সব থেকে পুরানো ও সব থেকে নতুন ট্রেনিং কলেজের ছাত্রছাত্রীদের সম্ভাষণ করছি। অআজ হেস্টিংশ হাউসে মেয়েদের জন্য Institute of Education for women-এর প্রতিষ্ঠা হল। অনেক আশা ছিল জীবনে প্রথম Co-education College-এ পড়তে পারব। কিন্তু প্রথম দিনই হতাশ হতে হল। অবশ্য যাদের বিজ্ঞান ছিল তেমন আটটি মেয়ে আমাদের সঙ্গে বিজ্ঞানের ক্লাশগুলি করত। আর মাঝে মাঝে দূর থেকে ভূগোলের মেয়েদের কাকলি শুনতে পেতাম। তখন বয়সের দিক থেকে বিচার করলে ছাত্রদের মধ্যেও বেশ বৈচিত্র্য ছিল। তাদের মধ্যে সদ্যপাশ করা ছেলে থেকে পঞ্চান্ন বছরের প্রৌঢ় পর্যন্ত সকলেই ছিল। তবে অধিকাংশেরই বয়স ছিল ত্রিশ থেকে পঁয়তাল্লিশের মধ্যে। এ থেকেই বোঝা যায় তখন স্কুলগুলিতে আনট্রেণ্ড শিক্ষকই বেশি ছিলেন।

অধ্যক্ষ তাঁর প্রথম ভাষণেই সারা বছরের কবে কী হবে তার বিস্তারিত বিবরণ দিয়ে দিলেন। বোঝা গেল এ বড় কঠিন ঠাঁই। সকাল দশটা থেকে পাঁচটা পর্যন্ত ঠাসা কার্যক্রম। এখানে ফার্স্টএড্, হিন্দী ও ফিজিক্যাল এডুকেশনের ক্লাস আবশ্যিক। প্র্যাকটিস টিচিং-এর ক্লাশ করতে হবে পুরো দুমাস। ষাটটা সুপার ভাইজড্ লেসন্ দিতে হবে। বুঝলাম এ ট্রেনিং এর সঙ্গে ঘোড়ার বা সার্কাসের পশুদের



মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য এবং মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী সুদর্শন রায়চৌধুরী।

ট্রেনিং-এর কোন পার্থক্য নেই। আরও বুঝতে পারলাম যাঁরা 'বর্ন-টি চার' তাঁরা কেন ডেভিড হেয়ারে না পড়ে ইউনিভার্সিটিতে বি. টি. পড়তেন।

এবার ডেভিড হেয়ারের বিল্ডিং সম্বন্ধে কিছু বলা যেতে পারে। আগেই বলেছি তখন লনে কোনো বাগান ছিল না। লনের উত্তর ও পুবদিকে দোতলা বিল্ডিং ছিল। উত্তর দিকের বিল্ডিং-এর তিনতলাটি ছিল না। পুব দিকের দোতলায় এখন যেখানে ভুগোলের ক্লাশ হয় তখন সেখানে এ-সেকশানের ক্লাশ হত। নিচে ছিল অফিস, লাইব্রেরি ও স্টাফ্‌রুম। উত্তর দিকের বিল্ডিং-এর দোতলায় ছিল সাইকোলজিক্যাল ব্যুরো ও দু-একজন অধ্যাপকের বসার ঘর। নিচে ছিল বি ও সি সেকশনের ক্লাশ রুম আর দু একটি ছোট টিউটোরিয়াল রুম। লনের পশ্চিম দিকে যে বিল্ডিংটি রয়েছে সেখানে তখন একটা বেশ ভাল ক্যান্টিন ছিল। বালীগঞ্জ স্কুল ও ডেভিড হেয়ারের মধ্যে তখন নিবিড় ঘনিষ্ঠতা ছিল। স্কুলের অ্যাসেম্ব্লি হলটা কলেজের সভাসমিতি ও সোশলের জন্য ব্যবহার করা হত। বিজ্ঞানের লেবোরেটরিগুলিও ছিল স্কুলের একতলার পিছন দিকের ঘরে। বালীগঞ্জ সার্কুলার রোডের একটি বাড়িতে আর্ট এণ্ড ক্র্যাফ্‌টের ক্লাশ হত। ওটাকে বলা হত কলেজ অ্যানেক্স। তখন অধ্যাপকদের কোন কোয়ার্টার্স ছিল না। হোস্টেল ছিল সার্নি পার্কে। আমরা দল বেঁধে বালীগঞ্জ সার্কুলার রোড দিয়ে কলেজে আসতাম। সময়টা অপব্যবহার না করে আমরা হাঁটতে হাঁটতে প্রশ্ন নিয়ে আলোচনা করতাম। হিন্দী কবিতা মুখস্থ করার ওটাই ছিল একমাত্র সময়। এখন যেখানে হোস্টেল হয়েছে তখন সেখানে ছিল খাটাল। জমি দখল করার জন্য আমরা কিছু দিন ওখানে ভলি বল খেলেছি।

বি. টি. পড়তে আসার আগে আমরা সকলেই অন্তত পনের বৎসর স্কুলকলেজে পড়েছি। কিন্তু মাত্র দশ মাসে ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের প্রতি যে ভালবাসা ও অধ্যাপকদের সঙ্গে সে নিবিড় সম্পর্ক গড়ে উঠেছিল তার কোন তুলনা হয় না। অধ্যাপকদের অনেকেই তাঁদের মধুর ব্যবহার এবং পাঠদান সম্বন্ধে সুচিন্তিত নির্দেশ দানের মাধ্যমে আমাদের মনে স্থায়ী দাগ কেটে ছিলেন। আমরা পেয়েছিলাম গণিত ও বিজ্ঞনের অধ্যাপক সুবচনী প্রসাদ মুখার্জীকে, ভুগোলের অধ্যাপক লোকেশচন্দ্র চক্রবর্তীকে ইংরেজির অধ্যাপক নরেশচন্দ্র ভট্টাচার্য এবং বিভূতিভূষণ ভট্টাচার্যকে এবং বাংলার অধ্যাপক সুধীর রায়কে। অধ্যাপক দিবাকর দাস মহান্ত নতুন এসে আমাদের চিত্ত জয় করে নিয়েছিলেন। অধ্যাপক জে. পি. মিত্রেকে চিরকাল মনে থাকবে তাঁর রসিক সুলভ স্বভাবের জন্য। টিউটোরিয়াল ক্লাসে তাঁর বলা গল্প ট্রেনিং কলেজের প্রত্যেক অধ্যাপকের জানা দরকার। একদিন ক্লাসে এসেই তিনি বললেন 'আর আপনাদের কী পড়াব? কেবল একটু মুলো ঠুকতে পারি।' গল্পের গন্ধ পেয়েই আমরা জানতে চাইলাম মূলো ঠোকা কী? তিনি তখন গল্পটি বললেন। এক কর্মকারের কাছে একটি ছেলে কাজ শিখত। কিছু দিন পরে সে অন্য জায়গায় চলে গিয়ে বেশ ভাল কাজ শেখে। দেশে ফিরে এসে সে পথের ধারে একটি বড় কামান বানিয়ে রাখে। একদিন বাজার থেকে ফেরার পথে সেই আগের কর্মকার কামানটি খুঁটিয়ে দেখে বললে, "কামানটায় দুএকটা ত্রুটি রয়ে গেছে, আমি ঠিক করে দিচ্ছি। এই বলে সে হাতের মুলো দিয়ে কয়েক জায়গায় ঠুকে দিল। গল্পটি বলে অধ্যাপক মিত্র বললেন, 'আমরাও শুধু মুলো ঠুকতেই পারি।'

তখন অধ্যাপক রুদ্র ও অধ্যাপক পালিতের মত প্রেসিডেন্সি কলেজের কয়েকজন বিখ্যাত অধ্যাপক বিজ্ঞানের 'কনটেন্টস' পড়াতে আসতেন। তাঁদের পড়ানোর কায়দায় বিষয়গুলি আমাদের কাছে নতুন মাত্রা পেয়েছিল। একজন অধ্যাপক এত সুন্দর অ্যাস্ট্রনমি পড়াতেন যে আমরা সকলেই আকাশ সম্বন্ধে সচেতন হয়ে উঠি এবং অনেক নক্ষত্র চিনে ফেলি।

প্র্যাকটিস্ টিচিং-এর গুরুত্ব তখন অনেক বেশি ছিল। টানা দুমাস ক্লাস নিতে হত এবং অন্তত ষাটটা সুপারভাইসড্ লেসেন্ দিতে হত। প্রত্যেক দিন বিকাল বেলা কলেজে এসে পরের দিনের লেসেন নোট অ্যাপ্রুভ করিয়ে নিতে হত। এসময়ই অধ্যাপকদের কাছে আসা যেত এবং তাঁদের সুচিন্তিত মতামত জানা যেত। নবম শ্রেণীর গণিতের লেসেন নোট দেখতেন অধ্যাক্ষ রায় নিজে। আমরা যারা হোস্টেলে থাকতাম তাদের প্রায়ই আটটা পর্যন্ত অধ্যক্ষের ঘরে বসে থাকতে হত। ক্লাসে পড়ানো নিয়ে মাঝে মাঝে বেশ কঠোর মন্তব্য শুনতে হত। তবে কখনও কখনও মজা যে হত না তা নয়। একদিন আমার টিফিনের পর ষষ্ঠ শ্রেণীতে বিজ্ঞান ক্লাস ছিল। এ সময় সাধারণত সুপারভাইজার আসেন না বলে আমার প্রস্তুতিও ছিল না। হঠাৎ দেখি মিশ্রজী এসেছেন। সঙ্গে সঙ্গে কয়েকটি রঙিন চক্ আর ডাস্টার নিয়ে ক্লাসে গেলাম। বোর্ডে এক প্লেট খাবার এঁকে তীর চিহ্ন দিয়ে লিখলাম ক্ষয় পূরণ, বৃদ্ধিসাধন ইত্যাদি। মিশ্রজী ভাল হাতের লেখা বাংলা পড়তে পারতেন। আমার আঁকা দেখে তিনি খুব খুশি। প্রশংসা করে একপৃষ্ঠা মন্তব্য লিখেছিলেন, কলেজের পরীক্ষার খাতা দেখা নিয়ে ও মজা হত। আমাদের এক বন্ধুর মেথড পেপার ছিল প্রাইমারি এডুকেশন। একবার পরীক্ষায় সে চার নম্বর খাতার ৬৪ পৃষ্ঠাই উত্তর লিখেছিল। মাঝে মাঝে সানি পার্কের রাস্তার দু ধারের সাহেবদের নামে তিন চার লাইন করে উদ্ধৃতি দেওয়া ছিল। বন্ধু টি নম্বর পেয়েছিল পঞ্চাশে চল্লিশ।

ডেভিড হেয়ারের ঠাসা পঠনপাঠনের কর্মসূচীর মধ্যেও খেলাধূলা ও সংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা ছিল। প্রত্যেক বধুবার বেলা একটার পর বালীগঞ্জ স্কুলের অ্যাসেমব্লি হলে গানবাজনা, আবৃত্তি, বিতর্ক প্রভৃতির ব্যবস্থা থাকত। সবচেয়ে গুরুত্ব ছিল বাৎসরিক অনুষ্ঠান ও পুনর্মিলন উৎসবের। এক সপ্তাহ ধরে প্রদর্শনী খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান চলত, শেষ হত পুনর্মিলন অনুষ্ঠানের মাধ্যমে। কলেজের লনে টেবিল সাজিয়ে রিইউনিয়ান টি-র ব্যবস্থা হত। খাবারের প্যাকেটটা বেশ বড়ো থাকত। টি বোর্ড থেকে গাড়ি এসে সুদৃশ্য কাপে চা পরিবেশন করত। সন্ধ্যার সময় অ্যাসেমব্লি হলে রিইউনিয়ন মিটিং-এর আয়োজন করা হত। ওটা ছিল কতকটা অফিশিয়্যাল অনুষ্ঠান। প্রথমেই জেনারেল সেক্রেটারি রিপোর্ট পড়তেন। তারপর থাকত 'ওল্ড বয়'-এর দীর্ঘ স্মৃতিচারণ। মিটিং শেষ হত সভাপতি হিসাবে অধ্যক্ষের ভাষণ দিয়ে। সব শেষে থাকত প্রাক্তন ছাত্রদের নাটক।

আমার নিজের শিক্ষাবর্ষ বলেই বলছি না। সে বছর ডেভিড হেয়ারে উৎসাহী ছাত্রদের একটা জোয়ার এসেছিল। সে জোয়ারের রেশ ছিল পরের বছরের রিইউনিয়নেও। আমরা কলেজের চিঠি বা বিজ্ঞপ্তির অপেক্ষায় না থেকে নিজেদের মধ্যে যোগাযোগ করে প্রায় সকলেই রিইউনিয়নে এসেছিলাম। আমাদের শিক্ষাবর্ষের কৃতী ছাত্রদের সংখ্যাও লক্ষণীয়। অধ্যাপক কমল চাটার্জী, অধ্যাপক অমর ঘোষ, অধ্যক্ষ রথীন রায়, অধ্যাপক সুধীর পাল, অধ্যক্ষ মদন ঘোষ, ইন্টালি স্কুলের প্রধান শিক্ষক প্রফুল্ল ভট্টাচার্য, হেয়ার স্কুলের প্রধান শিক্ষক নিমাই ভট্টাচার্যের মত অনেকেই ১৯৫৪-৫৫ শিক্ষাবর্ষের ছাত্র।

অনেক কিছু বলা হল। এবার পঞ্চাশ বছর আগের স্মৃতি রোমান্থনে সম্ভাব্য ভুলভ্রান্তির জন্য মার্জনা চেয়ে লেখা শেষ করছি।

একটি পালকির খোঁজে

(ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে)

—সমীর চক্রবর্তী

মার্বেল ফলকটা এখনও আছে। হারিয়ে যায়নি। ৪ নম্বর হেয়ার স্ট্রিটের বাড়ির দেওয়ালে লেখা—"On this site formerly stood the residence of David Hare, Born 1775 Died 1842." এ সবই বইয়ে রয়েছে। তবু দেখার ইচ্ছে হওয়াতে হেয়ার স্ট্রিটের NICCO House-এর গেটে গিয়ে খুঁজেছিলাম Marble Table-টিকে। কিন্তু খুঁজছিলাম আরও কিছু। সেই লোকটিকে যিনি আজ থেকে প্রায় দু-শো পাঁচ বছর আগে ১৮০০ খ্রিস্টাব্দের ১০ই ডিসেম্বর মার্কিংটন জাহাজে পোর্টস্ সাউথ বন্দর থেকে যাত্রা শুরু করে ১৮০১ খ্রিস্টাব্দের ৪ঠা মে ডায়মণ্ডহারবারে জাহাজ থেকে নেমেছিলেন ভারতবর্ষে ঘড়ির ব্যাবসা করতে। প্রায় কম বেশি ২০০ বছর আগে।

১৮০১ সালে ডেভিড হেয়ার পৌঁছালেন কলকাতায়, ঘড়ির ব্যাবসা করতে। জাঁকিয়ে বসলেন ঘড়ির ব্যাবসায়। প্রভূত অর্থ উপার্জন করলেন। কলকাতায় সম্পত্তি করলেন অনেক, বলতে গেলে সারা কলেজ স্কোয়ার এবং আশেপাশের প্রায় সব জমিই ছিল ডেভিড হেয়ারের সম্পত্তি।

এরপর আরও একশো বছর কেটে গেছে, ১৯০৯ সালে তৎকালীন Mr. Alexander Pedler-য়ের পরিকল্পনায় ডেভিড হেয়ার ট্রেনিং কলেজ শুরুর একটা আভাস পাওয়া যায়। আমরা যে তথ্য পাই সেটা হল—"The College owes its genesis to a comprehensive scheme, drawn up by Mr. Alexander Pedler, Director of Public Instruction, Bengal, in June 1901, for better training of teachers of English vernacular schools in the provinces comprising of Bengal, Bihar and Orissa."

তবে এই কলেজের স্থাপনা এবং এই কলেজের নামকরণ এই কলেজের বিভিন্ন দিক নিয়ে যে দু-জন সবচেয়ে বেশি ভাবনাচিন্তা করেছিলেন তাঁরা হলেন Prof. H. R. James, তৎকালীন প্রেসিডেন্সী কলেজের Principal এবং ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের Principal Prof. W. E. Griffith। তাঁদের পরিকল্পনামোতাবেক এই Training কলেজের প্রয়োজনীয়তার গুরুত্ব এবং তা অস্থায়ীভাবে শুরু করার ব্যবস্থা তাঁরা করেন। ২১শে জানুয়ারি ১৯০৮ সালে Prof. James-য়ের নেতৃত্বে যে Committec তৈরি হয়েছিল সেখানেই প্রথম বলা হল ১লা জুলাই ১৯০৮ থেকে এই কলেজ শুরু হবে। হিন্দু হেয়ার স্কুলের আশেপাশে এই কলেজ অস্থায়ীভাবে চালু হবে যাতে ঐ স্কুলগুলিকে কলেজের Practical কাজে লাগানো যায়। Albert College-য়ের (আজকের কফি হাউস) পাঁচটি ঘর নিয়ে শুরু হয়েছিল এই কলেজ। Prof. James প্রস্তাব করেছিলেন কলেজের নাম হোক David Hare Training College।

আরও একশো বছর পরে কলেজটিতে স্নাতকোত্তর বিভাগের (M. Ed.) পঠন পাঠন শুরু হওয়ার সাথে সাথে (২০০২ থেকে) আজ কলেজটি Institute of Advanced Studies in Education-য়ে পরিণত। NSOU-IASE-র অধীনে ২০০৪ সালে শুরু হল M. Phil in Education কোর্স। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে।

১৮৩৫ সালে মেকলে ডেভিড হেয়ার সম্বন্ধে বলেছিলেন, "ভারতের শিক্ষার ব্যাপারে যাঁরা আজ আগ্রহী তাঁদের মধ্যে মিষ্টার হেয়ারই প্রথম কাজে নেমেছিলেন...এ দেশের বাসিন্দাদের....ইংরেজি ভাষার চর্চায় উৎসাহিত করার জন্য...কারণ এটাই ছিল পাশ্চাত্যের বিজ্ঞানকে আয়ত্ত করার সব থেকে উপযোগী পন্থা।" আবার ডঃ সুশোভন সরকারের ভাষায় যুক্তিবাদী মন তাঁকে আকৃষ্ট করেছিল ডিরোজিওর দিকে, দুজনেই বিশ্বাস করতেন ভারতবর্ষের সব থেকে বেশি করে দরকার—"ইউরোপীও জ্ঞান-বিজ্ঞানের ব্যাপক প্রসার।" ডেভিড হেয়ার, তাঁর জীবনের শ্রেষ্ঠ সময়টা চার দশকের বেশি (১৮০১-১৮৪২) উৎসর্গ

করেছিলেন বাংলার মানুষদের জন্যে। উনিশ শতকে আমাদের পুনরুত্থান ও নবজাগরণের ভিত্তি স্বরূপ ছিল যে নতুন শিক্ষা, তাঁর অন্যতম স্থপতি ছিলেন ডেভিড হেয়ার।

এই ডেভিড হেয়ারের ছিল একটি সুসজ্জিত পালকি। হেয়ার সাহেব বাইরে বের হলেই দলে দলে ছেলেরা—"me poor boy, have pity on me, me take in you school" বলে তাঁর পালকির দুধারে ছুটত। এই পালকি ছিল হেয়ার সাহেবের বাহন। তখন কলকাতা শহরের সবেমাত্র গোড়াপত্তন হচ্ছে। যানবাহনের পত্তন ঘটেনি। প্রায় সব সম্পন্ন লোকেরাই পালকি ব্যবহার করতেন। আর হেয়ার সাহেবের পালকি, তা ছিল দেখার মতো। কী না ছিল তাতে, যেন ছোটখাটো একটা ঘর। ঔষধ, তোয়ালে, সাবান, তেল, মাজন, ছুরি আর বই। আর থাকত খাবার আর একটা বেত। হেয়ার সৎ কাজ করতেন দৃষ্টির আড়াল থেকে। নিঃশব্দে অতি সংগোপনে, তিনি কল্পনাগুলিকে রূপ দিতেন। তাঁর দৈনন্দিন কাজগুলো ছিল ছকে বাঁধা।

রসিককৃষ্ণ মল্লিক বলেছেন, হেয়ারের পালকি একটা রীতিমতো ঔষধাগার বিশেষ, সব রকম রোগ সারাবার ঔষধ তাতে মজুত থাকত। আবার রাজনারায়ণ বসু তাঁর "আত্মচরিত" গ্রন্থে লিখেছেন যে স্কুলের ছুটি হবার সময় হেয়ার সাহেব তাঁর স্কুলের ফটকে তোয়ালে, সাবান প্রভৃতি নিয়ে দাঁড়িয়ে থাকতেন। তোয়ালে দিয়ে ছেলেদের দেহের ময়লা পরিষ্কার করে দিতেন। অপরিচ্ছন্ন ছেলেদের বেতও খেতে হত।

হেয়ার সাহেবের পালকি সেই সময় ঘুরে বেড়াত গঙ্গার ঘাটে, মাধববাবুর বাজারে, কলুটোলা, পটলডাঙ্গা, আরপুলি, ঠনঠনিয়া প্রভৃতি জায়গায়—যেখানে যেখানে তাঁর স্কুলগুলো ছিল। সেই পালকিতে চড়েই হেয়ার সাহেব যেতেন তাঁর স্কুল সোসাইটির স্কুলগুলো পরিদর্শনে, হিন্দু কলেজ পরিদর্শনে, ছাত্রদের বাড়িতে, আবার কখনও কখনও গঙ্গার ঘাটে। যেখানে ছাত্রদের তত্ত্বাবধায়ক হিসাবে হেয়ারের সতর্কতা ছিল গোয়েন্দাদের মতোই নিপুণ। তাঁর ছাত্ররা যাতে বাবুদের পাল্লায় না পড়ে, তাই প্রত্যেক ঘাটে তীক্ষ্ণ দৃষ্টি রাখতেন পালকিতে ঘুরে ঘুরে। এই ভাবে প্রায়ই তিনি পলাতক ছাত্রদের ধরে ফেলতেন এবং পরে তাদের কপালে শাস্তিও জুটত।

গৌরমোহন বিদ্যালঙ্কার বালক রামতনু লাহিড়ীকে হেয়ারের ফ্রি স্কুলে ভর্তি করবার জন্যে কী রকম সাধ্য-সাধনা করেছিলেন তা আমরা শিবনাথ শাস্ত্রী মহাশয়ের "রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ" থেকেই পাই। তখনকার দিনে অনেক মা-বাবাই এইভাবে হেয়ারের পালকির পেছন ঘুরে তার ছেলেকে ইংরেজি শেখাবার ব্যবস্থা করেছিলেন হেয়ারের স্কুলে। শিবনাথ শাস্ত্রী লিখেছেন—হেয়ারের পালকির সঙ্গে সঙ্গে কিছু দিন ছুটিতে হইবে। বালক রামতনু তাহাই করিতে লাগিলেন। তিনি হাতিবাগানে বিদ্যালঙ্কারের বাসা হইতে সকাল সকাল আহার করিয়া কোনও দিন বা অনাহারে হেয়ারের বহির্গত হইবার পূর্ব্বেই ক্রে-সাহেবের ভবনের দ্বারে গিয়া উপস্থিত হইতেন, এবং তাহার পালকির সহিত ছুটিতে আরম্ভ করিতেন। হেয়ারের পালকি নানা স্থানে যাইত এবং এক এক স্থানে অনেকক্ষণ বিলম্ব করিত। রামতনু সর্ব্বত্রই যাইতেন ও অপেক্ষা করিতেন। একদিন অপরাহ্নে হেয়ার স্বীয় ভবনে ফিরিয়া আসিয়া পালকি হইতে অবতরণ করিয়া দেখিলেন বালকটির মুখ শুকাইয়া গিয়াছে।...

এইরূপে প্রায় দুই মাসেরও অধিককাল গত হইল। শেষে হেয়ার বুঝিলেন এ বালক ছাড়িবার পাত্র নয়, বিদ্যাশিক্ষা বিষয়ে ইহার অতিশয় আগ্রহ। তখন তাঁহাকে ফ্রি বালকের দলে লইতে স্বীকৃত হইলেন।"

এদেশীয় সমাজে তাঁর যতখানি প্রভাব ছিল, কোনো বেসরকারী ব্যক্তির পক্ষেই এর আগে তা অর্জন করা সম্ভব হয়নি। কীভাবে একটি ব্যক্তি শিক্ষার শাণিত দীপ্তি ও প্রখর বুদ্ধিবৃত্তি ছাড়া বা পদমর্যাদা, ক্ষমতা ও ঐশ্বর্যের অধিকারী না হয়েও শুধুমাত্র উদীয়মান তরুণ সম্প্রদায়ের উন্নতি বিধানের অব্যাহত প্রচেষ্টায় রত থেকে বছরের পর বছর ধরে দেশীয় সমাজের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রভাবময় আসনটি অধিকার করে রাখতে পারে, হেয়ার তার উল্লেখযোগ্য উদাহরণ। বোধহয় এক্ষেত্রে তিনি ভারতবর্ষে

একজন লোক রোজই বা প্রায়ই আপেল খায়। আপেল খেতে খেতে একদিন দেখল যে আপেল টক। ভালো করে দেখতে গিয়ে দেখে আপেলটা কাঁচা। ব্যস্, তারপর ভুলেই গেছে ব্যাপারটা। বেশ কিছু দিন পরে আবার ,কদিন ওই ঘটনার পুনরাবৃত্তি। তবে কী কাঁচা আপেল মাত্রেই টক, বা আপেল টক হলেই কাঁচা হবে? এবার সে নিজেই পরীক্ষা করতে শুরু করল। দেখল যে, টক হলেই আপেল কাঁচা হবে— এটা ঠিক নয়; তবে কাঁচা আপেল টকই হয়। এটা হল একটা প্রকল্প। এবার সে আপেল উৎপন্ন হয় যে সব জায়গায়, সেখানে সেখানে গেল। দেখল, ঠিকই। তারপর দেশ বিদেশের পরিচিত মানুষের কাছে খোঁজ নিল, তাদের দিয়ে পরীক্ষা করিয়ে নিল, কখন-কোথায়-কবে-কীভাবে-কী ধরনের আপেল পরীক্ষিত হয়েছে, তা লিখিয়ে নিল, আপেলের উদ্ভিদবিদ্যাগত বৈশিষ্ট্যসমূহ উদ্ভিদবিদ্যাবিশারদকে দিয়ে শংসিত করিয়ে নেওয়া হল। এইভাবে দেশ-কালের যথাসম্ভব বিভিন্নতায় যখন দেখা গেল যে, কাঁচা আপেল টক, তখন বিস্তারিত ও বিভিন্ন পরিবেশে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রকল্প সূত্রে উত্তীর্ণ হল। 'কাঁচা আপেল টক'— এখন হল সূত্র (law)। কিন্তু কেন? আপেলে আছে আইসো ভ্যালেরিক অম্ল (iso-valeric acid)। এটা জানা যে অম্ল মাত্রেই টক। এই আইসো-ভ্যালেরিক অম্লের উপস্থিতিই কাঁচা আপেলকে টক করে। কাঁচা আপেলে কিন্তু আপেলের বিশেষ গন্ধটা থাকে না, বদলে একটা টক টক গন্ধ থাকে। তারপর আপেল পরিপূর্ণতা লাভ করে যখন, তখন আপেলের মধ্যস্থিত বিশেষ উৎসেচক (enzyme)-এর ও সূর্যালোকের প্রভাবে এই আইসো ভ্যালেরিক অম্ল আইসো-অ্যামিল, আইসো-ভ্যালেরেট নামক এস্টারে পরিণত হয়। এস্টার হচ্ছে 'জৈব যৌগ' আর এরা সুন্দর মিষ্টি গন্ধযুক্ত। তাই পাকা আপেল মিষ্টি ও সুন্দর বিশেষ গন্ধযুক্ত। এটা হল 'কাঁচা আপেল টক'-এর তত্ত্ব। এই তত্ত্ব কতগুলো স্বীকৃত বা জ্ঞাত তথ্য বা postulate-এর উপর নির্ভরশীল। এগুলো হল ঃ অম্লটক, এস্টার মিস্টি গন্ধযুক্ত ইত্যাদি। বিজ্ঞানের ক্ষেত্রে একটি ভালো উদাহরণ হল আভোগেড্রো প্রকল্প/সূত্র। এই ইতালীয় বিজ্ঞানী ১৮১১ সালে পূর্ব-প্রস্তাবিত বার্জেলিয়াস (সুইডিশ্ বৈজ্ঞানিক) -এর প্রকল্পের সংশোধন করে বললেন, "অভিন্ন তাপমাত্রা ও চাপে সম আয়তন যে কোনও গ্যাসে সমসংখ্যক অণু (বার্জেলিয়াস বলেছিলেন পরমাণু) থাকবে।" এটি অ্যাভোগেড্রো প্রকল্প। তারপর কেটে গেছে কতদিন! নানা ধরনের ভৌত ও রাসায়নিক পরীক্ষা পরোক্ষভাবে এই প্রকল্পের সত্যতা প্রতিষ্ঠিত করেছে। এই প্রকল্পের প্রত্যক্ষ প্রমাণ নেই এই কারণে যে, অণু গোনা সম্ভব নয়। বর্তমানে তাই একে আমরা অ্যাভোগেড্রো সূত্র বলি। বার্জেলিয়াসের প্রকল্প অশুদ্ধ প্রমাণিত হওয়া সত্ত্বেও একে আমরা 'সংস্কার' বলব না, 'কুসংস্কার' তো নয়ই। আবার এ-ও বলব না যে অ্যাভোগেড্রো এর 'সংস্কার সাধন করেছিলেন'

(reformed); বলব যে অ্যাভোগেড্রো বার্জেলিয়াসের প্রকল্পটি সংশোধিত (রূপান্তরিত বা আংশিক পরিবর্তিত) করেছিলেন (modified)। তবে মনে প্রোথিত বিস্ময়ের সংস্কার-সাধনের (reformation) বৈজ্ঞানিক প্রচেষ্টায়ও প্রকল্পের জন্ম হতে পারে।

আমরা আগেই বলেছি যে আধুনিক শব্দতত্ব অনুযায়ী সংস্কারের মধ্যে একটি ঋণাত্মক ভাবনা আছে, যার চরম অবস্থা 'কুসংস্কার'। ইংরেজিতে আমরা এদের প্রতিশব্দ হিসাবে যথাক্রমে prejudice ও supertion বলতে পারি। মনস্তত্ত্ববিদরা কুসংস্কার থেকে সংস্কার বা পূর্বসংস্কার (prejudice) নিয়ে বেশি ভাবিত। সামাজিক মনস্তত্ত্ববিদ্যা (social psychology)-য় এই 'সংস্কার' নিয়ে প্রভূত গবেষণা করা হয়েছে এবং হচ্ছে। সংস্কার এবং কুসংস্কার-এর পার্থক্য মাত্রা (degree)-য়, রকম (kind)-এ নয়। কিন্তু দুটোই ক্ষতিকর। তাই অবশ্যই অপনোদনীয়। আর এই অপনোদন সম্ভব শিক্ষার মাধ্যমে। লক্ষণীয় আমরা 'শিক্ষা বলেছি, 'বিদ্যা' নয়। শিক্ষা (education) এবং 'বিদ্যা' (knowledge) অভিন্ন নয়। রবীন্দ্রনাথ তাঁর 'শেষের কবিতা'-র অমিতর মুখ দিয়ে বলিয়েছেন 'হীরের আংটিটা হচ্ছে বিদ্যা, আর তার থেকে ঠিকরে পড়া আলো হচ্ছে কালচার'। না, ঠিক হল না, কালচার ঠিকরায় বিদ্যা থেকে নয়, ঠিকরায় শিক্ষা থেকে। তাই বলা যায় শিক্ষা = বিদ্যা + x। এই 'x' রাশিটা ভীষণ ভীষ—ণ গুরুত্বপূর্ণ। ক্ষেত্রবিশেষে এমনও হতে পারে যে, শিক্ষা = x , অর্থাৎ এক্ষেত্রে 'বিদ্যা = O'। হতে পারে, ক্ষতি নেই। সংস্কার/কুসংস্কার অপনোদিত হতে পারে, শিক্ষারই মাধ্যমে। বিখ্যাত মনস্তত্ত্ববিদ্ এস-পি-আদিনারায়ণ লিখছেন ঃ As a weapon to fight prejudice, the psycologist prefers to think of education rather than knowlege. Mere imparting of knowledge has a 'take it or leave it' side to it. The responsibility of the giver ceases soon after the imparting. But education is a more active, constructive business where the giver and the receiver cooperate in making something out of knowledge এই কথা থেকে দুটো জিনিস খুব পরিষ্কার বেরিয়ে আসছে। দুটো নয়— তিনটে। প্রথমত ঃ আচার্য প্রফুল্লচন্দ্র ছিলেন একজন শিক্ষক— প্রকৃত শিক্ষক। দ্বিতীয়ত ঃ শিক্ষককে প্রকৃত 'শিক্ষক' হয়ে উঠতে হবে— জ্ঞানদাতা নয়। তৃতীয়ত ঃ শিক্ষককেই সংস্কার/কুসংস্কার অপনোদনের ভার নিতে হবে। শিক্ষকের কাজের মূল উদ্দেশ্য তো জাতি গঠন। আর এই জাতি গঠনে সবচেয়ে বড় উপাদান হচ্ছে মানুষ তৈরি। সুশিক্ষিত মানুষই পারে জাতিকে বহমানা নদীর মতো স্বচ্ছ, গতিময় ও সৃষ্টিশীল করে রাখতে। রবীন্দ্রনাথের কথা ঃ "যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে / অজস্র শৈবাল দাম বাঁধে আসি তারে। / যে জাতি জীবন হারা অচল অসার / পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।" 'লোকাচার' 'সংস্কার'-এরই রকমফের। রবীন্দ্রনাথ দেখাচ্ছেন অগ্রগতি স্তব্ধ হলেই শৈবালদামসদৃশ লোকাচারের প্রতিবন্ধক এসে জড়ো হয়। এই অগ্রগতি কীসের? অবশ্যই আর্থ সামাজিক অগ্রগতি। আর এই সামাজিক অগ্রগতির একটা অবিচ্ছেদ্য অংশ সাংস্কৃতিক। দেশ বা জাতির অর্থ তো হচ্ছে মানুষ। আর স্বাভাবিক ভাবেই দেশের প্রতিটি কোণার মানুষের সমান অগ্রগতি ঘটে না। আর যে কোন দেশ বা জাতির ক্ষেত্রে বৈচিত্রের সমাবেশ দেখা যায়। ভারতবর্ষের ক্ষেত্রে এটা খুবই বেশি ও সুপ্রকট বলে আমরা এর জন্য গর্ববোধ করি; কিন্তু কোন দেশেই অবিমিশ্র সমসত্ত্বতা নেই, থাকা সম্ভবও নয়। নানা অভ্যন্তরীণ কারণে বিভিন্ন মানবগোষ্ঠীর বা বিভিন্ন অঞ্চলে সমান অগ্রগতি ও শ্রীবৃদ্ধি সম্ভব হয় না। যে সব অংশে শিক্ষার প্রসার অপেক্ষাকৃত কম বা যেখানে আর্থিক সাচ্ছল্য নীচের দিকে, সেখানকার মানুষের মধ্যে সংস্কার— আচ্ছন্নতা লক্ষ্য করা যায়। কিন্তু দেশ/জাতির গড় অবস্থান সাধারণভাবে এতে ক্ষতিগ্রস্ত হয় না। কিন্তু ইতিহাস সাক্ষ্য দিচ্ছে যে সময়মতো সতর্ক না হলে এতে যে সামান্য ফাটল সৃষ্টি হয় কালক্রমে তা জাতীয় সংহতিকে বিধ্বস্ত করে ভাঙনের পথে নিয়ে যেতে পারে দেশ ও জাতিকে। মজা হচ্ছে যে এই ভাঙন ঘটে

আর্থিক ও রাজনৈতিক বৈষম্য সম্বন্ধে মানুষ যখন অবহিত হয়ে ওঠে। কিন্তু প্রথম দিকে অবহেলিত জনগোষ্ঠী অভিমানবশতঃ নিজেদের সংস্কৃতিকে আশ্রয় করে সরে থাকতে বা নিজেদের গুটিয়ে নিতে থাকে। এ সময় তারা লোকাচার বা সংস্কারকে সংস্কৃতি বলে ভুল করে। অংশের অগ্রগতি রুদ্ধ হয়ে পড়ায় জাতির অবাধ অগ্রগমনের স্রোতধারা ব্যাহত হয় এবং স্থানবিশেষে ঘূর্ণাবর্তের সৃষ্টি হয়, এর আধিক্য ঘটলে বা একে অবহেলা করলে বিপদ অনিবার্য। শিক্ষা-কেবলমাত্র শিক্ষাই এই বিপদ রুখতে পারে। শিক্ষাই মনের কোণে লালিত সংস্কারকে দূর করে স্বাজাত্যবোধের জন্ম দিতে পারে, যা ব্যষ্টিতে সমষ্টির অংশম্মন্যতাবোধ তৈরি করে এবং জাতির একজন হিসাবে তাকে ত্রুটির বিরুদ্ধে সোচ্চার হতে উদ্বুদ্ধ করে। নিজে সোচ্চার না হতে পারলেও সোচ্চার কণ্ঠের সঙ্গে গলা মেলাতে উৎসাহ দেয়।

শিক্ষা চিন্তার স্বকীয়তাকে উদ্বুদ্ধ করে, যুক্তিবিশ্লেষণের প্রবণতা উস্কে দেয় এবং সত্যের প্রতি একটা খোলা-মন-ধারণা তৈরি করে। আর এভাবেই শিক্ষা সংস্কারের সঙ্গে যুদ্ধে অস্ত্রের কাজ করে। স্বামী বিবেকানন্দ এ বিষয়টিকে আরও অল্পকথায় আরও বিস্তৃতভাবে বলেছেন, "মানুষের ভিতর যে পূর্ণত্ব প্রথম থেকেই আছে, তারই প্রকাশ-সাধনাকে বলে শিক্ষা।" রবীন্দ্রনাথও একই কথা বললেন একটু অন্য ভাবে, "আমাদের যে শক্তি আছে তাহারই চরম বিকাশ হইবে, আমরা যাহা হইতে পারি তাহাই সম্পূর্ণভাবে হইব, ইহাই শিক্ষার ফল।" আর একটু এগিয়ে রবীন্দ্রনাথ আবার বললেন, "যে শিক্ষা অন্তরের অমৃত তাহার সাহায্যেই আমরা মৃত্যুর হাত এড়াইব।" রবীন্দ্রনাথ তাই বারবার 'মানসিক শক্তি-হ্রাসকারী নিরানন্দ শিক্ষার হাত এড়াতে' 'চিন্তাশক্তি ও কল্পনা শক্তি'-কে উদ্বেলিত করতে চেয়েছেন। চিন্তা কল্পনাশক্তি না থাকলে তো মানুষে আর রোবটে কোন পার্থক্যই থাকে না! বিবেকানন্দ তাই বলছেন, "চালিত যন্ত্রের ন্যায় ভাল হওয়ার চেয়ে স্বাধীন সত্তা—চৈতন্য-শক্তির প্রেরণায় মন্দ হওয়াও আমার মতে কল্যাণকর।" বললেন বটে, কিন্তু মজা এই যে চৈতন্যশক্তি কাউকে মন্দ হবার প্ররোচনা দেয় না।

এই শক্তি তো মানুষের মধ্যে প্রথম থেকেই আছে। তাকে উদ্বোধিত করতে হবে। শিক্ষকই এই উদ্বোধক। বিবেকানন্দ বলেছেন, "উপদেষ্টার কর্তব্য কেবল পথ থেকে বাধাবিঘ্নগুলো সরিয়ে দেওয়া"; 'রাস্তা সাফ করে দেওয়া' "ছেলেগুলো যাতে নিজ নিজ হাত-পা নাক-কান, মুখ-চোখ ব্যবহার করে, নিজের বুদ্ধি খাটিয়ে নিতে শেখে।" আচার্য প্রফুল্লচন্দ্র তাই করতে চেয়েছিলেন একেবারে 'প্র্যাক্টিক্যালি'। আচার্যদেব দুঃখ পেয়েছেন এই ভেবে যে ছেলেরা 'বুঝিত, আবার গ্রহণ মুক্তির স্নান করিতে গঙ্গাতেও যাইত।' না, দুঃখ পাওয়া নিষ্প্রয়োজন ছিল। সংস্কার/কুসংস্কার বিতাড়ন অত সহজ নয়। বহুদিনের প্রোথিত জগদ্দল পাথর এক ধাক্কায় সরে যাবে, ভাবা ভুল। তবে একজনকে তো প্রথম ধাক্কাটা দিতে হবে! একটা সহজ অঙ্কের হিসাব নেওয়া যাক। মনে করা যাক, দিনে একবার ধাক্কা দিলে একশ দিনে কোনও একটা পাথর সরানো যায়। আজ যদি প্রথম ধাক্কাটা দিই তবে শততম দিনে পাথরটাকে উপড়ানো যাবে; আর কাল প্রথম ধাক্কা দিলে উপড়ানো যাবে একশ একতম দিনে। তাই যত তাড়াতাড়ি হয় ততই মঙ্গল। আচার্যদেব জানতেন, জেনেও দুঃখ পেয়েছেন এই কারণে যে তিনি উচ্চ শিক্ষা গ্রহণরত বিজ্ঞানের ছাত্রদের বৈজ্ঞানিক পদ্ধতিতে সংস্কার মুক্ত করতে চেয়েছিলেন, কিন্তু আশু ফললাভে ব্যর্থ হয়েছিলেন। আখেরে যে ব্যর্থ হননি, আধুনিক যুগের প্রেক্ষিতে ভাবলেই তা বোঝা যায়।

সংস্কার/কুসংস্কার দূর করার ব্যাপারটা যে কত প্রয়োজনীয় ও কঠিন, তা একটা তথ্য থেকেই প্রমাণিত হয়। রয়্যাল সোসাইটি যখন প্রতিষ্ঠিত হয় (১৬০৬ খৃঃ, নথিভুক্ত হয় ১৬৬২-তে), তখন এর প্রথম কাজই হল দীর্ঘলালিত সংস্কার বা অন্ধবিশ্বাসের বিরুদ্ধে সংগ্রাম করে এদের অসারতা প্রতিপন্ন করা। একটা বর্ণনায় দেখি, অধিবেশন বসেছে যে বিষয়টির নিষ্পত্তি করতে তা হল গণ্ডারের শিঙের গুঁড়ো দিয়ে তৈরি বৃত্তের মধ্যে একটা পিঁপড়ে ছেড়ে দেওয়া হলে সেই বৃত্ত ডিঙিয়ে আসা পিঁপড়েটির অসাধ্য

সেই অধিবেশনের জন্য গণ্ডারের শিঙের গুঁড়ো গিয়েছিল ভারতবর্ষ থেকে। সেই গুঁড়ো যে সত্যিই গণ্ডারের শিঙের তা নানাভাবে প্রত্যয়িত করা হয়েছিল। অনুরূপে পিঁপড়েটিকেও প্রাণিবিজ্ঞানীদ্বারা শংসিত করা হয়েছিল। সব ব্যবস্থা করে দেখা গেল পিঁপড়েটি অনায়াসে ওই গুঁড়োর বৃত্ত অতিক্রম করল। এভাবে দিনের পর দিন। আর এসব কাজের অনেকটাই যেহেতু গীর্জার বিরুদ্ধে গেল, তাই গীর্জার ধর্মধ্বজীরা এঁদের বিরুদ্ধে খড়্গহস্ত হয়ে উঠল। গীর্জার পক্ষে প্রশাসন। তাই এসব অধিবেশন হত বারাঙ্গনা পল্লীতে।

এই ঘটনায় আরেকটি বিরাট সত্য বেরিয়ে আসে। তা হল এই যে মানুষের অগ্রগতির ইতিহাসে ব্যষ্টিগত ও সমষ্টিগত হিসাবে প্রতিটি মানুষের অবদান রয়েছে। মনে পড়ে অক্ষয়কুমার বড়ালের একটি কবিতা (মানব বন্দনা)-র পঙ্‌ক্তি : 'শরণ্য একত্বে তুমি বরেণ্য এককে'। ছাত্রছাত্রীদের দৃষ্টি এদিকটির প্রতি আকৃষ্ট করানো খুবই দরকার। শিক্ষক, ধরা যাক, ক্লাস নিচ্ছেন। পড়াচ্ছেন কাজি নজরুল ইসলামের 'বারাঙ্গনা' কবিতাটি ঃ 'কে বলে তোমায় বারাঙ্গনা মা, কে থুতু দেয় ও গায়ে?/হয়তো তোমার স্তন্য দিয়াছে সীতা কোন সতী মায়ে'। কিংবা পড়াচ্ছেন গুরুদেব রবীন্দ্রনাথের 'ওরা কাজ করে' : 'তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল... বহুদূরে প্রসারিত এদের বিচিত্র কর্মভার, /তারি পরে ভর দিয়ে চলিতেছে সমস্ত সংসার'। [দুর্ভাগ্য এই যে প্রথম কবিতাটি প্রকাশিত হওয়ার পর সজনীকান্ত দাস তাঁর 'শনিবারের চিঠি'-তে লিখেছিলেন, 'এইবার ঠিক হইয়াছে। নজরুল অবশেষে তাঁহার মাকে বেশ্যা বলিয়াছেন।'] এই দুটি ক্ষেত্রে প্রতিপাদ্য বিষয়ের সঙ্গে রয়েল সোসাইটির ঘটনাটি কী সুন্দর খাপ খেয়ে যাচ্ছে। এভাবেই শিক্ষক প্রসঙ্গকে ধরে প্রসঙ্গান্তরে যেতে পারেন, শিক্ষাদানকে নেহাতই সংকীর্ণতার খোলে বদ্ধ না রেখে তাকে প্রসারিত করে দিতে পারেন বহু বিচিত্র ধারায়। এর প্রয়োজন আছে। শিক্ষকের দায়িত্ব ও কর্তব্যের কথা সাধারণভাবে না বলে যদি শুধু আমাদের নিজেদের দিকে তাকাই, তবে কিন্তু এটি এক অবশ্য কর্তব্যের মধ্যে পড়বে। এখন তো নিয়ম হয়েছে যে পাঠ্যপুস্তকের প্রথমেই আমাদের পবিত্র সংবিধানের প্রস্তাবনা-অংশটি মুদ্রিত করতে হবে। এই প্রস্তাবনা অংশ যদি লক্ষ করি তবে দেখব সেখানে আছে ঃ আমরা, ভারতের জনগণ যথাবিধি ভারতকে একটি সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিকপ্রজাতন্ত্রে সংস্থাপিত করতে সংকল্প নিয়ে এবং সমস্ত নাগরিকদের বিধান করতে ঃ

ন্যায়বিচার, সামাজিক, আর্থিক এবং রাজনৈতিক স্বাধীনতা, চিন্তার, প্রকাশের, বিশ্বাসের (belief), প্রত্যয়ের (faith) এবং আরাধনার।

* * *

লক্ষণীয় বিশ্বাস ও প্রত্যয়ের স্বাধীনতার কথা বলা হয়েছে। এ থেকে মনে হতে পারে যে, পূর্ব সংস্কারও তো বিশ্বাস! যে যেই বিশ্বাসে খুশি থাকে, থাকুক না তা নিয়ে। তবে আমাদের প্রস্তাবনার এই অংশের সঙ্গে পড়তে হবে "অংশ IV A : মৌলিক কর্তব্যসমূহ" (Fundamental duties) অংশটি। এই অংশ সংবিধানের আদি সংস্করণে ছিল না। ১৯৭৬-এর ৪২তম সংশোধন (৩. ১. ১৯৭৭ থেকে কার্যকরী হয়)। এতে আছে [51-A (h) অংশে] "বিজ্ঞানমনস্কতা, মানবিকতা এবং অনুসন্ধিৎসা ও সংস্কারের প্রবণতা বিকাশ করা (to develop the scientific temper, humanism and the spirit of inquiry and reform". স্পষ্টই সংস্কার বা কুসংস্কারকে বিজ্ঞান ও অনুসন্ধিৎসার আলোকে দূর করতে হবে। এটা স্বাধীন ভারতের নাগরিকমাত্রেরই অন্যতম সাংবিধানিক কর্তব্য। আর শিক্ষকরা স্বাধীন দেশের নাগরিক তৈরি করেন, আগামী প্রজন্মকে তৈরি করেন— আর যেহেতু মানুষ নিয়েই দেশ— তাই বলা যায় তাঁরা দেশকে নিয়ত তৈরি করে চলেছেন, শিক্ষকদের উপর স্বভাবতঃই এই দায়িত্ব বেশি করে বর্তায়।

শিক্ষকেরা কীভাবে বিজ্ঞানমনস্কতা সংক্রমিত করে সংস্কার/কুসংস্কার দূর করতে সচেষ্ট হবেন, তা আলোচনা করার আগে সংস্কার কী, তা নিয়ে আলোচনা করে নেওয়া যাক। মনোবিজ্ঞানীরা বলে থাকেন, সংস্কার হচ্ছে জীবনের প্রতি একটা বিশেষ মনোভাব, জটিল সমস্যা নিয়ন্ত্রণের একটি বিশেষ উপায়। এর তাৎক্ষণিক ফল সন্তোষজনক হলেও আখেরে এটি ক্ষতিকর। সংস্কারের ইংরাজি প্রতিশব্দ prejudice -এর উৎস লাটিন praejudicium থেকে, যার অর্থ previous judgement। মধ্যযুগের ইংরাজিতে, পুরোনো ফরাসীতেও একই অর্থে এটি ব্যবহৃত— more previous judgement, ইংরাজিতে এর অর্থ কোন বিচার বা অধিকারকে অগ্রাহ্য করে কারও কোন কাজের ফলশ্রুতিতে ক্ষতি হওয়া। আরেকটি অর্থ আগে থেকে গড়ে নেওয়া কোন বিচার বা বিশ্বাস। 'অযৌক্তিক শত্রুভাব' ও বোঝায় এতে। বাংলায় সংস্কার বলতে এই সব অর্থের একটা সমন্বয়। এটি সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে বৌদ্ধিক শ্রম বাঁচানোর একটা পথ, বা একে বলা যায় snap-judgement-বা ঝটিকা-বিচার বা ঝটিকা-সিদ্ধান্ত। এই সংস্কার পক্ষে (pro) বা বিপক্ষে (anti) হতে পারে; দুটিই সমান ক্ষতিকর। মনোবিজ্ঞানীরা আরও দুটি শব্দগুচ্ছ ব্যবহার করেন এই প্রসঙ্গে ঃ (i) অবাস্তব চিন্তা (antisitic thinking) ও মানসিক আলস্য (mental laziness)। একবার যদি একটা বিশ্বাস/ধারণা/ভাবনা মনে গেঁথে যায়, তবে আর পুনর্ভাবনা বা পুনর্নিরীক্ষার কষ্ট স্বীকার না করে তাকে আঁকড়ে থাকার প্রবণতাই এই সংস্কার বা prejudice-এর জন্ম দেয়।

অবশ্য কিছু কিছু সংস্কার দৈনন্দিন জীবনে স্বাভাবিক ও অবশ্যম্ভাবী। সারা পৃথিবীতে এমন কোন জায়গা নেই যেখানে সংস্কার দেখা যায় না। এই সংস্কারের উৎস কোথায়? মনোবিজ্ঞানীরা এই সংস্কারের উদ্ভবের একাধিক উৎস নির্দেশ করেছেন। এই উৎস আবার দুরকম ঃ (১) নৈর্ব্যক্তিক এবং (২) ব্যক্তিকেন্দ্রিক। নৈর্ব্যক্তিক উৎস আবার একাধিক, যেমন — (১) সংঘ (group)-উৎস ঃ ব্যক্তি মানুষ তো সঙ্ঘের বা সমাজেরই অংশবিশেষ। সংঘ বৃহত্তর অর্থে সমস্ত পৃথিবী বোঝায় (তুলনীয় ঃ বুদ্ধং শরণং গচ্ছামি, ধম্মং শরণং গচ্ছামি, সঙ্ঘং শরণং গচ্ছামি)। সমাজের লালিত সংস্কার সহজেই এবং স্বভাবতঃই তার মধ্যে স্পর্শাবে। পরীক্ষা করে দেখা গেছে সাধারণত বয়ঃকালের চতুর্থ ও পঞ্চম বর্ষের মধ্যে এটি ঘটে। (২) জাতিকেন্দ্রিকতা (ethnocentrism) ঃ এটি দেখা যায় সাধারণভাবে কোন জাতি বা মানবগোষ্ঠী অন্যের সাপেক্ষে নিজেকে বেশি বড়ো মনে করার প্রবণতায়। এই বোধকে গোষ্ঠী-উন্নাসিকতা বা group snobbery বলা যায়। (৩) অপরিচয় (unfamiliarity) ঃ দুই গোষ্ঠী, জাতি বা দেশের মধ্যে সবচেয়ে বেশি দুই ধর্মের মধ্যে অপরিচয় মানুষের মনে পরস্পরের প্রতি ভয়, ঘৃণা, অবিশ্বাসের জন্ম দেয়। যেমন ইংরেজ ও ভারতবাসীর মধ্যে একটা সময়ে বিরাট ব্যবধান ছিল সম্পূর্ণ অপরিচয়ের জন্য। যেমন ভারতবাসীরা মাটিতে বসে খায়— যেটা ইংরেজদের কাছে রীতিমতো ব্যায়ামচর্চা, ভারতবাসীরা হাত দিয়ে খায়— ইংরাজরা এটাকে অসভ্যতা মনে করত; ঢেকুর তোলা ইরেজদের কাছে রীতিমতো অভব্যতা, আর ভারতীয়দের ক্ষেত্রে এটা ভদ্রতাবিরুদ্ধ নয়, বরং অনেক ক্ষেত্রে নিমন্ত্রণকারীর পরিবেশিত খাবারের উৎকর্ষের স্বীকৃতি হিসাবে গণ্য হয়। আবার একত্রে খাবার সময় চুপ করে থাকা ভারতীয়দের কাছে ভব্যতাবিরুদ্ধ না হলেই ইংরেজদের কাছে তা-ই। আসলে ভারতীয়দের কাছে 'খাওয়া' ব্যাপারটা ব্যক্তিগত আর পাশ্চাত্যে এটি সামাজিক। ফলে যে পার্থক্য বোধের সংস্কার দুই পক্ষে জন্ম নেয় তার মধ্যে ইংরেজদের মনে আসে ভারতীয়দের প্রতি তাচ্ছিল্যবোধ আর ভারতীয়দের মনে একটা মিশ্র মনোভাব। ইংরেজরা শাসক অর্থাৎ রাজার জাত— এ থেকে আসে একটা হীনম্মন্যতাবোধ, আর সেই হীনম্মন্যতাবোধ স্বাজাত্যবোধ তথা উগ্র জাতীয়তাবোধ, দূরে থাকবার প্রবণতা ইত্যাদির সঙ্গে মিশে স্থির করে যে ইংরেজ ম্লেচ্ছ। রাজার জাত বলে অস্পৃশ্য ঘোষণা করা

যায় না, তাই 'জলচল নয়' ঘোষণা করা হয়। এমনকি তাদের দেশে খাওয়াও নিষিদ্ধ। গেলে গোবর খেয়ে প্রায়শ্চিত্ত করতে হয়। এখানে আমরা পরিষ্কার দেখলাম সংস্কার কীভাবে কুসংস্কারে পরিণত হয়। তাই সংস্কার ও কুসংস্কারের মধ্যে আমরা একটা পার্থক্য নির্দেশ করতে পারি এইভাবে ঃ সংস্কার নির্দেশ করা কঠিন, কিন্তু দূর করা অপেক্ষাকৃত সহজ; আর কুসংস্কার নির্দেশ করা সহজ, কিন্তু দূর করা খুবই কঠিন। আরও কঠিন হয় এই কারণে যে কুসংস্কারকে ধর্মের সঙ্গে জড়িয়ে ফেলে তাকে একেবারে ধর্মধ্বজী ও মৌলবাদীদের আওতায় নিয়ে ফেলা হয়। (৪) আর্থিক কারণ ঃ গেরহার্ট সীঙ্গার (Gerhart saenger) লিখেছেন, "জাতপাতের উঁচুনীচুর ধারণাটা শুধু যে শোষকের বিবেকের উপর প্রলেপ দিয়ে রাখে তা নয়, এটি সংখ্যাগুরু অংশের পরিবর্তনশীল অর্থনৈতিক চাহিদা মিটাতেও দরকার হয়ে পড়ে।" এ আজকের কথা নয়। আমাদের দেশের আর্য-অনার্যের যুদ্ধ এবং তার ফলশ্রুতি চতুর্বর্ণ প্রথা, আমেরিকার তুলো চাষের জন্য নিগ্রো ক্রীতদাসদের নিয়োগের বিষয়, দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গদের এক সময়ের বিশ্বাস যে কৃষ্ণাঙ্গরা প্রশাসনিক কাজের বা বিশেষ দক্ষতার কাজের অযোগ্য—এগুলো থেকেই আর্থিক কারণটা অনুভূত হয়।

আরেক ধরনের কারণ হচ্ছে ব্যক্তিকেন্দ্রিক কারণ। অবশ্য ব্যক্তি আর গোষ্ঠীর মধ্যে পার্থক্য করা অত সহজ নয়। ব্যক্তি গোষ্ঠী থেকে যেমন গ্রহণ করে, তেমনি সে গোষ্ঠীকে দেয়ও তো কিছু! সব দিক বিচার করলে এই সিদ্ধান্তেই আসতে হয় যে— কিছু সংস্কার মানুষ গোষ্ঠী থেকে সংগ্রহ করে, আর কিছু জন্ম নেয় ব্যক্তির নিজস্ব মানসিক প্রক্রিয়ায়। যে মানসিক চিন্তা-প্রক্রিয়াকে কখনো কখনো গতিবিজ্ঞান-প্রক্রিয়াসমূহ (dynamisms) বলা হয়। গতিবিজ্ঞান-প্রক্রিয়া হচ্ছে বিশেষ চিন্তা-প্রক্রিয়া, যার আছে বাধ্য করার ক্ষমতা। অর্থাৎ এটি হচ্ছে কার্যে-উপচে-পড়া চিন্তা। কাজেই দেখা যাচ্ছে গতিবিজ্ঞান-প্রক্রিয়া হল সংস্কারের কারণ; এটি পূর্বে বর্ণিত সামাজিক কারণের বিপরীত। এই গতিবিজ্ঞান প্রক্রিয়ার আবার রকমফের আছে, যেমন ঃ

(ক) নৈরাশ্য-আক্রমণ প্রকল্প (frustration aggression hypothesis) : এই প্রকল্প বলে যে নৈরাশ্য মাত্রেই আক্রমণ সৃষ্টি করে।

(খ) নির্বাধ ভাসমান আক্রমণ (free floating aggression) : নৈরাশ্য দূর করার সাধারণ উপায় হচ্ছে উন্নতির পথে বাধাগুলি দূর করে দেওয়া। কিন্তু যখন নানাবিধ কারণে এই বাধা দূরীকরণের পথে বাধা আসে তখনই এটি ঘটে। আক্রমণ স্পৃহা বা ক্রোধ স্বাভাবিক নির্গমনের পথ না পেলে অন্যভাবে প্রকাশ পায়। একটি উদাহরণ ঃ অফিসের বড়োসাহেব ছোটো সাহেবকে ধমকালেন; ছোটোসাহেব ধমকালেন বড়োবাবুকে, বড়োবাবু ধমকালেন কনিষ্ঠ কেরানীকে; তিনি ধমকালেন বেয়ারাকে; বেয়ারা বাড়ি গিয়ে ধমকালেন তাঁর স্ত্রীকে; স্ত্রী ধমকালেন ছেলেকে আর ছেলে তার পোষা বেড়ালটাকে মারল লাথি। আজকের প্রতিযোগিতার যুগে নৈরাশ্যগ্রস্ততা খুবই স্বাভাবিক। কিন্তু এর মূল কারণ অস্পষ্ট ও দুষ্প্রাপ্য হওয়ায় এ ধরনের সংস্কার দূরীকরণের ক্ষেত্রে সঠিক ধাপটি নেওয়া সম্ভব হয় না। সমাজ সাধারণতঃ নিজের গোষ্ঠীর মধ্যে এ ধরনের ব্যবহার সহ্য করনেনা, কিন্তু অন্য গোষ্ঠীর প্রতি এ ধরনের ব্যবহারে তারা দোষ দেখে না। একে তাই 'ঠোকরানোর তত্ত্ব' (peckingtheory) ও বলা যায়।

অবশ্য এই নৈরাশ্য-আক্রমণ প্রকল্পকে সর্বাত্মকভাবে গ্রহণ করা সমীচীন নয়। কারণ এটি সবক্ষেত্রে খাটে না। ধরা যাক 'x' নৈরাশ্যবশত নিজের অকৃতিত্বের জন্য 'y' ও 'z' -কে দায়ী করে থাকে। মনে মনে সে জানে যে মূলতঃ দায়ী হচ্ছে y; কিন্তু z-ও তার অসন্তোষ উদ্রেক করে, যেহেতু z, y-এর বন্ধু। এখন 'x' যদি কোনও উপলক্ষ্যে y-কে উপেক্ষা/অপমান/ঘৃণা করার সুযোগ পায়, তাহলে

যে সন্তোষ লাভ করবে z-এর প্রতি অনুরূপ ব্যবহার করলে তা হবে না। এখানে আমরা মানুষের কথা বললাম, প্রেক্ষিতের বিভিন্নতায়-ও এ জিনিস ঘটতে পারে। জার্মানরা যুদ্ধে হেরে গিয়ে ইহুদীদের প্রতি অত্যাচারী হয়ে ওঠে। এ অবস্থায় ইহুদীদের অত্যাচার করে যে আনন্দ তারা পেত, যুদ্ধে জয়ী হয়ে ইহুদীবিদ্বেষী হলে অনুরূপ অবস্থায় অন্য ধরনের আনন্দ পেত। হিন্দুদের মুসলমান-বিদ্বেষের ক্ষেত্রেও একই কথা বলা চলে। আর্যদের অনার্য-বিদ্বেষ অবশ্য অন্য ধরনের। শিক্ষাকে এ ধরনের সংস্কার নিয়ে কাজ করতে হলে তাই বিষয়টির মূলে যেতে হবে। খুবই সংবেদনশীল বিষয় এটি।

এই প্রসঙ্গে আরও দুটি কথা এসে পড়ে — (১) উপলক্ষ-নির্দেশন (scape goating) এবং (২) অভিক্ষেপণ (projection)। প্রথমটি স্বব্যাখ্যাত। নিজের পাপ, অকৃতি, দুরবস্থা ইত্যাদির জন্য অন্যকে দায়ী করা। জি-ডব্লু-অল্‌পোর্ট (G. W. Allport) তাঁর 'দি নেচার অব্ প্রেজুডিস্' বইয়ে All-duty scapegoat (সর্বক্ষেত্রোপলক্ষ) বলে একটা কথা ব্যবহার করেছেন। অনেক ক্ষেত্রেই কোন ধর্মীয়, জাতিপাত বা সম্প্রদায়গত একটি গোষ্ঠীর উপর সব দোষ চাপিয়ে দেওয়া হয়। দীর্ঘদিন লালিত হওয়ার ফলে এ ধরনের সংস্কার গভীরে প্রোথিত কুসংস্কার হয়ে দাঁড়ায়। আমেরিকানদের নিগ্রোবিদ্বেষ, জার্মানদের ইহুদী-বিদ্বেষ ও হিন্দুদের মুসলমান-বিদ্বেষ ক্রমবর্ধমান আক্রমণাত্মক সংস্কার।

অভিক্ষেপণ সংস্কার/কুসংস্কারের একটি গুরুত্বপূর্ণ ঘটনাশৈলী (mechanism)। এটি আসে ঈর্ষা (jealousy) বা দ্বেষ (envy) থেকে। একদল যখন কোন বিশেষ সুবিধা ভোগ করে, আর অন্যরা তা থেকে বঞ্চিত হয়, তখনই ঈর্ষা সৃষ্ট হয়। উৎকর্ষ বা যোগ্যতার প্রশ্ন বিবেচনায় না এনে তথাকথিত বঞ্চিতরা প্রথমোক্তদের উপর বিদ্বেষপরায়ণ হয়ে ওঠে। উদাহরণস্বরূপ ধরা যায়, দ্বিতীয় মহাযুদ্ধের সময় বিপজ্জনক অবস্থানে নিযুক্ত সৈনিকরা অপেক্ষাকৃত নিরাপদ স্থানে কর্তব্যরত সৈনিকদের উপর বিদ্বেষী হয়ে পড়ে। কিন্তু এটা তো পরিষ্কার যে এতে সংশ্লিষ্ট সৈনিকদের কোন হাত ছিল না। তাই বিদ্বেষীরা একটা অপরাধবোধে ভোগে, আর তা থেকে মুক্ত হতে গিয়ে এরা তাদের অপরাধবোধকে বিদ্বিষ্টদের উপর অভিক্ষেপিত করে। এভাবেই সে অপরাধবোধ থেকে মুক্ত হতে চায়। যেমন অসমবাসীরা ৬০ বা তার পরবর্তী বাঙালবিদ্বেষী আন্দোলনের সময় ভাবত যে বাঙালিরা আমাদের ব্যবসা-বাণিজ্য নষ্ট করছে। এটা 'আমি বাঙালিদের ব্যবসা বন্ধ করতে চাই'—ধারণার অভিক্ষেপিত চিন্তা-রূপ।

আরেকটি ব্যক্তিকেন্দ্রিক বিষয় হচ্ছে লিঙ্গ-বৈষম্য। আগে যে ঈর্ষার কথা বলা হল এই বিষম লিঙ্গের ক্ষেত্রে এটি সবচেয়ে প্রকট। প্রচলিত বিশ্বাস এই যে প্রতীচ্য থেকে প্রাচীতে মানুষ সেক্স-এর ব্যাপারে অনেক বেশি স্বাধীন ও মুক্তমনা। পাশ্চাত্যের মানুষের একসময়কার সুলতানের অন্তঃপুর নিয়ে একটা ঈর্ষার ভাব ছিল। আবার মুসলমানেরা একাধিক বিয়ে করতে পারে— এটি হিন্দুদের মনে ঈর্ষার উদ্রেক করত বা করে। পাশ্চাত্যে বিবাহবিচ্ছেদ সহজ—এটি আবার অনেক ক্ষেত্রে প্রাচ্যের মানুষের কাছে ঈর্ষণীয়। আমাদের হিন্দু সমাজের এক সময়ের কুলীনরা যেমন একসময় ঈর্ষার বস্তু হয়ে ছিল। এ তো গেল একদিক। আরেকটা দিক এই যে, নিগ্রোদের পৌরুষ ঈর্ষার বস্তু। আর্য অনার্যদের ক্ষেত্রে, গ্রাম-শহরের ক্ষেত্রে, বিভিন্ন জাত বা সম্প্রদায়ের মধ্যে এই পৌরুষের অভিব্যক্তি নিয়ে নানা বিশ্বাস আছে। পুরাণের যুগ থেকে এজন্য নানাধরনের ব্যভিচারের কাহিনী প্রচলিত। এই ব্যভিচার রোখার জন্যই একদল উপর স্তরের মানুষ বিধিনিষেধ আরোপ করে— পরে তা কুসংস্কার হয়ে দাঁড়ায়।

তৃতীয় আরেকটা দিক আছে। মেয়েদের দুর্বলতার সুযোগ নিয়ে পুরুষরা তাদের অত্যাচার করেছে। মেয়েদের সতীত্ব নিয়ে পুরুষদের বড়ো বেশি চিন্তা নানা ধরনের সামাজিক কুসংস্কারের জন্ম দিয়েছে। নাইটরা যত মানবদরদীই হোক নিজের স্ত্রীদের সতীত্ব অক্ষুণ্ণ রাখার জন্য তাদের লোহার জাঙ্গিয়া পরিয়ে যেত। সারা পৃথিবী জুড়ে বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে এ বিষয়ের নানা তথ্য পাওয়া যায়। স্ত্রী জাতিকে

সম্পত্তি থেকে বঞ্চিত করতে আমাদের দেশে যেমন সতীদাহ প্রথা এসেছিল তেমনি পুরুষের প্রতি বিশ্বস্ততার প্রমাণ হিসাবে ফ্যারাওদের সমাধিতে হারেমভর্তি স্ত্রীদের কবর দেওয়া হত। সেই যে ইতিহাস বলছে, সমাজবদ্ধ জীব যেদিন সম্পত্তি তৈরি করতে শিখল, প্রথম সম্পত্তি হল তার স্ত্রী আর কোনও মহিলা যে বিবাহিত তা বোঝাবার জন্য তীরের ফলা দিয়ে মাথার সিঁথি চিরে ক্ষত করা হত আর স্ত্রীকে যেমন ইচ্ছা ব্যবহারের অধিকারও জন্মাত। বেশি সন্তান হলে সম্পত্তি রক্ষায় সুবিধা তাই স্ত্রী হত সন্তান-উৎপাদনের যন্ত্র আর যত স্ত্রী তত সন্তান (অবশ্যই পুত্রসন্তান বেশি পছন্দের) স্ত্রীর প্রতি যথেচ্ছ ব্যবহারের উদাহরণ ম্যাক্সিম গোর্কির উপন্যাস (মা, পৃথিবীর পাঠশালায় ইত্যাদি) বা পল বার্কের উপন্যাস-এ চিত্রিত হয়েছে; আমাদের রামায়ণ, মহাভারত তো আছেই। অতীতের সংস্কার আজও বয়ে চলেছে বিবাহিতা মেয়েদের সিঁদুর পরা বা লোহা (নোয়া) বা গয়না পরা (যা বন্ধনের উপকরণ লোহার বেড়ির নামান্তর)-র মধ্য দিয়ে। এভাবেই সংস্কার কুসংস্কারে পরিণত হয়।

অত্যাচার যখন নিজেদের এবং অত্যাচারিতের মধ্যে পার্থক্য নির্দেশ করার পথ খুঁজে পায়, তখনই সে অত্যাচারের পিছনে নৈতিক সমর্থন খুঁজে বার করার জন্য সচেষ্ট হয়। এই পার্থক্যকেই মনস্তাত্ত্বিকরা বলেছেন দৃশ্যমানতা (visibility)। আর এটি খুঁজে পেলেই অত্যাচার ভিন্নভাবে প্রকট হয় এবং ফলে কুসংস্কার দৃঢ় ভিত্তি পায়। একে বলে 'শিকার করণ' (victimisation)।

এবার দেখা যাক, শিক্ষকরা কীভাবে এই সংস্কার বা কুসংস্কার দূর করার ক্ষেত্রে কাজ করতে পারেন। আমরা আগেই বলেছি যে কুসংস্কার চিহ্নিত করা সহজ, কিন্তু দূর করা কঠিন। এর একটা কারণ কুসংস্কারের সঙ্গে ধর্মীয় আবেগ, বিশ্বাস বা অনুভূতি (sentiment) জড়িত থাকে। সংস্কার অনেক সময় বোঝা কঠিন কিন্তু তা দূর করা সহজ। একটা উদাহরণ নেওয়া যাক। অজ্ঞতা বা অপরিচয় আমাদের দেশে হিন্দুমুসলমানের মধ্যে একটা দূরত্ব রচনা করেছে। এই অপরিচয়ের সংস্কার জলচলবিহীনতারূপ কুসংস্কারের সৃষ্টি করেছে। অনেক শিক্ষিত মানুষের মনে হয়ত শেষোক্ত কুসংস্কার নেই, কিন্তু অপরিচয় বা অজ্ঞতাজনিত সংস্কার রয়ে গেছে। যেমন অনেক শিক্ষিত লোকও হয়তো বলে বসেন, 'ও! উনি মুসলমান, আমি ভেবেছিলাম বাঙালি।' এই সংস্কার সামান্য অবধানতা দিয়েই কাটিয়ে দেওয়া যায়। জাত ও জাতির পার্থক্য একটু বুঝিয়ে দিলেই হল। শিক্ষকরা সহজেই এই ধারণা ছাত্রদের দিতে পারেন। শিক্ষকদের জেনে রাখা দরকার কী কী ধরণের সংস্কারে আমরা ভুগি; কী কী ধরণের সংস্কার অপনোদিত করা প্রয়োজন। সংবিধান পড়াবার সময়, যখনই জাতি কথাটা আসবে তখনই এই ধারণা দিয়ে দেওয়া দরকার। যখন পড়াতে হবে নজরুলের 'জাতের নামে বজ্জাতি' বা 'এক জাতি এক প্রাণ একতা' বা 'জগৎ জুড়িয়া এক জাতি আছে, সে জাতির নাম মানুষ জাতি' বা এই জাতীয় কোনো কিছু পাঠনের ক্ষেত্রে জাত/জাতি এসে যাবেই। এই প্রসঙ্গেই চলে যাওয়া যায় জাতিবিদ্বেষ-জাতীয় কুসংস্কারে। কাজি নজরুলের কবিতা 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতার পঙ্‌ক্তি, 'কাণ্ডারী, আজি পরীক্ষা জাতির অথবা জাতেরে করিবে ত্রাণ' একটি অসাধারণ উক্তি। এর সাহায্যে শিক্ষক অনেক দূর পর্যন্ত আলোচনায় চলে যেতে পারেন।

শিক্ষককে উপলক্ষ্য খুঁজে নিতে হবে। কিন্তু উপলক্ষ্যকে হতে হবে স্বতঃস্ফূর্ত, কোনোমতেই যেন এটা কষ্টকল্পিত মনে না হয়, জোর করে টেনে আনলে মাধুর্য নষ্ট হবার ভয় থাকে। রক্ত পড়াতে গিয়ে, রক্তের শ্রেণিবিভাগ পড়াতে গিয়ে অনেক আবেগতাড়িত ব্যাখ্যা দেওয়া যায় মানুষে মানুষ বিভেদীকরণের বিরুদ্ধে।

ধর্মীয় কুসংস্কার দূর করার প্রকৃষ্টতম উপায় ধর্মের তাৎপর্য বাস্তবে বোঝানো যে ধর্মের জন্য মানুষ নয়, মানুষের জন্য ধর্ম; ধর্ম কথাটা এসেছে 'ধৃ' ধাতু থেকে — যা ধারণ করে তা-ই ধর্ম। ধারণ করে

কোথায়? জ্ঞান, বুদ্ধি, উপলব্ধির এক সুউন্নত স্তরে। সব ধর্মই যে এক-প্রথমতঃ এই বোধটা মনে ঢোকানো দরকার। প্রকৃত ধর্ম যে মানুষকে ঘিরে— আর ধর্মের প্রাথমিক রূপ যে নীতিবোধ, এটাই ধর্মীয় বিদ্বেষ দূরীকরণের মহামন্ত্র। কন্‌ফ্যুসিয়াস যেমন বুঝিয়েছিলেন নিজের অবস্থানের উপরে উঠে বৃহত্তর কিছুর জন্য সামর্থ্যমতো কাজ করাই ধর্মাচরণ। ডব্লু ব্যারো লিখেছেন, 'Religion is equally the basis of private and public faith; of the happiness of the individual and the prosperity of the nation.' এই দুই মতবাদে কোনও পার্থক্য নেই। আবার রবীন্দ্রনাথ যখন গেয়ে ওঠেন, 'মুক্তি? ওরে মুক্তি কোথায় পাবি, / মুক্তি কোথায় আছে।/ আপনি প্রভু সৃষ্টিবাঁধন পরে বাঁধা সবার কাছে।/ রাখো রে ধ্যান, থাক্ রে ফুলের ডালি, / ছিঁড়ুক বস্ত্র, লাগুক ধুলাবালি, /কর্মযোগে তার সাথে এক হয়ে/ ঘর্ম পড়ুক ঝরে।" তখনও তো এই একই কথা— কর্ম আর ধর্মাচরণে কোনও ফারাক নেই। আর কর্ম মানে তো মঙ্গলকর কর্ম, তাবৎ জীবের জন্য যা শুভঙ্কর। এর সঙ্গে যদি মিলিয়ে নেওয়া হয় বিবেকানন্দের কথা, 'ধর্ম মানে শুধু মতবাদ নয়, ধর্ম মানে সাধনা। সৎ হওয়া আর সৎকর্ম করা— এই দুয়ের মধ্যেই সমগ্র ধর্ম।' তবে স্পষ্ট হয় যে ধর্মের মূল কথা মানুষ আর ধর্ম মানুষকেই আশ্রয় করে বিকশিত হয়। আর এই ধর্মাচরণের চরমতম প্রকাশ শ্রীরামকৃষ্ণের কথা, 'জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।' পাঠনের সময় বিভিন্ন সুযোগে শিক্ষকদের পবিত্র কর্তব্য ধর্মীয় অন্ধকারের বিরুদ্ধে প্রচার করা। বলাই বাহুল্য যে এটা যে প্রচার তা যেন বোঝানো যায়।

এখানে একটা তথ্য দেওয়া ভালো। চলচ্চিত্র উৎসবের বিচারের ক্ষেত্রে একটা নিয়ম হল এই যে, শিশু চলচ্চিত্রে যেন কোন 'স্লোগান' না থাকে। এমন কী, সার্থক শিশু চলচ্চিত্র হিসাবে সত্যজিৎ রায়ের ছবি 'গুপী গাইন বাঘা বাইন' পুরস্কৃত হয়নি এই যুক্তিতে যে ছবিটিতে যুদ্ধবিরোধী প্রচার ছিল (অবশ্য সেই উৎসবে ছবিটি সঙ্গীতের জন্য পুরস্কৃত হয়েছিল)। এ ব্যাপারটা শিক্ষকদের খেয়াল রাখতে হবে। আজকের প্রতিক্রিয়াশীল সমাজে সর্বত্রই ফ্যাসিজ্‌ম্ এর উঁকিঝুঁকি দেখা দিয়েছে ও দিচ্ছে। ফলে প্রকট প্রচার এক শ্রেণির মানুষকে ক্রুদ্ধ করে তুলতে পারে। ফলে এ ধরনের প্রচার সংশ্লিষ্ট শিক্ষকের উপর সমাজের অংশবিশেষের অসন্তোষ উৎপন্ন করতে পারে, আর তা আঘাত হয়ে নামতে পারে। না, 'আঘাত আসুক নবনব, আঘাত খেয়ে অচল রব' শিক্ষকের শপথ হতে পারে না। তার কাজ অন্যভাবে। একবারে মূলে গিয়ে আঘাত করতে হবে। অস্ত্র তাঁর পাঠন। পাঠন শৈলীকে তাই বিশেষভাবে শানিত করে তুলতে হবে।

বর্তমানের শিক্ষণ-কারুর বিশেষজ্ঞরা পাঠক্রম তৈরির ক্ষেত্রে যেসব পন্থা-প্রক্রিয়া-পরিকল্পনা (approaches, methods and planning) উপস্থিত করেছেন, তার মধ্যে একটি হচ্ছে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রবক্তা-পথিকৃৎ-বিশেষজ্ঞদের জীবন ও কাজের বিবরণ দিয়ে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করার প্রয়াস। উদাহরণ হিসাবে বলা যায়, বিজ্ঞানের ক্ষেত্রে এটি হবে ঃ motivating Iearners through life histories of scientists and their discoveries. শিক্ষকরা অনায়াসে মহান বিজ্ঞানীদের বৈজ্ঞানিক কাজকর্মের এবং বৃহত্তর সমাজের সঙ্গে তাঁদের মিথস্ক্রিয়ার বিবরণ দিতে পারেন— আর তাতে অনেক কথাই এসে পড়ে। উদাহরণ দেওয়া যাক ঃ তেজস্ক্রিয়তা ও রেডিয়াম/পোলেনিয়াম পড়াতে গিয়ে পিয়ের ক্যুরী ও মাদাম ক্যুরীর কথা আসবে। আসবে এই পরিবারকে নোবেল পরিবার বলা হয় সেকথাও। কারণটাও বলতে হবে স্বাভাবিক ভাবেই। এই পরিবারের মা (মাদাম মারিয়া শ্ক্লোদোভস্কা ক্যুরী) — মেয়ে (আইরিন জেলিও ক্যুরী), শ্বশুর (পিয়ের ক্যুরী)— জামাই (ফ্রেডরিক জেলিও ক্যুরী) নোবেল পুরস্কার পেয়েছিলেন। মাদাম ক্যুরী আবার পেয়েছিলেন দুবার। সেখানেও চমক— একবার পদার্থ বিদ্যায়, সেটা ১৯০৩ সালে পিয়ের ক্যুরি ও অঁরী বেকারেল-এর সঙ্গে যুগ্মভাবে, আর দ্বিতীয়বার ১৯১১ সালে এককভাবে রসায়নে।

এসবের সঙ্গে যে কথাটা আসতে পারে তা হল, তিনি মেয়েদের খ্রিস্টধর্মে দীক্ষা দেননি, দেননি কোনো ধর্মশিক্ষাও— নিজে যে ওসব গোঁড়ামিতে বিশ্বাস করতেন না। ছোট মেয়ে ইভ ক্যুরী তাঁর মায়ের অসাধারণ জীবন কথায় লিখেছেন যে মেয়েদের তিনি পরিষ্কার বুঝিয়ে দিয়েছিলেন যে বড় হয়ে ধর্মের ব্যাপারে তারা যেন তাদের নিজের নিজের খুশিমতো কাজ করে।

আরও একটা বিষয় এই বরেণ্যা বিজ্ঞানীর (বলা ভালো বিজ্ঞান-দম্পতির) জীবন থেকে শেখার। আজ উচ্চশিক্ষিত ছেলেমেয়েরা বেশিরভাগই ভালোবেসে বিয়ে করে। আবার যেহেতু উচ্চশিক্ষিত, তাই সহজেই আসে ভুল বোঝাবুঝি, অশান্তি— যা অবশেষে দাম্পত্য জীবনকে অসহনীয় করে তোলে। অনেকটা ওই like charges repel— আর কী! কিন্তু এই যে ক্যুরী দম্পতি— এঁদের তো মনীষা একেবারে উচ্চতম পর্যায়ের। অথচ কী মধুর এঁদের দাম্পত্য জীবন! (এঁদের জন্ম তারিখ যথাক্রমে ১৫ মে, ১৮৫৯ ও ৭ নভেম্বর ১৮৭৬); দাম্পত্য জীবনের হিসাব মাত্র ১১ বছরের (বিয়ে হয় ১৮৯৫ এর ২৬ জুলাই, আর পিয়ের দুর্ঘটনায় মারা যান ১৯ এপ্রিল, ১৯০৬)। ইভ ক্যুরী মায়ের জীবনকথায় লিখেছেন যে, সারাক্ষণ স্ত্রীর পাশে থেকে এমনই অভ্যাস হয়ে গিয়েছিল তাঁর (পিয়েরের) যে অল্প সময়ের জন্য ও মারী সরে গেলে তাঁর (বৈজ্ঞানিক) চিন্তার স্রোতে বাধা পড়ত। কেন ব্যাখ্যা করা যাবে না, ১৯০৩ থেকেই মাদাম ক্যুরীর মনের চারদিকে মৃত্যুর ছায়া যেন ভয় দেখিয়ে বেড়াত। একদিনের ঘটনা ইভ ক্যুরীর লেখার অনুবাদে ঃ

'পিয়ের।!'

বিপদের আশঙ্কায় মারীর কণ্ঠ প্রায় রুদ্ধ। বিজ্ঞানী অবাক হয়ে জিজ্ঞেস করলেন,

'কী হল? বল ডার্লিং বল, তোমার কী হয়েছে?'

'পিয়ের, আমাদের মধ্যে একজন কেউ যদি আগে যায়, অন্যজনে তাহলে কী নিয়ে বাঁচবে? আমরা তো একে অন্যকে ছাড়া বাঁচতে পারব না গো! পারব না! পিয়ের ধীরে ধীরে মাথা নাড়লেন। মারী— তাঁর প্রেয়সী নারীর মতো এ ধরনের কথায় নতুন করে যেন তাঁকে মনে করিয়ে দিল যে বিজ্ঞানীর সার্থকতা বিজ্ঞান-সাধনায়, এই সাধনা পরিত্যাগ করার কোনো অধিকার তাঁর নেই। আস্তে আস্তে তুলে ধরলেন মারীর বিষাদমাখা মুখটি, তাকালেন তাঁর চোখের দিকে, দৃঢ় কণ্ঠে বললেন, 'তুমি ভুল করছ ডার্লিং। যাই ঘটুক না কেন, যদি আমাদের মধ্যে একজনকে জীবন্মৃত অবস্থায় বেঁচে থাকতে হয়, তবু তাকেই চালিয়ে যেতে হবে এই কাজ।'

আমরা জানি ঘটেছিল ঠিক তাই। নির্জীবপ্রায় মারী মেয়েদের মানুষ করেছেন, বৃদ্ধ শ্বশুরের সেবা করেছেন, আর করে গেছেন আরব্ধ বিজ্ঞান সাধনা দুর্নিরীক্ষ্য চরিতার্থতার দিকে লক্ষ্য রেখে। আর সেই ১৯০৬-এর ২১শে এপ্রিল ঃ আবার ইভ ক্যুরির লেখায় ফিরে যাই। লিখছেন ইভ ঃ

শনিবার সকালে তোমায় শুইয়ে দিলাম আমরা, তখন তোমার মাথাটা ছিল আমারই হাতে। বরফশীতল তোমার মুখে এঁকে দিলাম শেষ চুম্বন। বাগান থেকে তুলে আনলাম গোটাকয়েক পেরিউইঙ্কল্ ফুল, আর তার সঙ্গে দিলাম আমার সেই ছবিটা—যেটা দেখে তুমি ভালোবেসে বলতে ঃ ছোট্ট লক্ষ্মী ছাত্রী। সেই ছবিটার তো তোমার সঙ্গে যাওয়াই উচিত, কারণ তার মালিককে কয়েকবার দেখেই তুমি এত খুশি হয়েছিলে যে তাকে জীবনসঙ্গিনী করে নিতে এতটুকু দ্বিধা করোনি। তুমি পরে অনেকবারই আমাকে বলেছ যে জীবনে সেই একবার মাত্র এতটুকু দ্বিধা না করে ঠিক কাজটা করছ এই বিশ্বাস নিয়ে আমার কাছে এসেছিলে। পিয়ের, আমার পিয়ের, আমার মনে হয় ভুল তুমি করোনি গো! আমরা দুজনই দুজনের জন্য নিজেদের তৈরি করেছিলাম। আমাদের মিলন ছিল চরম ইঙ্গিত। কী অপূর্ব এক মিলনের মহাকাব্য—হাসিতে গড়া কান্নায় ভেজা। ওগো আধুনিক যুগের প্রেমিক-প্রেমিকা একবার ভাবো।

আজকের ধাত্রীবিদ্যাবিশেষজ্ঞরা মাতৃদুগ্ধের শ্রেষ্ঠত্বের কথা প্রচার করেন। তাঁরাও ভাবতে পারেন এই মাদাম মারিয়ার কথা ছাত্রদের এবং রোগিণীদের কাছে পৌঁছে দিতে। মাদাম ক্যুরী আইরিনের দেড় বছর বয়স পর্যন্ত বুকের দুধ খাইয়েছেন। তাঁর লেখা একটা চিঠি এরকম ঃ আমার খুদে রাজরানীকে আমি এখনও ভরপেট দুধ দিতে পারি (আইরিন জন্মাবার আগে মাদামের শরীর খুবই খারাপ হয়েছিল— মাথা ঘুরত, সহজেই ক্লান্তি আসত আর বেশ দুর্বল হয়ে পড়ে ছিলেন।) কিন্তু ভয় হচ্ছে যে বেশিদিন বোধ হয় আর পারব না। সপ্তাহ তিনেক আগে ওর ওজন কমে যায়; ওকে অসুস্থ, খিন্‌খিনে ও নির্জীব মনে হচ্ছিল। সে ভাবটা দিনকয় হল কেটে গেছে। ওজন যদি ঠিকমতো বাড়ে তবে আমি ওকে খাইয়ে যাব।" অতিরিক্ত ফিগার-সচেতন মায়েরা ভেবে দেখবেন।

আজকের মা-বাবারা অফিসে বা অন্যত্র কাজ করেন বলে ছেলেমেয়ের দেখভাল করতে পারেন না। ধাত্রী বা নার্সের কাছেই তারা মানুষ হয়। কিন্তু তাতে যে তাদের সম্যক বিকাশ হয় না, বা অনেক ক্ষেত্রে তাদের মধ্যে অস্বাভাবিকতা দেখা দেয়। এই যে বিদেশে স্কুল ছাত্র বেপরোয়া বন্দুক চালাচ্ছে বা অন্যান্য গর্হিত অপরাধ করে বসছে—তার পিছনে একমাত্র না হলেও অন্যতম কারণ যে মা-বাবার সাহচর্য, অভিভাবকত্ব, নির্দেশ না পাওয়া, তাতে কোন সন্দেহ নেই। মা-বাবারা প্রত্যক্ষভাবে এসব দিতে না পারার খামতিটা পুষিয়ে দিতে চান উপহার ইত্যাদির অনাবশ্যক সম্ভারে। সেক্ষেত্রেও মাদাম ক্যুরী আদর্শস্থানীয়া। আইরিনের ছবছর পরে জন্মায় তার দ্বিতীয় মেয়ে ইভ। শরীর খারাপ, শ্বাশুড়ি অসুস্থ, অর্থের প্রাচুর্য অনুপস্থিত, শ্রমসাধ্য গবেষণার কাজ (মারীর কাজ ছেলেদেরই উপযুক্ত ছিল)— অথচ মেয়েদের জন্য ধাত্রী রাখেননি। পিয়ের একবার বলেছিলেন, 'বাচ্চা ছাড়া তোমার আর কোন চিন্তাভাবনা নেই দেখছি। মেয়েদের সস্তা ছিটের জামা পরিয়েছেন, কিন্তু সমুদ্রতীরে তাদের নিয়ে খেলেছেনও। বাচ্চাকে স্নান করানো, জামা বদলানো— সব তিনি নিজের হাতে করতেন। তাঁর ডায়েরীতে দেখা গেছে বাচ্চাদের সব খুঁটিনাটি লিখে রেখেছেন—কবে তারা বসতে শিখল, কবে দাঁত উঠল, কবে প্রথম কথা বলল। আইরিনের যখন পড়াশোনা শুরুর সময় এল, এক অসাধারণ কাজ করলেন মারী। তাঁর সমপর্যায়ের অধ্যাপকদের সঙ্গে কথা বললেন। এঁদের মধ্যে একাধিক নোবেলবিজয়ী আছেন। এঁরাও তো সব পিতামাতা। তাঁরাই সবাইকে পড়াতে লাগলেন। জনা দশেক বাচ্চা এক বিশ্বখ্যাত অধ্যাপকের কাছে একদিন রসায়নের তালিম নেয়, তো অন্য দিন নোবেল বিজয়ীর কাছে পদার্থবিদ্যা শিখছে; আবার ডাকসাইটে গণিতের অধ্যাপক তাদের গণিত শেখাচ্ছেন। এ এক এলাহি ব্যাপার। পৃথিবীর যে কোনও বিদ্বজ্জনসভা যাদের নিজস্ব বিষয়ের উপর বক্তৃতা শোনাকে দুর্লভ সৌভাগ্য মনে করবে তাদের কাছে এই ক্ষুদেরা শিখত মাটির কাজ, ছবি আঁকা ইত্যদি। ভাবা যায়! এই দশজন বাচ্চার মধ্যে অনেকে ভবিষ্যতে বিজ্ঞানী হিসাবে বিশ্বজোড়া খ্যাতির অধিকারী হয়েছিলেন। আইরিন তো নোবেল বিজয় করেছিলেন। মাদাম কুরী তো এদের পদার্থ বিদ্যা শেখাবার জন্য নিত্যনূতন পাঠ পরিকল্পনা (lesson plan) তৈরি করতেন। সহজ থেকে সহজতর পরীক্ষার কথা ভেবেছেন। রবীন্দ্রনাথের কথা মনে পড়ে— তিনি ক্লাস ফোরের ছাত্রদের কীট্‌স্ পড়িয়েছিলেন। মাদামের পড়ানোর একটা উদাহরণ ঃ একটি গরম জল ভরা পাত্র নিলেন। প্রশ্ন করলেন, 'বলো তো একে গরম রাখতে কী করা উচিত?' ক্ষুদেগুলি নিজেদের বুদ্ধিমতো সব মত দিল বেশ গম্ভীর ভাবে বা অত্যুৎসাহে। কেউ বলল, 'পশম দিয়ে জড়িয়ে রাখতে হবে'। আরেকজন বলল, 'কাছের থেকে সব জিনিস সরিয়ে রাখতে হবে' (তাপ সঞ্চালন শিখেছে যে!) ইত্যাদি। মাদাম বললেন, 'বেশ, আমি কী করতাম জানো? প্রথমেই ঢাকনা দিয়ে ঢেকে দিতাম'; আর বলেই ঢেকে দিলেন পাত্রটা।

আচ্ছা স্কুলের বরিষ্ঠ শিক্ষকেরা একেবারে নীচের ক্লাসে একটু পড়ান না কেন? দেখুন না চেষ্টা করে। এর জন্য একাধিক স্কুলের মধ্যে একটা মিলিত কর্মসূচী করলে তো ভালোই হয়। হয় না?

কত সহজে শেখানো যায় যে অনেক সংস্কার, আসলে সংস্কার নয়— কুসংস্কার তো নয়ই, বরং এর পিছনে একটা বৈজ্ঞানিক সুচেতনা থাকে। তবে মা-মাসীমা-দিদিমা-ঠাকুমারা বিশ্বাস হিসাবে চেতনায় এমনভাবে ঢুকিয়ে দিয়েছেন, যে এগুলো সংস্কারপ্রতিম হয়ে দাঁড়িয়েছে। তবে শিক্ষকদের উচিত এর বৈজ্ঞানিক দিকটা তুলে ধরা। নীচে আমরা কিছু উদাহরণ দিলাম। বৈজ্ঞানিক ব্যাখ্যা অনেক সময় স্বব্যাখ্যাত।

(১) অন্ধকারে খাওয়া মানা; খেলে নাকি পেত্নী সঙ্গে খায়।

(২) মাটিতে বসে প্রস্রাব করলে ব্রাহ্মণদের পৈতে কানে জড়াতে হয়; নয় তো মরলে ব্রহ্মদৈত্য হতে হয়।

(৩) মন্দিরে জুতো পায়ে ঢোকা বারণ।

(৪) খাওয়ার সময় (অর্থাৎ মুখে খাবার নিয়ে) কথা বলতে নেই। বোঝাই যাচ্ছে যে তখন বিষম খাওয়ার সম্ভাবনা থাকে।

(৫) মাসিকের (মেয়েদের) সময় পুজোর জোগাড় করতে নেই। ওই সময় উঁচু হয়ে বসাটা ঠিক নয়— বোঝাই যাচ্ছে।

(৬) বটি দাঁড় করিয়ে রাখতে নেই, শুইয়ে রাখতে হয়।

(৭) শাঁখ বাজাবার আগে তার মধ্যে জল ঢেলে নিতে হয়।

আরেকটা মস্ত ব্যাপার আছে। অতীতে, বিশেষ করে গ্রামাঞ্চলে অন্ধকারই ছিল একটা সমস্যা। এখনও আছে।— গর্ত, সাপখোপ, চোর-ছ্যাঁচোর প্রভৃতির কত উপদ্রব রাত্রিবেলায়! এর বিরুদ্ধে যে সাবধানতা নেওয়ার ন্যূনতম প্রয়োজন তা হচ্ছে বাতি সঙ্গে নিয়ে যাওয়া। এই সাবধানতাকে নিয়ম করার জন্যই ভূতের ভয় আমদানী করা হয়েছে। আর এই ভূতের ভয় ব্যাপারটা এমনভাবে দেশকালের গণ্ডীকে ছাপিয়ে গেছে যে এর সঙ্গে তুলনা করা চলে কচুরী পানার। একজন ভদ্রলোক নাকি লাটিন আমেরিকায় কচুরী পানা দেখে মুগ্ধ হয়ে তাঁর বাড়ির চৌবাচ্চায় ফুল ফুটিয়েছিলেন। আজ সারা দেশেই কচুরীপানা একটা বিরক্তিকর ও বিপজ্জনক উৎপাত।

গাছপূজা, পশু বিশেষের প্রতি পক্ষপাতিত্বও সংস্কারের মধ্যে পড়ে। বিড়াল ষষ্ঠীর বাহন, অতএব অবধ্য; কুকুর মহাপ্রস্থানের পথে পাণ্ডবদের পথপ্রদর্শক, অতএব ভালোবাসার জিনিস; ইঁদুর গণেশের বাহন; লক্ষ্মী প্যাঁচা শুভঙ্কর ইত্যাদি। এ হচ্ছে প্রকৃতির সঙ্গে সহযোগিতা ও মিথোজীবিতার প্রকাশ। আগেই বলেছি যে সংস্কার চিন্তাকে বিশ্রাম দেয়। তাই বিষয়টাকে বোধের মধ্যে ঢুকিয়ে ধর্মীয় স্তরে নিয়ে যাওয়া হয়েছে। শাস্ত্রের কথা 'আস্তম্ব ব্রহ্মপর্যন্তং জগৎ তৃপ্যতু' উক্তির মধ্যে এই বিশ্বাসের কথাই ধরা হয়েছে। শুধু আমাদের দেশে বা শাস্ত্রে নয়। বিশ্বের সর্বত্রই এই বিশ্বাসের আবহ তৈরি হয়েছে। এস্-টি-কোলরিজ্ যখন লেখেন ঃ 'He prayeth best who loveth best / All things both great and small, / For the dear god who made us / He made and loveth all." বা ওয়ার্ডস্ওয়ার্থ লেখেন ঃ "Turn turn thy hasty foot aside, / Nor cronshlhal helpless worm. / The little creature your wayward looks devide / Required a God to farm", তখনও কিন্তু সেই প্রকৃতি প্রেমের কথা, সর্বজীবে করুণার কথা, সর্বোপরি মানুষ— প্রকৃতির পারস্পরিক সহযোগিতার কথাই কিন্তু বলা হয়। রবীন্দ্রনাথ যখন শান্তিনিকেতনে বৃক্ষরোপণ ও বনমহোৎসবের সূচনা করেন, তখন অনেকে বক্রোক্তি করেছিলেন। কিন্তু আজকের পরিবেশ-সচেতনতার যুগে এর গুরুত্ব সহজেই অনুধাবনীয়। শিক্ষকদের উচিত ছাত্রদের দৃষ্টি এই দিকে আকর্ষণ করা। অনেক কাজ হয় এতে।

অভিভাবক-শিক্ষক সহযোগিতা

—সুরেশ চন্দ্র আচার্য্য (১৯৬৩—৬৪)

[স্বাধীন ভারতের শিক্ষাসংকটের পটভূমিকায় অভিভাবক-শিক্ষক সহযোগিতার সমস্যাটি লেখক বিশ্লেষণ করিয়াছেন। তাহার মতে বর্তমান নৈরাশ্যজনক পরিস্থিতির নিরসনকল্পে প্রয়োজন এই দুই পক্ষের সম্প্রীতিপুষ্ট ঘনিষ্ঠ সহযোগিতা। তিনি সহযোগিতা লাভের কার্যকরী উপায় নির্দিষ্ট করিয়াছেন ও সেই সঙ্গে প্রত্যাশিত সুফলের ইঙ্গিত করিয়াছেন। যুক্তিপূর্ণ, গঠনমূলক আলোচনার দ্বারা অভিভাবক-শিক্ষক সমস্যাটির একটি বাস্তবরূপ প্রদান করিয়াছেন।]

স্বাধীন ভারতের শিক্ষা সংকট

স্বাধীনতা লাভের সঙ্গে সঙ্গে ভারত তার গণতান্ত্রিক চেতনাদর্শটিকে সার্বিক ও সার্বজনীন ভাবে উপলব্ধি করার জন্য শিক্ষার দ্রুত সম্প্রসারণে মন দিল। পর পর তিনটি পাঁচশালা পরিকল্পনার মোট ব্যয়ের একটা বিরাট অংশ এই জন্যই ব্যয়িত হয়েছে। বিদ্যালয়ে ও বিদ্যার্থীর সংখ্যা প্রত্যাশিতভাবে বাড়লেও তার আসল প্রত্যাশার লক্ষ্য পথে কোথায় যেন একটা বিরাট ফাটল থেকে গেছে। কমিশনের পর কমিশন বসিয়েও তা কিছুতেই ভরাট করা যাচ্ছে না। চরম আশাবাদীর মনেও আজ তাই একটা সংশয় নৈরাশ্যের ছায়া এসে পড়েছে। শিক্ষক শিক্ষাবিদ কর্তৃপক্ষ ও অভিভাবক সকলেই এই নৈরাশ্যের অন্ধকারে একে অপরের দিকে অঙ্গুলি নির্দেশে দোষারোপ করছেন।

অভিভাবক

অভিভাবকের ভাবনায় রীতিমতো নৈরাশ্যের ঝড়। নিজেদের জীবনের অপূর্ণ প্রত্যাশা ও বিশ্বাসগুলোকে ছেলেমেয়ের সম্ভাবনার ভেতর সম্পূর্ণ করে পাবার প্রবণতা পিতামাতার মনে স্বাভাবিক ভাবেই শাশ্বত। পুত্র কন্যারা সমাজে দশজনের মধ্যে একজন হয়ে সুখী সমৃদ্ধ সম্মানিত জীবন যাপন করুক এ ইচ্ছা পিতামাতার মধ্যে ঐকান্তিক। কিন্তু বাস্তব প্রয়োগক্ষেত্রে তাঁদের সামথহীনতা, অজ্ঞতা ও বিচক্ষণ বাস্তব প্রচেষ্টার ত্রুটির জন্য তাঁদের সে ইচ্ছা পূর্ণ হয় না; ফলে তাঁরা অসহিষ্ণু হয়ে শিক্ষক, শিক্ষায়তন ও শিক্ষা পদ্ধতির উপর আক্ষেপে ফেটে পড়েন।

আধুনিক শিক্ষার প্রকৃতি ও লক্ষ্য সম্বন্ধে তাঁদের কোন সুস্পষ্ট ধারণা নেই। তাই তাঁদের মতে শিক্ষা আজ ব্যবসায়ী পণ্যে পরিণত হয়েছে। শিক্ষকেরা সেই পণ্যের বিপণিক। শিক্ষার সংগে তাঁদের আর্থিক ছাড়া কোন আত্মিক যোগ নেই — শিক্ষার্থীর সংগেও না। তাই শিক্ষার্থীরা বৎসরান্তে বিদ্যালয় থেকে নিয়ে আসে "পড়ো বিদ্যার একখানা নিদর্শনী ছাড়পত্র' এবং ভগ্নোদ্যম ক্ষীণ কণ্ঠে পুঞ্জীভূত অসন্তোষ। সুতরাং মানুষ কই? — সুস্থ, প্রকৃতিস্থ আশাবাদী কর্মী মানুষ? আর আমাদের গণতান্ত্রিক স্বপ্ন?

শিক্ষক

শিক্ষকেরাও নীরব নেই। তাঁরা দশটা চারটার সামান্য পরিসরের মধ্যে জাতি ও জীবনের সাধ্য ও সাধনার যে চিত্র-চরিত্র তুলে ধরে শিক্ষার্থীর ব্যক্তিত্ব ও চরিত্র গড়ে তোলার জন্য অভিজ্ঞতার সঞ্চার ঘটাবার চেষ্টা করলেন তা বিদ্যালয়ের বাইরের প্রতিকূল পরিবেশে বিপরীত অভিজ্ঞতার অভিঘাতে নষ্ট

হয়ে গেল। এর জন্য দায়ী কে? শিক্ষক? শিক্ষার্থী? না — গৃহাবেষ্টন ও অভিভাবক? কিংবা আমাদের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনের অস্থিরতা ও অসাম্য কি এর জন্য কম দায়ী? তাছাড়া যে পারিপার্শ্বিকের প্রতি মুহূর্তের অভিজ্ঞতা শিক্ষার্থীর মনের পর্দায় অলক্ষিত ভাবে ছাপ ফেলে যায় তার প্রভাব ও প্রতিক্রিয়া শিক্ষার্থীর জীবনে যেমন স্থায়ী তেমনি কার্য্যকরীও বটে। বিদ্যালয়ের প্রচেষ্টা তার তুল্য মূল্যে শুধু নিষ্প্রভ নয় অকিঞ্চিৎকরও বটে।

শিক্ষার্থী

অন্যদিকে অভিভাবক ও শিক্ষকের এই অপ্রীতিকর অবিশ্বাস ও দৃষ্টিভঙ্গির বৈপরীত্য নানা ভাবে ছাত্র সমাজকে সামঞ্জস্যহীন বিকৃত বুদ্ধির দিকে ঠেলে দিয়েছে। না অভিভাবক — না শিক্ষক কারও উপরই তার পূর্ণ আস্থা নেই। অথচ বিদ্যালয়ে শিক্ষক — গৃহাবেষ্টনে অভিভাবক; স্ব স্ব ক্ষেত্রে উভয় পক্ষই অপ্রতিহত শক্তির অধিকারী। অতএব বুদ্ধিমান ছাত্রছাত্রী মাত্রেই একের বিরুদ্ধে অন্যের বিরূপতাকে জাগিয়ে রেখে নিজের পথে নিশ্চিন্ত হয়ে চলতে স্বস্তি পায়।

অপর পক্ষে বর্তমান সমাজে শিক্ষকের বৃত্তি মর্য্যাদা উচ্চমানে প্রতিষ্ঠিত না হওয়ায় শিক্ষকের পরামর্শ শিক্ষার্থীর কাছে শ্রদ্ধেয় বা গ্রহণীয় না হয়ে সহজে উপেক্ষণীয় হয়ে রয়েছে।

শিক্ষাদান ক্ষেত্রে শিক্ষকের দুরূহ কর্তব্য ও নব শিক্ষা পদ্ধতি সম্পর্কে অজ্ঞতাকে বিজ্ঞতা বলে চালিয়ে দেওয়ায় উৎসাহে অনেক সময় অসাধু অসতর্ক মন্তব্য করে গৃহাবেষ্টনের বায়ুমণ্ডলকে দূষিত করে তোলেন অভিভাবকেরা। সেই বিযাক্ত বায়ু শিক্ষার্থীর প্রাণ বায়ুর সংগে বিমিশ্র হয়ে তার স্বাভাবিক শোষণ ক্ষমতাকে পঙ্গু করে দেয়। ফলে অনিচ্ছা ও আধা ইচ্ছায় সংগৃহীত অপরিণত ও অপূর্ণগঠিত অভিজ্ঞতা ও জ্ঞান শিক্ষার্থীর জীবন পথে কোন গতি প্রেরণা সঞ্চার না করে তাকে অহেতুক উচ্ছৃঙ্খলতার নৈরাজ্যের দিকে ঠেলে নিয়ে যায়।

কর্তৃপক্ষ

শিক্ষাকর্তৃপক্ষও দেশের প্রয়োজন ও প্রকৃতির সংগে সংগতি রক্ষা করে শিক্ষাক্ষেত্রে নানা বৈদেশিক সিদ্ধান্ত ও দৃষ্টান্তের উপর নির্ভর করে কোন একটা নির্দিষ্ট সামঞ্জস্যপূর্ণ পদ্ধতির উপর ভর করে এগুতে পারছেন না।

অন্যান্য দেশের অগ্রগতির সঙ্গে সমানে পা ফেলে এগিয়ে চলার উৎসাহে পরিকল্পনার মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে তাঁরা বৈচিত্র্য ও অভিনবত্ব আনবার চেষ্টায় তৎপরতা দেখালেও দেশ জোড়া অজ্ঞতার বাস্তব বিপুল চেহারাখানাকে তাঁরা কিছুতেই ছুঁতে পারছেন না। শিক্ষার সম্প্রসারণের জন্য বাধাগুলোকে দূর করার ক্ষেত্রে তাঁরা চরম ঔদাসীন্য দেখিয়ে থাকেন। তা না হলে আমাদের দেশের বিদ্যালয়গুলির নবায়ন ও উন্নয়নের ক্ষেত্রে সাধারণ অভিভাবকদের সহযোগিতাকে তাঁরা উপেক্ষা করবেন কেন? বিদ্যালয়গুলির পরিচালক মণ্ডলী শিক্ষক নিয়োগ এবং আর্থিক ব্যয় মঞ্জুর সংক্রান্ত বিষয় ব্যতীত অন্য কোন বিষয়ে অনাগ্রহী। অভিভাবকদের সুযোগ সুবিধা, পরামর্শ ও সহযোগিতা সম্বন্ধে তাঁদের কোন আকর্ষন নেই। অভিভাবকেরাও তাই বিদ্যালয়ের শ্রী-সমৃদ্ধি ও স্বার্থ সম্বন্ধে নিস্পৃহ। ফলে বিদ্যালয়গুলি সামন্ততান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হতে হতে গণতান্ত্রিক কল্যাণ আদর্শ থেকে দিনে দিনে ভ্রষ্ট হচ্ছে।

এই নৈরাজ্যনক নৈরাজ্য থেকে অব্যাহতি পাওয়ার জন্য একান্ত ভাবেই কাম্য অভিভাবক শিক্ষকের সম্প্রতিপুষ্ট ঘনিষ্ঠ সহযোগিতা।

আমাদের নব প্রবর্তিত আধুনিক শিক্ষা পদ্ধতির প্রকৃতি প্রয়োজন সম্বন্ধে অভিভাবকদের আগে শিক্ষা দেওয়া দরকার। কারণ আজও তাঁরা সনাতন শিক্ষা পদ্ধতির গতানুগতিক স্মৃতিটিকে শ্রদ্ধার সঙ্গে জড়িয়ে ধরে নবতর ব্যবস্থাকে গ্রহণ করতে নারাজ রয়েছেন অনেকে।

তাছাড়া বর্তমান শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীর অন্তর পুরুষটিকে যথার্থভাবে উদ্বুদ্ধ করে তুলতে হলে যে উদ্দীপক পরিবেশের সমাবেশ ঘটানো প্রয়োজন তা অভিভাবকের সক্রিয় সহযোগিতা ব্যতীত নিতান্তই অসম্ভব।

এইজন্য বিদ্যায়তনের আয়োজন প্রয়োজন ও উদ্দেশ্য-পদ্ধতি সম্বন্ধে অভিভাবকের ধারণা যেমন স্পষ্ট হওয়া দরকার তেমনি শিক্ষার্থীর বংশগতি ও পারিপার্শ্বিক প্রভাব সম্বন্ধে শিক্ষকের ধারণা যত নিখুঁত হবে শিক্ষাক্ষেত্রে ব্যক্তিত্বের বিকাশ ও চরিত্র গঠন তত অল্পায়াসসাধ্য ও কার্য্যকরী হবে।

এক কথায় আমাদের বিদ্যায়তন ও গৃহনিকেতনের পরিবেশগত ব্যবধান না ঘুচলে বৈজ্ঞানিক মনস্তাত্ত্বিক উপায় অবলম্বনেও আমাদের শিক্ষার উদিষ্ট লক্ষ্যে অগ্রগতি নেই। কিন্তু অভিভাবক ও শিক্ষকের পারস্পরিক প্রীতিপুষ্ট সহযোগিতার দ্বারা অচিরেই বিদ্যালয় ও গৃহ পরস্পর পরস্পরের সম্পূরক বা পরিপূরক হয়ে উঠতে পারে।

জাতিগত উন্নতির প্রেরণার চাইতে ব্যক্তিগত স্বার্থের উৎসাহ ও উন্মাদনা অনেক বেশী। সন্তান সন্ততির বর্তমান শিক্ষা ক্ষেত্রে এই ব্যক্তিগত স্বার্থটি কোথায় তা অভিভাবকদিগকে দেখিয়ে দিতে পারলে তাদের সহযোগিতা যে শুধু স্বঃতোৎসারিত হবে তাই নয় সর্ববিধ অনুকুল পরামর্শ ও সক্রিয় তৎপরতা নিয়ে তাঁরা অচিরেই শিক্ষকের সহযোগী অন্তরঙ্গ আত্মীয় হয়ে উঠতে পারেন।

তাছাড়া এই ধরণের সহযোগিতা সন্ধানী সংস্থা গড়ে তোলার পেছনেও একটা প্রয়োজনীয় বৈজ্ঞানিক ভিত্তি রয়েছে।

বৈজ্ঞানিক ভিত্তি

ভারতের বিভিন্ন স্থানে Educational and Psychological Research Bureau গুলির অভিমত জানা সম্ভব না হলেও বর্তমানে কলিকাতা ডেভিড হেয়ার ট্রেনিং কলেজের সংলগ্ন এই ধরণের একটি সংস্থার কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় কয়েকটি গুরুত্বপূর্ণ সমস্যার সংকেত পাওয়া গেছে। তাঁরা বিভিন্ন স্থানের অসংখ্য ছাত্রছাত্রীর শিক্ষা সমস্যার কারণ অনুসন্ধানে পরীক্ষা চালিয়ে এই সিদ্ধান্তে উপস্থিত হয়েছেন যে অভিভাবকদের অজ্ঞতা সমস্যার ও অসতর্কতা বিদ্যালয় ও গৃহাবেষ্টনের প্রতিবেশ গত বিরূপতা, অভিভাবক ও শিক্ষকের পারস্পরিক আস্থাহীনতা ও প্রতিকূলতা, শিক্ষকতা বৃত্তির সামাজিক ও নৈতিক মানের ন্যূনতা ও সাামাজিক ও অর্থনৈতিক বৈষম্য — অনেক উচ্চ সম্ভাবনাময় বুদ্ধিমান ছাত্রছাত্রীকে উন্মার্গগামী করে জড় বুদ্ধির অতলতায় নামিয়ে এনেছে। তাঁদরে বিশ্বাস এই ধরণের অসুবিধাগুলি অভিভাবক ও শিক্ষকের সহযোগিতায় দূর না হলে এবং অভিভাবকেরা আধুনিক শিক্ষায় শিক্ষিত না হলে শিক্ষা ক্ষেত্রে আমাদের কোন লক্ষ্যণীয় অগ্রগতি নেই।

এই সকল আশু প্রয়োজনের কথা মনে রেখেই অভিভাবক-শিক্ষক সহযোগী সংস্থার দ্রুত গঠন ও সম্প্রসারণ হওয়া দরকার। এই ধরণের সংস্থার বাস্তব রূপ আমেরিকা প্রভৃতি দেশে বিশেষ ভাবে জনপ্রিয়তা লাভ করলেও আমরা তাদের অন্ধভাবে অনুসরণ করতে গেলে ভুল করবো। কারণ সে সব দেশের সামাজিক ও অর্থনৈতিক পটভূমি কিংবা অভিভাবকদের চেষ্টা-চিন্তা-চরিত্র আমাদের দেশের অনুরূপ নয়।

তবে আমাদের দেশের সামাজিক ও অর্থনৈতিক অভ্যস্ত জীবন যাত্রার সংগে সংগতি রেখে আমরা একটা কর্ম পদ্ধতির পরিকল্পনা নিতে পারি।

একটি প্রস্তাব

বর্তমান সমস্যার গুরুত্ব ও তার আশু সমাধানের সংকল্পে আমরা অভিভাবক শিক্ষক নির্বিশেষে সকলেই যদি স্ব স্ব ক্ষেত্রে দায়িত্ব গ্রহণে উৎসাহিত হই তাহলে আমেরিকার Parent-Teacher Association এর অনুকল্প একটা কোন প্রাদেশিক সংস্থা আমরা অনায়াসেই গড়ে তুলতে পারি। এই সংস্থার সংগঠন, লক্ষ্য ও কার্য্য পদ্ধতি হবে সম্পূর্ণভাবে গণতান্ত্রিক।

সংগঠন

অভিভাবক, শিক্ষক, শিক্ষাবিদ ও কর্তৃপক্ষ এই চার শ্রেণীর সভ্য নিয়ে সংস্থার কার্য্যকরী সমিতি গঠিত হতে পারে। এই প্রাদেশিক সংস্থা আবার প্রত্যেকটি বিদ্যালয়কে কেন্দ্র করে এক একটি আঞ্চলিক সংস্থা গড়ে তুলবেন।

লক্ষ্য ঃ এই সংস্থার লক্ষ্য হবে প্রধানতঃ পাঁচটি ঃ —

(১) অভিভাবক ও শিক্ষকের মধ্যে পারস্পরিক প্রীতি ও সহযোগিতামূলক আস্থা ফিরিয়ে আনা।

(২) শিক্ষার ক্ষেত্রজ যে কোন সমস্যা সমাধানে উভয় পক্ষের সমসক্রিয় সহযোগিতাকে উৎসাহ দান।

(৩) আধুনিক শিক্ষার স্বরূপ প্রকৃতি সম্বন্ধে অভিভাবকদের ধারণা সৃষ্টি করা।

(৪) এই নবতর শিক্ষার বাস্তব রূপায়ণের জন্য প্রয়োজনীয় পরিবেশ রচনা করার জন্য উভয় পক্ষকে উৎসাহ দান।

(৫) সাম্প্রদায়িক ভেদবুদ্ধি, দলীয় স্বার্থান্বেষা এবং শ্রেণী ও বৃত্তিগত বিভেদ বুদ্ধির বিলোপ ঘটিয়ে উভয় পক্ষের দায়িত্ব ও কর্ত্তব্য পালনে দৃঢ়তা আনয়ন করা।

কর্ম পদ্ধতি

এই সংস্থার কার্যপদ্ধতি গ্রাম ও শহর ভেদে ভিন্ন ভিন্ন হওয়া দরকার। কারণ এই জাতীয় বৈপ্লবিক প্রচেষ্টা আমাদের দেশে যেমন নূতন তেমনি সহজে সকলের সমর্থন নাও পেতে পারে। তাছাড়া এর বাস্তব প্রয়োগ ক্ষেত্রে আমাদের কোন অতীত অভিজ্ঞতা না থাকায় সহজে আমরা নিরুৎসাহিত হয়ে পড়তে পারি। সুতরাং এই প্রচেষ্টাকে কার্যকরী করার জন্য দৃঢ় সংকল্প ও অটুট ধৈর্য রাখতে হবে।

শহরাঞ্চলে

শহরাঞ্চলে বিভিন্ন বিদ্যালয়ে বিভিন্ন সময়ে শিশু-দিবস, শিক্ষক-দিবস ইত্যাদি উপলক্ষ্যকে কেন্দ্র করে বর্তমান শিক্ষার লক্ষ্য, তার কাম্য কর্ম পদ্ধতি এবং সম্ভাব্য সমস্যা সম্বন্ধে সহজ সরল আলাচনার জন্য অভিভাবকদের সমাবেশ ঘটিয়ে তাঁদের মনে নব প্রতীতি ও নব পরিবেশ রচনার প্রেরণা সঞ্চার করা যায়।

একটি সাপ্তাহিক কিংবা মাসিক পত্রিকার মাধ্যমে শিক্ষা সংক্রান্ত নানা সমস্যার পর্য্যালোচনা ও শিক্ষাকেন্দ্রিক গণচেতনা গড়ে তুলে শিক্ষা সংক্রান্ত জনমতকে সহজে গড়ে তোলা যায়। প্রদর্শনী-মেলা প্রভৃতির মাধ্যমেও এই জাতীয় প্রচেষ্টা কার্য্যকরী হতে পারে।

গ্রামাঞ্চলে

এই জাতীয় প্রচার কার্য্য সুদূর গ্রামাঞ্চলেই বিশেষভাবে সম্প্রসারিত হওয়া দরকার। কিন্তু গ্রামাঞ্চলের জনসমাবেশকে আকর্ষণীয় করে তোলার জন্য অনুষঙ্গ হিসাবে কিছু চিত্তবিনোদনকারী অনুষ্ঠান থাকা প্রয়োজন। বিভিন্ন দেশের শিক্ষা পদ্ধতি, শিক্ষার ক্ষেত্রজ সমস্যাবলী এবং তা দূরীকরণের উপায় প্রভৃতি শিক্ষা সংক্রান্ত নানা বিষয়ের তথ্য চিত্র কিংবা সহজ সরলভাবে লিখিত নাটিকা ছাত্রছাত্রীদের দ্বারা অভিনীত হলে সাধারণ অভিভাবকেরা বেশ উৎসাহিত হতে পারেন।

গ্রামাঞ্চলের প্রত্যেখটি বিদ্যালয়ের একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষকে সান্ধ্য বৈঠক বা নাইট ক্লাব হিসাবে ব্যবহার করা যেতে পারে। সেখানে ঘরোয়া বৈঠকী আলোচনা ও বিশুদ্ধ আমোদ প্রমোদের মাধ্যমে শিক্ষা সংক্রান্ত নানা প্রকার আলোচনা চালানো যায়। এক অঞ্চলের বিদ্যোৎসাহী শিক্ষক অভিভাবক সম্মিলিতভাবে এ কাজে সহযোগী হতে পারেন। এর ফলে ব্যক্তিগত অন্তর পরিচয়ে পরিচিত হয়ে অভিভাবক ও শিক্ষকের মধ্যে যেমন পারস্পরিক সম্প্রীতি ও সহানুভূতি গড়ে ওঠা সম্ভব তেমনি সাধারণ অশিক্ষিত অভিভাবকদের সংকীর্ণ চেতনা সঞ্জাত সংকোচ ও শিক্ষকের আত্মাভিমান ও স্বাতন্ত্র্য বোধের বিলুপ্তিতে উভয়ে উভয়ের কাছে সমচেতনায় স্পষ্ট হয়ে উঠতে পারেন।

বেতারসূচীর সান্ধ্য অধিবেশনে একটি বিশেষ অনুষ্ঠান সূচীর সংযোজনায় শিক্ষা সংক্রান্ত নানা সমস্যার পর্য্যালোচনা ও তার সমাধানের জন এই সকল পল্লী আলোচনা চক্রের পরামর্শ আহ্বান করে বেতার যোগে অভিমতগুলি বিশেষ বিশেষ দিনে স্বনামে প্রচারিত হলে সাধারণ অশিক্ষিত অভিভাবকেরাও বিশেষ উৎসাহিত হয়ে বিদ্যালয়গুলির পুনর্গঠনে বিশিষ্ঠ ভূমিকা গ্রহণ করতে পারেন। এক কথায় দেশ জোড়া অশিক্ষার অন্ধকারকে অপসারিত করতে হলে এই সকল অগণিত অশিক্ষিত ও অধশিক্ষিত অভিভাবকদের আগে শিক্ষা দিতে হবে। আর এই শিক্ষা দান ব্যাপারে শিক্ষকদের যেমন তৎপর হওয়া দরকার তেমনি Social Education Department গুলির তৎপরতা নিতান্ত ভাবেই কাম্য।

বিদ্যালয়ে

কিন্তু যে সকল বিদ্যালয়ের দৈনন্দিন কার্য্য পদ্ধতিতে অভিভাবকদের সাক্ষাৎ সহযোগিতা পাওয়া সম্ভব নয় সেই সকল ক্ষেত্রে বিদ্যালয়গুলিতে একটি যোগাযোগ বিভাগ (Co-ordination Department) খোলা যেতে পারে। ভারপ্রাপ্ত কোন উৎসাহী শিক্ষকের সহযোগিতা এই বিভাগ ব্যক্তিগতভাবে ছাত্রছাত্রীদের বিশেষ বিশেষ সমস্যা সম্পর্কে ডাকযোগে সংশ্লিষ্ট অভিভাবকদের পরামর্শ ও সহযোগিতা আকর্যণ করতে পারেন।

